আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৮ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৮ ॥ সংখ্যা ৩৩ ॥ সোমবার ॥ বৈশাখ ৩০ ॥ ১৪৩১ ॥ জ্বিলক্বদ ০৫ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 33 ॥ May 13 ॥ 2024 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

এক লাফে ডলারের দাম বাড়লো ৭ টাকা


ঢাকা ডেস্ক: ডলারের দাম বাড়িয়ে নতুন দাম নির্ধারণ করেছে বাংলাদেশ ব্যাংক। এতে এক লাফে ডলারের দাম বেড়েছে ৭ টাকা। 'ক্রলিং পেগ' নামের নতুন পদ্ধতিতে ডলার কেনাবেচার (বাকি অংশ ০৪ পাতায়)



যুক্তরাষ্ট্রে বাংলাদেশী কমিউনিটির গৌরব

ফেডারেল জাজ হলেন নুসরাত চৌধুরী

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশী বংশোদ্ভুত নুসরাত জাহান চৌধুরী নিউইয়র্ক ইস্টার্ন ডিষ্ট্রিক-এর ফেডারেল জাজ হিসেবে শপথ নিয়েছেন। যুক্তরাষ্ট্রে এই পদে তিনি প্রথম বাংলাদেশী-আমেরিকান, প্রথম মুসলিম নারী এবং দ্বিতীয় মুসলিম আমেরিকান হিসেবে যিনি এই পদে অধিষ্ঠিত হলেন। শুক্রবার (১০ মে) এক অনাড়ম্বর অনুষ্ঠানে তিনি শপথ নেন। তাকে মনোনয়ন দেয়ার মধ্য দিয়ে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগে বৈচিত্র আনা'র ক্ষেত্রে প্রেসিডেন্ট বাইডেনের লক্ষ্য বাস্তবায়িত হলো। এদিকে তার শপথ অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র সিনেটের মেজরিটি লীডার চাক শুমার বলেন- 'একজন নিউইয়র্ক ইস্টার্ন ডিষ্ট্রিক-এর ফেডারেল জাজ হিসেবে নুসরাত চৌধুরীকে শপথ নিতে সাহায্য করতে পেরে আমি খুবই সম্মানিত! তিনি একজন আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়ন-এর আইনি পরিচালক ছিলেন। ফেডারেল জাজ হিসাবে প্রেসিডেন্ট জো বাইডেনের কাছে তাঁর জন্য আমি তাকে সুপারিশ করতে পেরে গর্বিত।' নবনিযুক্ত ফেডারেল জাজ নুসরাত চৌধুরী ১৯৭৬ সালে ইলিনয়ে জন্মগ্রহণ করেন। তার পৈত্রিক বাড়ী ফেনী জেলার (বাকি অংশ ০৮ পাতায়)



নাগরিকত্ব সনদ ছাড়াই

বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশীরা এনআইডি করতে পারবে

বাংলা পত্রিকা ডেস্ক: এখন থেকে বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী কোনো নাগরিকের বাংলাদেশে এনআইডি করতে দ্বৈত নাগরিকত্ব সনদ লাগবে না। প্রবাসীদের এনআইডি সেবা দিতে মাঠ কর্মকর্তাদের ৮টি নির্দেশনা দিয়েছে নির্বাচন কমিশনের অধীন জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ। ঢাকা থেকে প্রাপ্ত খবরে এই তথ্য জানা গেছে। সম্প্রতি এনআইডি শাখা জানিয়েছে, প্রবাসে বসবাসকারী বাংলাদেশী নাগরিকদের জাতীয় পরিচয় নিবন্ধন ও ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি কার্যক্রম (বাকি অংশ ০৪ পাতায়)

উইন রোজারিও হত্যার বিচার দাবিতে সিটি হলের সামনে প্রেস কনফারেন্স

দুই পুলিশের বিচার দাবী



বিশেষ প্রতনিধি: নিউইয়র্কের ওজনপার্কে পুলিশের গুলিতে নিহত বাংলাদেশী উইন রোজারিও হত্যার বিচারের দাবিতে সিটি হলের সামনে প্রেস কনফারেন্স করেছে ড্রাম ও জাস্টিস কমিটি। এসময় জনপ্রতিনিধি সহ ড্রাম কর্মকর্তা এবং রেজারিও'র মা-বাবা ও ছোট ভাইও বক্তব্য রাখেন। তারা অবিলম্বে রোজারিও হত্যার বিচার দাবীর পাশাপাশি তদন্ত সাপেক্ষে সংশ্লিস্ট পুলিশ অফিসারেরও বিচার দাবী করেন। এসময় বাংলাদেশী সহ বিভিন্ন কমিউনিটি নেতৃবৃন্দ ও অ্যাক্টিভিষ্টরা তাদের দাবী-দাওয়া সম্বলিত প্লাকার্ড ও ব্যানার নিয়ে উপস্থিত ছিলেন। উল্লেখ্য, পরিবারের অভিযোগ রোজারিও ছিলো (বাকি অংশ ০৮ পাতায়)

আমেরিকা প্রবাসী মিয়া আরেফির জামিন বাতিল



ঢাকা ডেস্ক: প্রেসিডেন্ট জো বাইডেনের কথিত উপদেষ্টা জাহিদুল ইসলাম ওরফে মিয়া আরেফির জামিন মেলেনি হাইকোর্টে। তবে তাকে কেন জামিন দেওয়া হবে না এ মর্মে রুল জারি করা হয়েছে। রোববার এ বিষয়ে এক আবেদনের শুনানি করে (বাকি অংশ ১২ পাতায়)

যুক্তরাষ্ট্র-ইসরায়েল সম্পর্কে ফাটল

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মৈত্রী বহুদিনের। গাজায় গত অক্টোবর থেকে চলমান ইসরায়েলের হামলায় সমর্থন দিয়ে এসেছেন প্রেসিডেন্ট জো বাইডেন। দিয়েছেন অস্ত্র-সামরিক সরঞ্জাম। তবে গাজার রাফা এলাকায় ইসরায়েলের হামলা চালানোর পরিকল্পনার পর থেকে কিছুটা যেন বেঁকে বসেছেন বাইডেন। দেশি-বিদেশি চাপের মধ্যে ইসরায়েলে অস্ত্রের একটি চালানও স্থগিত করেছেন। বাইডেনের এ সিদ্ধান্তের মধ্য দিয়ে দুই দেশের দীর্ঘদিনের সম্পর্কে ফাটল সামনে এসেছে (বাকি অংশ ১০ পাতায়)

সাবেক মন্ত্রীর চার ছেলের দেশত্যাগে নিষেধাজ্ঞা

ঢাকা ডেস্ক: সাবেক প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসির) চার ছেলের দেশত্যাগে (বাকি অংশ ১২ পাতায়)

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ক্যাজিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আইআরএস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদা আলী, সিপিএ
Tel: 929-371-9915 : info@ahadandco.com
2153 Westchester Ave. Suite 200, Bronbx, NY 10462
47-01 Vandam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

www.banglapatrikausa.com

INTERNATIONAL HEALTH TOURISM CONFERENCE 2024
DALLAS, USA

Saturday
2nd Nov, 2024

VENUE

The Westin Irving Convention Center at Las Colinas



Dr. HIM Sokrey
Deputy Director
Department of International Cooperation
Phnom Penh, Combodia.



Dr. Ros Salam
Technical Manager
CAMBODIA KUWAIT HOSPITAL
Phnom Penh, Combodia.



Rafiqul Islam, P.E.
President & CEO
VENTURE ENGINEERS BUILDERS
Dallas, USA



Dr. Ritesh Mongha
Director & senior Consultant
Urology & Renal Transplant
METRO HEART INSTITUTE
Faridabad, India



Dr. Yuvraj Kumar
Chairman
CENTER OF EXCELLENCE ROBOTIC
KNEE SURGERY & SUPORTS INJURY
Faridabad, India



Dr. Mrinal Sharma
HOD Orthopaedics & Joint
Replacement
AMRITA HOSPITAL
Faridabad, India



Dr. Pragnesh Bharpoda
Renal Transplant and Robotic Surgeon
GUJARAT SUPERSPECIALITY HOSPITAL
Vadodara, India



Renu Tyagi
Group Head International Business
Marengo Asia Hospital
Ahmedabad, India.



Dr. Sharmin Alam Shoury
Post Doctoral Reearch Scientist
Depart of Surgical Science
COLUMBIA UNIVERSITY
New York, USA



Professor Dr. Mamun Al Mahtab (Shwapnil)

Head, Interventional Hepatology Diviision
Bangabandhu Sheikh Mujib Medical University
Dhaka, Bangladesh



Dr. Md Abul Fazal
Director
Shere-Bangla Medical College Hospital
Dhaka, Bangladesh



Dr. Kawsar Ahmed
CEO
DMT GLOBAL INC
New York, USA



Mrs. Neha Pandey
Director
International Business Development
Asian Hospital
Faridabad, India



Dr. Hasan Mahmud
CEO
GLOBAL MEDI SOLUTION
Dhaka, Bangladesh



Mohammad Zahid Hossain
Sr. Legal Consultant (Immigration)
LLM, USA

Organised by
DMT Global Inc

DMT GLOBAL
Est. 2012

Contact Us

New York Office:
72-30, Broadway, 2nd Floor, Jackson Heights, New York, USA
Dallas Office:
800 West Air Port Freeway, Suite 31, 11th Floor, Irving, TX 75062

New York: +19173964180, +16465257485
Dallas: +9729354750, +6465257485
dmt.global.usa@gmail.com
www.dmtglobalinc.com



টাইমস স্কোয়ারে লাল-সুবজ শাড়িতে নেচে গেয়ে বাংলাদেশকে উপস্থাপন

বিশেষ প্রতিনিধি: যুক্তরাজ্যের পর এবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অনুষ্ঠিত হলো বাংলাদেশের ঐতিহ্যবাহী শাড়ী প্রদর্শনী। এতে বিপুল সংখ্যক নারী রং বে রং এর বাহারী শাড়ি পড়ে তা র‍্যালিতে অংশ নেন এবং নেচে-গেয়ে বাংলাদেশকে উপস্থাপন করেন। আয়োজকদের দাবী নিউইয়র্কেও ম্যানহাটানাস্থ বিশ্বখ্যাত টাইমস স্কয়ারে 'শাড়ি গোজ গ্লোবাল' (Sharee Goes Global) অনুষ্ঠানে অংশ নেন বাঙালীসহ ৫ শতাধিক নারী। বিশ্বব্যাপী শাড়িকে সংস্কৃতি এবং ঐতিহ্য'র একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে পরিচিত করা, নারীর ক্ষমতায়ন এবং তাঁত শিল্পকে বাঁচিয়ে রাখার লক্ষ্যে শনিবার (৪ মে) এই উদ্যোগ গ্রহণ করে 'ব্রিটিশ ওইমেন ইন শাড়িজ' নামে যুক্তরাষ্ট্রের একটি সংগঠন। পাশাপাশি পৃথিবীর নানা প্রান্তে বেড়ে উঠা নতুন প্রজন্ম যেন ঐতিহ্যবাহী শাড়িকে তাদের জীবনের অংশ হিসেবে গ্রহণ করে- এটিও এই আয়োজনের অন্যতম লক্ষ্য।

জানা যায়, যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঞ্চলে শাড়ি পরিহিত নারীদের নিয়ে অনুষ্ঠানের পর বিশ্বব্যাপী এর প্রচারের লক্ষ্যে ডা. রিতা কাকটি-শাহ পরিচালিত নিউইয়র্কের সংগঠন 'উমা'কে সাথে নিয়ে এবারই প্রথম নিউইয়র্কে 'শাড়ী প্রদর্শনী'র আয়োজন করা হয়। নিউইয়র্ক তথা যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশী ছাড়াও ভারত, নেপাল, উগান্ডা, ত্রিনিদাদ, যুক্তরাষ্ট্র সহ অনেক দেশের নারীরা এই আয়োজনে অংশগ্রহণ করে।

নাজনীন হোসেইন ও ড. সুবর্ণা খানের নেতৃত্বে যুক্তরাষ্ট্রের বিভিন্নরাজ্য এবং যুক্তরাষ্ট্র থেকে আগত শতাধিক নারীর সমন্বয়ে বাংলাদেশ দল লাল-সুবজের সাজে, দেশীয় শাড়ি পরে, নেচে গেয়ে তারা বিশ্বের দরবারে বাংলাদেশকে তুলে ধরেন। অলিম্পিক প্যারেডের আদলে পতাকা হাতে বিভিন্ন দেশ ঢোলের তালে তালে টাইমস স্কোয়ারের একটি অংশ প্রদক্ষিণ করে।

বাংলাদেশ দলের পক্ষে রুবিনা আজিজ ও তাহেরা কবির প্ল্যাকার্ডের মাধ্যমে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের শাড়ির পরিচিতি তুলে ধরেন। যেমন ঢাকাই জামদানি ও মসলিন, রাজশাহী সিল্ক, মিরপুর কাতান, নকশি কাঁথা, তাঁত/মি-নপুরী। প্যারেড শেষে সকল দেশ একের পর এক নৃত্য পরিবেশন করে। 'চলো বাংলাদেশ' গানের সাথে বাংলাদেশ দলের নৃত্য পরিবেশনা ভূয়সী প্রশংসা অর্জন করে।





গাজা যুদ্ধ বন্ধে বাইডেন কেন এতটা মরিয়া

॥ জনাথন ফ্রিডল্যান্ড ॥

নভেম্বরের নির্বাচনে দ্বিতীয় দফায় নির্বাচিত হবেন কি না, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের সেই উদ্বেগ একেবারে প্রান্তে এসে পৌঁছেছে। জো বাইডেনের পরামর্শ বারবার উপেক্ষা করে আসছিলেন বেনিয়ামিন নেতানিয়াহু। এই উপেক্ষার মূল্য কী হতে পারে, এই সপ্তাহে ইসরায়েল সেটা দেখতে পেল।

বাইডেন প্রশাসন ইসরায়েলের ৩ হাজার ৫০০ বোমার চালান আটকে দিয়েছে। এই অস্ত্র ইসরায়েল গাজার দক্ষিণের শহর রাফা আক্রমণে ব্যবহার করবে, সেই বিবেচনায় অস্ত্রের চালানটি বন্ধ করে দেওয়া হয়। রাফায় এখন ১০ লাখের বেশি শরণার্থীর আশ্রয়শিবির।

ইসরায়েলের প্রতি জো বাইডেন তাঁর 'লৌহদৃঢ়' সমর্থন থেকে সরে আসছেন না। কিন্তু ইসরায়েল রাফা হামলার জন্য যে হুমকি দিয়ে চলেছে, সেটা সফল করতে অস্ত্র দিয়ে সহায়তা করবেন না। সিএনএনকে বাইডেন বলেছেন, 'ইসরায়েলের নিরাপত্তা দেওয়া থেকে আমরা সরে আসছি না। অন্যখানে যুদ্ধ করার সক্ষমতা তৈরির পথ থেকে সরে আসছি আমরা।'

যুক্তরাষ্ট্র ইসরায়েলের সবচেয়ে গুরুত্বপূর্ণ মিত্র। ইসরায়েলের সাবেক প্রধানমন্ত্রী আইজাক রবিন বলতেন, তাঁর দেশের ১ নম্বর কৌশলগত সম্পদ এই সব অস্ত্র, এমনকি পারমাণবিক অস্ত্র নয়; বরং ওয়াশিংটনের সঙ্গে তাদের সম্পর্ক। দশকের পর দশক ধরে যুক্তরাষ্ট্র ইসরায়েলের সবচেয়ে বড় অস্ত্রের জোগানদাতা ও কূটনৈতিক অভিভাবক।

কিন্তু মাত্র ছয় সপ্তাহের ব্যবধানে ওয়াশিংটন এমন দুটি পদক্ষেপ নিল, যা পুরোপুরি ইসরায়েলের বিরুদ্ধে গেল। গত মার্চ মাসে নিরাপত্তা পরিষদে যুদ্ধবিরতি প্রস্তাবে ভেটো দেওয়া থেকে বিরত থাকে যুক্তরাষ্ট্র। ফলে ইসরায়েল প্রস্তাবটি আটকে দিতে চাইলেও ব্যর্থ হয়। আর এখন তো ওয়াশিংটন অস্ত্রের চালান আটকে দিল। এর থেকেও বড় বিষয় হলো, এই সিদ্ধান্তগুলো এমন একজন রাজনীতিবিদ নিয়েছেন, যিনি ব্যক্তিগতভাবে ইসরায়েলের খুব নিবেদিতপ্রাণ সমর্থক। বাইডেন সেই যুগের একজন ডেমোক্র্যাট, যখন দুই সহস্রাব্দের নির্বাসন ও শাস্তির পর মধ্যপ্রাচ্যে ইহুদিদের আদি বাড়ি প্রতিষ্ঠার বিষয়টি গতি পেতে শুরু করেছে। অথচ যুক্তরাষ্ট্রের উদারপন্থীদের চোখ তখন রহস্যজনকভাবে বন্ধ ছিল।

গোল্ডা মেয়ার থেকে শুরু করে ইসরায়েলের প্রত্যেক প্রধানমন্ত্রীর সঙ্গে বাইডেন দেখা-সাক্ষাৎ হয়েছে। ইসরায়েলের প্রতি বাইডেনের টান বাড়ার ক্ষেত্রে এর একটার ভূমিকা আছে। পূর্বতন প্রেসিডেন্টদের মতো বাইডেনের ইসরায়েলের প্রতি ভ্রাতৃত্ববোধ শুধু নির্বাচনী হিসাব-নিকাশের বিষয় নয়।

গাজা নিয়ে কোনো চুক্তি হচ্ছে না। কেননা, নেতানিয়াহু কিংবা সিনাওয়ারা কেউই বিশ্বাস করেন না, চুক্তি করলে তাঁদের স্বার্থ রক্ষিত হয়। যেমনটা যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাবেক কর্মকর্তা অ্যারন ডেভিড মিলার বলেছেন, 'এই সংঘাত বন্ধে একটি পক্ষেরই কেবল সত্যিকারের তাড়া আছে, সেই পক্ষটি হলেন জো বাইডেন।'

বেশি সময়ের মধ্যে বাইডেনই প্রথম প্রেসিডেন্ট যিনি ইসরায়েলকে সামরিক সহায়তা দেওয়া বন্ধ করলেন। (১৯৮২ সালে ইসরায়েলের লেবানন অভিযানের সময় রোনাল্ড রিগ্যান যুদ্ধবিমান দিতে বিলম্ব করেছিলেন।) বাইডেন কেন এটা করলেন? কারণ, নেতানিয়াহু যুক্তরাষ্ট্রের একটি অংশের জনগোষ্ঠীর মধ্যে এমন তিক্ততা তৈরি করেছেন, যেটা আগে দেখা যায়নি।

যুক্তরাষ্ট্র ইসরায়েলের সবচেয়ে গুরুত্বপূর্ণ মিত্র। ইসরায়েলের সাবেক প্রধানমন্ত্রী আইজাক রবিন বলতেন, তাঁর দেশের ১ নম্বর কৌশলগত সম্পদ এই সব অস্ত্র, এমনকি পারমাণবিক অস্ত্র নয়; বরং ওয়াশিংটনের সঙ্গে তাদের সম্পর্ক। দশকের পর দশক ধরে যুক্তরাষ্ট্র ইসরায়েলের সবচেয়ে বড় অস্ত্রের জোগানদাতা ও কূটনৈতিক অভিভাবক।

অন্যদিকে ১৯৮০-এর দশকে নেতানিয়াহু প্রথম আলোচনার পাদপ্রদীপে উঠে আসেন। তিনি এমন একজন কূটনীতিক, যিনি আমেরিকানদের সঙ্গে সাবলীলভাবে কথা বলতেন। সে সময় থেকেই তিনি নিজেকে যুক্তরাষ্ট্রের রাজনীতির একজন বিশেষজ্ঞ হিসেবে দাঁড় করান। ইসরায়েলের একজন হবু নেতার জন্য এই দক্ষতা ছিল গুরুত্বপূর্ণ।

কয়েক দশক ধরে বেনিয়ামিন নেতানিয়াহু তাঁর ভোটারদের এই বার্তা দিয়ে আসছেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মধ্যকার সব ধরনের গুরুত্বপূর্ণ সম্পর্কের ক্ষেত্রে তিনিই একমাত্র বিশ্বাসযোগ্য ব্যক্তি।

কিন্তু বাস্তব অবস্থাটা এখন কী দাঁড়াল? চার দশকের ইসরায়েলের প্রতি যে যুক্তরাষ্ট্রের সমাজের নিরেট সমর্থন, তাতে যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যেভাবে ছাত্র আন্দোলন আছড়ে পড়েছে, সেটা বিস্ময়করই। আন্তর্জাতিক জরিপ সংস্থা গ্যালাপের মার্চ মাসের জরিপ বলছে, ৫১ শতাংশ ইসরায়েলের পক্ষে সমর্থন দিয়েছে, ২৭ শতাংশ সমর্থন দিয়েছে ফিলিস্তিনের পক্ষে। কিন্তু ডেমোক্র্যাট ও তরুণ জনগোষ্ঠী–দুই ক্ষেত্রেই ফিলিস্তিনিদের পক্ষে সমর্থন অনেকটাই বেড়েছে।

জরিপের এই তথ্য বাইডেন ও তাঁর নির্বাচনী প্রচারণা দলকে চিন্তার মধ্যে ফেলেছে। এই অংশের দ্ব্যর্থহীন সমর্থনই ২০২০ সালের নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পকে পরাজিত করতে ভূমিকা রেখেছিল। গাজাবাসীর দুর্ভোগ সেই ভোটারদের সমর্থন অনিশ্চিত করে তুলেছে। হোয়াইট হাউস নেতানিয়াহুর কাছে পরিকল্পনা চেয়েছিলেন, বেসামরিক জনসাধারণকে হতাহত না করে কীভাবে রাফায় অভিযান করতে পারে ইসরায়েল। কিন্তু নেতানিয়াহু সেই পরিকল্পনা দিতে ব্যর্থ হয়েছে। সেই কারণে ইসরায়েলকে থামানোর জন্য অস্ত্রের চালান আটকে দেওয়ার সরাসরি পথ বেছে নিয়েছে ওয়াশিংটন। রাফা বাইডেনের জন্য শক্তি পরীক্ষার জায়গাও হয়ে উঠেছে। বাইডেন রাফাকে বিপদরেখা হিসেবে দাঁড় করিয়েছেন। নেতানিয়াহু যদি সেই বিপদরেখা অতিক্রম করেন, তাহলে বাইডেন দুর্বল হিসেবে চিহ্নিত হবেন।

কিন্তু নেতানিয়াহু এখন পর্যন্ত রণেভঙ্গ দিতে অস্বীকার করেছেন। ইসরায়েলের স্বাধীনতা আন্দোলনকে সামনে রেখে জনগণের উদ্দেশে দেওয়া ভাষণে বলেন, 'যুক্তরাষ্ট্রের অস্ত্র ছাড়া আমরা একাই লড়ে যাব। প্রয়োজনে আমরা আমাদের নখ দিয়ে যুদ্ধ চালিয়ে যাব।' নেতানিয়াহু চার্চিলের মতো আওয়াজ তুলতে চাইছেন। কিন্তু তাঁর কথাগুলো দুর্বলের কণ্ঠস্বর, সবলের নয়। ওয়াশিংটন চায়, নেতানিয়াহু যেন রাফা অভিযান থেকে সরে আসেন। কিন্তু জোট সরকারের অতি ডানপন্থী মিত্ররা তাঁকে আরও কঠোর হতে বলছেন, রাফা অভিযানের মাধ্যমে হামাসের বিরুদ্ধে পুরোপুরি বিজয়ের জন্য বলছেন।

এই নিরানন্দ নাটকে বাইডেন ও নেতানিয়াহুই কেবল কুশীলব নন; হামাস নেতা ইয়াহিয়া সিনাওয়ারেরও নিজস্ব হিসাব-নিকাশ আছে, নেতা হিসেবে টিকে থাকার সংকল্প রয়েছে। খুব ঘনিষ্ঠভাবে যাঁরা সিনাওয়ারকেও পাঠ করেছেন তাঁরা বিশ্বাস করেন, নির্দোষ মানুষের জীবন রক্ষা করা তাঁর অগ্রাধিকার নয়; বরং যত বেশি গাজাবাসী নিহত হবেন, আন্তর্জাতিক পরিসরে তাঁর শত্রু ইসরায়েলে অবস্থান ততই ক্ষতিগ্রস্ত হবে। সেই পরিস্থিতি তাঁকে বিজয়ী দাবি করতে সহায়তা করবে। সম্প্রতি হামাস যুদ্ধবিরতি চুক্তি মেনে নেওয়ার ঘোষণার পেছনে সিনাওয়ারের এই ভাবনায় কাজ করেছে।

সিনাওয়ারা সাময়িক কোনো যুদ্ধবিরতি (তাতে অনেক মানুষের প্রাণরক্ষা হয়, দুর্ভোগ কমে) চান না, তিনি চান স্থায়ী যুদ্ধবিরতি। আর তার জন্য সিনাওয়ারা অপেক্ষা করতেও রাজি।

গাজা নিয়ে কোনো চুক্তি হচ্ছে না। কেননা, নেতানিয়াহু কিংবা সিনাওয়ারা কেউই বিশ্বাস করেন না, চুক্তি করলে তাঁদের স্বার্থ রক্ষিত হয়। যেমনটা যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাবেক কর্মকর্তা অ্যারন ডেভিড মিলার বলেছেন, 'এই সংঘাত বন্ধে একটি পক্ষেরই কেবল সত্যিকারের তাড়া আছে, সেই পক্ষটি হলেন জো বাইডেন।'

লেখক: গার্ডিয়ানের কলাম লেখক

গার্ডিয়ান থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্তাকারে অনূদিত



এক লাফে ডলারের দাম বাড়লো ৭ টাকা

(প্রথম পাতার পর)

নিয়ম চালু করায় এর দাম বেড়েছে। বুধবার (৮ মে) এক প্রজ্ঞাপনের মাধ্যমে কেন্দ্রীয় ব্যাংক ডলারের নতুন এই দাম ঘোষণা করেছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, এখন থেকে ক্রলিং পেগ নামের নতুন পদ্ধতিতে ডলার কেনাবেচা হবে। এই পদ্ধতিতে ডলারের মধ্যম রেট নির্ধারণ করা হয়েছে ১১৭ টাকা।

ক্রলিং পেগ হচ্ছে দেশীয় মুদ্রার সঙ্গে বৈদেশিক মুদ্রার বিনিময় হার সমন্বয়ের একটি পদ্ধতি। এই পদ্ধতিতে একটি মুদ্রার বিনিময় হারকে একটি নির্দিষ্ট সীমার মধ্যে ওঠানামা করার অনুমতি দেওয়া হয়। এক্ষেত্রে মুদ্রার দরের সর্বোচ্চ এবং সর্বনিম্ন সীমা নির্ধারণ করা থাকে। ফলে একবারেই খুব বেশি বাড়তে পারবে না, আবার কমতেও পারবে না।

উল্লেখ্য, ২০২২ সালের মাঝামাঝি সময় থেকে ডলারের বিপরীতে টাকার অবমূল্যায়ন হচ্ছে, প্রাথমিকভাবে ব্যালেন্স অব পেমেন্টের ঘাটতির কারণে রিজার্ভ কমে গেছে। এছাড়া আমদানি ব্যয় বৃদ্ধি পাওয়ায় দেশের মূল্যস্ফীতি বেড়েছে।

বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশীরা এনআইডি

(প্রথম পাতার পর)

সহজ করতে ও মাঠ পর্যায়ে সব অফিস থেকে বিড়ম্বনামুক্ত সেবা নিশ্চিত করতে লক্ষ্যে নির্বাচন কমিশন কয়েকটি নির্দেশনা দিয়েছে। এর মধ্যে অন্যতম হলো, যেসব ব্যক্তি বাংলাদেশের নাগরিক তাদের জাতীয় পরিচয় নিবন্ধন ও ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির ক্ষেত্রে দ্বৈত নাগরিকত্ব সনদ দাখিলের প্রয়োজন নেই। কোনো বাংলদেশি প্রবাসী অন্য কোনো দেশের নাগরিকত্ব গ্রহণের পাশাপাশি দ্বৈত নাগরিকত্ব সনদ গ্রহণ করে থাকেন, তাকেও জাতীয় পরিচয় প্রদান ও ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করাসহ আরো অনেকগুলো নির্দেশনা প্রকাশ করেছে এনআইডি শাখা।

এব্যাপারে নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল নাজমুল হুদার সাথে যোগাযোগ করা হলে তিনি বাংলা পত্রিকাকে জানান, সরকারের সিদ্ধান্ত মোতাবেক ৪০টি মিশনের মাধ্যমে এনআইডি চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যেই ১০টি মিশনে পরীক্ষামূলকভাবে এই কার্যক্রম চলছে। তবে নিউইয়র্ক মিশন বা যুক্তরাষ্ট্রের কোন মিশন থেকে এখনো এব্যাপারে কোন কার্যক্রম পরিচালনার নির্দেশনা আসেনি।

ডোনাল্ড লু'র ঢাকা সফর

নিরাপত্তা ইস্যুকে অগ্রাধিকার দেবে ওয়াশিংটন

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্বের সম্পর্ক এগিয়ে নিতে দুই দিনের সফরে মঙ্গলবার ঢাকায় যাচ্ছেন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক অ্যাসিসট্যান্ট সেক্রেটারি ডোনাল্ড লু। বাংলাদেশের দ্বাদশ জাতীয় নির্বাচনের পর এটি তাঁর প্রথম ঢাকা সফর। আমেরিকান এ কর্মকর্তার সফরে ওয়াশিংটনের কাছ থেকে অগ্রাধিকার থাকবে নিরাপত্তা ইস্যু। কূটনৈতিক সূত্রে এ তথ্য জানা গেছে।সংশ্লিষ্ট সূত্র জানায়, ডোনাল্ড লু বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক নিয়ে আলোচনা করতে ঢাকায় যাচ্ছেন। এতে প্রাধান্য পাবে বাংলাদেশ নিয়ে প্রেসিডেন্ট জো বাইডেনের নীতি। বাংলাদেশ নিয়ে বাইডেন প্রশাসনের দৃষ্টিভঙ্গি জানাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎ চেয়েছেন ডোনাল্ড লু। তবে এখনও প্রধানমন্ত্রীর সাক্ষাতের বিষয়টি চূড়ান্ত হয়নি বলে কূটনৈতিক সূত্রে জানা গেছে।

ঢাকা থেকে প্রাপ্ত খবরে জানা যায়, পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেনের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন ডোনাল্ড লু। এ ছাড়া পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ, প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমানের সঙ্গেও সৌজন্য সাক্ষাৎ করবেন তিনি। নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গেও মতবিনিময়ের কথা রয়েছে তাঁর।

শেখ হাসিনা চতুর্থ মেয়াদে প্রধানমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর এক চিঠিতে পরিষ্কার বার্তা দিয়েছেন জো বাইডেন। চিঠিতে তিনি বাংলাদেশের অর্থনৈতিক লক্ষ্য অর্জনে যুক্তরাষ্ট্রের অব্যাহত সহযোগিতার কথা তুলে ধরেছেন। সেই সঙ্গে অবাধ ও মুক্ত ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল নিয়ে যৌথ ভিশনে ঢাকার সঙ্গে অংশীদারিত্ব গড়তে ওয়াশিংটনের প্রতিশ্রুতিবদ্ধতার অভিপ্রায় ব্যক্ত করেছেন। আঞ্চলিক ও বৈশ্বিক নিরাপত্তা, জলবায়ু পরিবর্তন, জ্বালানি ও রোহিঙ্গা ইস্যুর পাশাপাশি বৈশ্বিক ইস্যুগুলোতেও একসঙ্গে কাজ করতে চায় দেশটি।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন এক কর্মকর্তা নাম না প্রকাশ করার শর্তে বলেন, ভূরাজনীতি খেলায় যে কোনো উপায়ে চীনকে ঠেকানো যুক্তরাষ্ট্রের অন্যতম অগ্রাধিকার। কারণ বিশ্বজুড়ে চীনের ক্রমবর্ধমান প্রভাব যুক্তরাষ্ট্রের আধিপত্যকে হুমকির মুখে ফেলেছে। ছোট ছোট দেশগুলো এখন আর যুক্তরাষ্ট্রকে ঠিক আগের মতো পাত্তা দিচ্ছে না। এ প্রেক্ষাপটে ভারত প্রশান্ত মহাসাগরীয় কৌশলের (আইপিএস) মাধ্যমে সমুদ্রে চীনের আধিপত্যের রাশ এখনই টেনে ধরতে চায় ওয়াশিংটন। ওই কূটনীতিক বলেন, চীনের আধিপত্য বিস্তার ঠেকাতে বাংলাদেশকে অংশীদার হিসেবে বিবেচনা করছে যুক্তরাষ্ট্র। ঢাকার ভারত প্রশান্ত মহাসাগরীয় দৃষ্টিভঙ্গি এবং ওয়াশিংটনের আইপিএসের সাদৃশ্য প্রচুর।

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

করোনা টিকার পার্শ্ব প্রতিক্রিয়া

ক্ষতিগ্রস্তদের শনাক্ত করে চিকিৎসা প্রদান জরুরি

করোনা মহামারি শুরু হওয়ার পর এই প্রাণঘাতী ভাইরাস থেকে মুক্তি দিয়েছে কোভিড ভ্যাকসিন বা টিকা। এবার সেই টিকা নিয়ে মানবদেহে বিভিন্ন ধরনের পার্শ্বপ্রতিক্রিয়ার অভিযোগ উঠেছে। বিশ্বকে লকডাউন থেকে বের করে আনার লড়াইয়ে রেকর্ড সময়ের মধ্যে কোভিড ভ্যাকসিন তৈরি করেছিলেন অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা। অনেক দেশেই ব্যবহৃত পপ্রথম কোভিড ভ্যাকসিন ছিল এই অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার টিকা। জানা গেছে, পার্শ্বপ্রতিক্রিয়ার অভিযোগ ওঠায় বিশ্বজুড়ে তিনশ কোটির বেশি ডোজ দেওয়ার পর এ টিকা প্রত্যাহার করে নেওয়া হচ্ছে। কিন্তু প্রশ্ন উঠেছে, টিকা না-হয় প্রত্যাহার করে নেওয়া হলো, কিন্তু এর পার্শ্বপ্রতিক্রিয়ায় যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাদের কী হবে? স্বভাবতই এ নিয়ে মানুষ উদ্বিগ্ন। টিকা গ্রহণের ফলে মানবদেহে গুরুতর ক্ষতি হয়েছে, এমনকি মৃত্যুও ঘটেছে বলে অভিযোগ উঠেছে অ্যাস্ট্রাজেনেকার বিরুদ্ধে। ব্রিটিশ ফার্মাসিউটিক্যাল জায়ান্ট অ্যাস্ট্রাজেনেকা বিষয়টি স্বীকারও করেছে। এক গবেষণা প্রতিবেদনে উঠে এসেছে, এ টিকা গ্রহণের ফলে মানবদেহে 'থ্রম্বোসিস উইথ থ্রম্বোসাইটোপেনিয়া সিনড্রোম' (টিটিএস) নামে পরিচিত বিরল পার্শ্বপ্রতিক্রিয়া হতে পারে। টিটিএস হলো এমন একটি অবস্থা, যার ফলে শরীরের অস্বাভাবিক কোনো জায়গায় রক্ত জমাট বাঁধে এবং রক্তে পাটিলেটের সংখ্যা কমে যায়। টিটিএসের উপসর্গগুলোর মধ্যে রয়েছে গুরুতর মাথাব্যথা, পেটে ব্যথা, পায়ে ফোলা ভাব, শ্বাসকষ্ট ও খিঁচুনি। উদ্বেগের কারণ এটাই।

শুধু অ্যাস্ট্রাজেনেকা নয়, করোনার অন্যান্য ব্র্যান্ডের ভ্যাকসিন, যেমন-ফাইজার ও মর্ডানার টিকার বিরুদ্ধেও পার্শ্বপ্রতিক্রিয়ার অভিযোগ উঠেছে। এসব ব্র্যান্ডের টিকা নাকি হৃৎপিন্ড, মস্তিষ্ক ও রক্তে নানা ধরনের জটিলতা বাড়ায়। অ্যাস্ট্রাজেনেকা, ফাইজার, মর্ডানা-সব ব্র্যান্ডের টিকাই এদেশে ব্যবহৃত হয়েছে। দেশে শুধু অ্যাস্ট্রাজেনেকা টিকাই দেওয়া হয়েছে ৫ কোটির বেশি ডোজ। অনেকেই এ টিকা একাধিক ডোজ নিয়েছেন। কাজেই পরীক্ষা করে দেখা দরকার দেশে কারা এর পার্শ্বপ্রতিক্রিয়ায় আক্রান্ত। তাদের চিকিৎসাই বা কী। এ বিষয়ে হেলাফেলার সুযোগ নেই। কিন্তু এখনই নাকি সুনিশ্চিত করে বলা সম্ভব নয় কার কোন স্বাস্থ্য সমস্যাটি টিকার পার্শ্বপ্রতিক্রিয়াজনিত। স্বাস্থ্যমন্ত্রী বলেছেন, 'যতক্ষণ পর্যন্ত না জানব দেশে কার দেহে কতটা পার্শ্বপ্রতিক্রিয়া হয়েছে, ততক্ষণ পর্যন্ত এ ব্যাপারে কিছু বলতে পারব না। তবে আমরা এটি নিয়ে কনসার্নড।'

আমরা মনে করি, বাংলাদেশসহ সারা বিশ্বেই এ নিয়ে দ্রুত গবেষণা হওয়া উচিত, যাতে টিকার পার্শ্বপ্রতিক্রিয়ার চিকিৎসা দেওয়া সম্ভব হয়। টিকা তৈরিকারী প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে এ ব্যাপারে ক্ষতিপূরণ আদায় করা যায় কিনা, তা-ও খতিয়ে দেখা দরকার।

মা জীবনের প্রথম এবং বিশ্বের সর্বশ্রেষ্ঠ শিক্ষক

॥ ডা. এবিএম আবদুল্লাহ ॥

একটা গল্প দিয়ে শুরু করছি। এক প্রেমিকা তার প্রেমিককে পরীক্ষা করার জন্য বলল, তোমার ভালোবাসার পরীক্ষা নিতে চাই আমি! প্রেমিক বলল, কী পরীক্ষা নেবে? সব পরীক্ষার জন্য আমি প্রস্তুত। প্রেমিকা বলল, তোমার মায়ের হৃৎপিন্ডটা নিয়ে আসো। প্রেমে অন্ধ ছেলেটি ছুটল মায়ের কাছে! মাকে হত্যা করে তার হৃৎপিন্ড নিয়ে ছুটল প্রেমিকার কাছে, ভালোবাসার পরীক্ষায় পাস করতে। পথে হঠাৎ আছড়ে পড়ল, আর হাত থেকে ফসকে গেল মায়ের হৃৎপিন্ডটা। হাতে তুলে নিতেই হৃৎপিন্ড থেকে আওয়াজ এলো, 'ব্যথা পেলি খোকা? তুই তো খুব পিপাসার্ত, ক্লান্ত। আমি যে দাঁড়াতে পারছি না, তোকে কীভাবে পানি পান করাব বাবা।' এরই নাম মা।

রোববার, ১২ মে ছিলো বিশ্ব 'মা' দিবস। দিনটি কীভাবে, কবে, কোথা থেকে এলো, কেন পালন করা হয়, এর গুরুত্ব কী, তা হয়তো অনেকের অজানা। দিনটি পালনের পেছনে রয়েছে এক ইতিহাস। ১৯০৭ সালের ১২ মে আমেরিকার ওয়েস্ট ভার্জিনিয়ার গ্রাফটন শহরে প্রথমবার 'মাদার্স ডে' বা 'মা দিবস' পালিত হয়। ভার্জিনিয়ায় অ্যান নামে এক সমাজকর্মী ছিলেন। তিনি নারী অধিকার নিয়ে কাজ করতেন এবং 'মাদারস ডে ওয়ার্ক ক্লাব' প্রতিষ্ঠা করেন। ছোট ছোট ওয়ার্ক ক্লাব বানিয়ে সমাজের পিছিয়ে পড়া নারীদের এগিয়ে নিতে চেষ্টা এবং তাদের স্বাবলম্বী হতে সহায়তা করতেন। অ্যানের একটি মেয়ে ছিল। একদিন মেয়ের সামনেই প্রার্থনা করেছিলেন, 'যেন কেউ একটা দিন মায়েদের জন্য উৎসর্গ করেন'। মায়ের সেই প্রার্থনা হৃদয়ে নাড়া দিয়ে যায় তার মেয়েটির। অ্যানের মৃত্যুর পর সেই দিনটিকে সারা বিশ্বের প্রতিটি মায়ের উদ্দেশে উৎসর্গ করেন তার মেয়ে। আর এভাবেই মায়েদের প্রতি সম্মানে পালিত হয়ে আসছে মা দিবস। ১৯১৪ সালে যুক্তরাষ্ট্রের তৎকালীন প্রেসিডেন্ট উইলসন মে মাসের দ্বিতীয় রোববারকে 'মা দিবস' ঘোষণা করেন। এরপর থেকে মে মাসের দ্বিতীয় রোববার আন্তর্জাতিক মাতৃ দিবস হিসাবে উদযাপন করা হয়ে থাকে।

'মা' কথাটি সবচেয়ে ছোট অথচ সবচেয়ে মধুর একটি শব্দ। মাত্র এক অক্ষরে শব্দটি হলেও এর ব্যাপকতা সাগরের চেয়েও বিশাল। মায়ের মতো এত মধুর আর আবেগী শব্দ পৃথিবীতে আর একটিও নেই। যে শব্দটিতে জড়িয়ে আছে স্নেহ-মায়া-মমতা-ভালোবাসা। ছেলে হোক বা মেয়ে হোক, প্রতিটি সন্তানের প্রতি মায়ের ভালোবাসা ও প্রেম স্বার্থহীন, সীমাহীন। সন্তানের জন্য মা বরাবরই নিঃস্বার্থ একজন মানুষ। মা হচ্ছেন মমতা-নিরাপত্তা-অস্তিত্ব, নিশ্চয়তা ও আশ্রয়। মা সন্তানের অভিভাবক, পরিচালক, ফিলোসফার, শ্রেষ্ঠ শিক্ষক ও বড় বন্ধু। জীবনে সবচেয়ে বড় শ্রমজীবী হচ্ছেন মা, যার কর্মবিরতি নেই, মজুরি নেই, দাবি নেই, শর্ত নেই, স্বার্থ নেই, তিনি শুধু শ্রম দিয়েই যাচ্ছেন। তারই নাম মা। নিজের জীবনের চেয়েও সন্তানকে ভালোবাসেন, সন্তানের কথা ভাবেন। সন্তানের সামান্য ব্যথাতে ব্যথিত হন। মা সব রোগের চিকিৎসক। মায়ের কাছে সবকিছু চাওয়া যায়। 'মা'ই একমাত্র ব্যক্তি, যার কাছে সবকিছু চাইলেই পাওয়া যায়। মা সবচেয়ে সেরা রাঁধুনি। মায়ের হাতের রান্না পৃথিবীর সবচেয়ে সুস্বাদু খাবার। মা হলো সন্তানের প্রথম বন্ধু, সেরা বন্ধু, চিরকালের বন্ধু। মায়ের মতো পরম বন্ধু এ জীবনে আর খুঁজে পাওয়া যাবে না।

গর্ভধারণের মুহূর্ত থেকেই সন্তানের সঙ্গে একজন মায়ের নিবিড় বন্ধন তৈরি হয়। বন্ধনটি আরও গভীর হয়, যখন তিনি সন্তানকে তার ঔরসের মধ্যে বহন, উষ্ণতা, পুষ্টি এবং সুরক্ষা প্রদান করতে থাকেন। গর্ভাবস্থায় একজন মা তার অনাগত সন্তানের জন্য অনেক ত্যাগ স্বীকার করেন, যা তুলনাহীন। এ গভীরতা অন্য কারোর পক্ষে বোঝা সম্ভব নয়। এরপর শিশুটি যখন ভূমিষ্ঠ হয়ে পৃথিবীতে আসে, তখন মা হয়ে যান তার প্রথম এবং সাবর্ক্ষণিক পরিচর্যাকারী। সন্তানের জন্য অগণিত রাত জাগা, সারাক্ষণ যত্ন নেওয়া, খাওয়ানো এবং আদরের আলিঙ্গনের মাধ্যমে তিনি সীমাহীন ধৈর্য প্রদর্শন করেন।

প্রত্যেক মানুষের পৃথিবীতে আসা ও বেড়ে ওঠার পেছনে প্রধান ভূমিকা পালন করেন একজন মা। এজন্য শুধু মানুষ নয়, পৃথিবীর প্রতিটি প্রাণীই তার মায়ের কাছে ঋণী। এ ঋণ শোধ করার কোনো বিকল্প নেই। মা হলেন এমন একজন মানুষ, যিনি অন্য সবার স্থান নিতে পারেন; কিন্তু তার স্থান অন্য কেউ নিতে পারে না। চাওয়া-পাওয়ার এ পৃথিবীতে মায়ের ভালোবাসার সঙ্গে কোনো কিছুরই তুলনা হয় না।

মাকে নিয়ে পৃথিবীর বিখ্যাত ব্যক্তিরা হাজারও অসাধারণ উক্তি করেছেন-

১. মহানবি হজরত মুহাম্মদ (সা.) বলেছেন, মায়ের পায়ের নিচে সন্তানের বেহেশত।

২. রবীন্দ্রনাথের গানে 'মধুর আমার মায়ের হাসি, চাঁদের মুখে ঝরে..., সে যে জড়িয়ে আছে ছড়িয়ে আছে সন্ধ্যা রাতের তারায়, সেই যে আমার মা, বিশ্বভুবন মা নেই কো তুলনা..., প্রদীপ হয়ে মোর শিয়রে কে জেগে রয় দুঃখের ঘরে, সেই যে আমার মা সেই যে আমার মা। বিশ্বভুবন মা নেই কো তুলনা, সেই যে আমার মা'।

৩. আব্রাহাম লিংকন বলেছেন, 'যার মা আছে, সে কখনোই গরিব নয়।'

৪. বিখ্যাত ফুটবলার দিয়াগো মারাদোনা বলেছেন, 'আমার মা মনে করেন আমিই সেরা, আর মা মনে করেন বলেই আমি সেরা হয়ে গড়ে উঠেছি।'

৫. জর্জ ওয়াশিংটন বলেছেন, 'আমার দেখা সবচেয়ে সুন্দরী নারী হলেন আমার মা।' মায়ের কাছে আমি চিরঋণী। আমার জীবনের সব অর্জন তারই কাছ থেকে পাওয়া নৈতিকতা, বুদ্ধিমত্তা আর শিক্ষার ফল।

৬. মাইকেল জ্যাকসন বলেছেন, 'আমার মা বিস্ময়কর, আর আমার কাছে উৎকৃষ্টের আরেক নাম।'

৭. কথাসাহিত্যিক হুমায়ূন আহমেদ বলেছেন, 'মা হলো পৃথিবীর একমাত্র ব্যাংক, যেখানে আমরা আমাদের সব দুঃখ, কষ্ট জমা রাখি এবং বিনিময়ে নেই বিনা সুদে অকৃত্রিম ভালোবাসা।'

৮. কবি কাদের নেওয়াজ বলেছেন, 'মা কথাটি ছোট্ট অতি, কিন্তু জেনো ভাই, ইহার চেয়ে নামটি মধুর, তিন ভুবনে নাই...।'

৯. কবি কাজী নজরুল ইসলাম লিখেছেন, 'যেখানে তে দেখি যাহা, মা এর মত আহা, একটি কথায় এত সুধা মেশা নাই, মায়ের মতন এত আদর সোহাগ সেতো, আর কোনোখানে কেহ পাইবে না ভাই।'

১০. শিল্পী ফকির আলমগীরের ভাষায়, 'মায়ের এক ধার দুধের দাম, কাটিয়া গায়ের চাম, পাপোশ বানাইলেও ঋণের শোধ হবে না, এমন দরদি ভবে কেউ হবে না আমার মা গো।'

ইসলাম মাকে দিয়েছে অনন্য মর্যাদা। জান্নাতে যাওয়ার অন্যতম মাধ্যম করা হয়েছে মাকে। হাদিস শরিফে বলা হয়েছে, মায়ের পায়ের নিচে সন্তানের বেহেশত। তাই জান্নাত পাওয়ার আকাঙ্ক্ষা থাকলে কোনো সন্তানই মাকে এড়িয়ে যেতে পারে না।

আল্লাহতায়ালা বলেছেন, 'তোমার পরওয়ারদেগার আদেশ করিয়াছেন যে, তোমরা তাহাকে ব্যতীত অন্য কাহারও ইবাদত করিও না এবং তুমি মাতাপিতার সঙ্গে সদ্ব্যবহার করিও, যদি তোমার সম্মুখে তাহাদের একজন অথবা উভয়ে বার্ধক্যে উপনীত হন, তবে তাহাদিককে উহ পর্যন্তও বলিও না, আর তাহাদিগকে ধমক দিও না এবং তাহাদের সঙ্গে খুব আদবের সহিত কথা বলিও। এবং তাহাদের সম্মুখে করুণভাবে বিনয়ের সহিত নত থাকিবে, আর এইরূপ দোআ করিতে থাকিবে, হে আমার পরওয়ারদেগার! তাহাদের উভয়ের প্রতি দয়া করুন, যেইরূপ তাহারা আমাকে লালন পালন করিয়াছেন শৈশবকালে' (সূরা বনি ইসরাইল, আয়াত : ২৩-২৪)।

> **আল্লাহতায়ালা আরও বলেন, 'আমি মানুষকে তাহার মাতাপিতা সম্বন্ধে নির্দেশ দিয়াছি, তাহার মাতা কষ্টের পর কষ্ট সহ্য করিয়া তাহাকে গর্ভে ধারণ করিয়াছে এবং তাহার দুধ ছাড়ান হয় দুই বছরে, যেন তুমি শোকর কর আমার' (সূরা লোকমান, আয়াত : ১৪)।**

আল্লাহতায়ালা আরও বলেন, 'আমি মানুষকে তাহার মাতাপিতা সম্বন্ধে নির্দেশ দিয়াছি, তাহার মাতা কষ্টের পর কষ্ট সহ্য করিয়া তাহাকে গর্ভে ধারণ করিয়াছে এবং তাহার দুধ ছাড়ান হয় দুই বছরে, যেন তুমি শোকর কর আমার' (সূরা লোকমান, আয়াত : ১৪)।

অন্য এক আয়াতে আছে 'আর তোমরা আল্লাহতায়ালারই ইবাদত করো, এবং তাহার সহিত কাহাকেও শরিক করিও না এবং পিতামাতার সঙ্গে সদ্ব্যবহার করিও' (সূরা নিসা, আয়াত : ৩৬)।

পিতামাতার অধিকার সম্পর্কে হাদিসেও বহু জায়গায় বর্ণনা এসেছে।

রাসূল (সা.) বলেছেন, 'তিন ব্যক্তির দোয়া অবশ্যই কবুল হয়; এতে কোনো সন্দেহ নেই। এক. মা-বাবার দোয়া তার সন্তানের জন্য; দুই. মুসাফিরের দোয়া ও তিন. অত্যাচারিত ব্যক্তির দোয়া **(বাকি অংশ ০৮ পাতায়)**

নামাজের সময়-সূচী

মে	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
ফজর	৪.১১	৪.০৯	৪.০৮	৪.০৭	৪.০৫	৪.০৪	৪.০৩
সূর্যোদয়	৫.৪০	৫.৩৯	৫.৩৮	৫.৩৭	৫.৩৬	৫.৩৫	৫.৩৫
জোহর	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২
আসর	৫.৫৫	৫.৫৬	৫.৫৬	৫.৫৭	৫.৫৭	৫.৫৭	৫.৫৭
মাগরিব	৮.০৪	৮.০৫	৮.০৬	৮.০৭	৮.০৮	৮.০৯	৮.০৯
এশা	৯.৩৪	৯.৩৫	৯.৩৬	৯.৩৮	৯.৩৯	৯.৪০	৯.৪২

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

পশ্চিমবঙ্গে আদর্শ রক্ষা ও ভোটের দোলাচলে মতুয়ারা

॥ আলতাফ পারভেজ ॥

ভারতে লোকসভার নির্বাচনে পশ্চিমবঙ্গে ৪২টি আসন। এর অন্তত ছয়টিতে মতুয়াদের বড়সড় প্রভাব আছে বলে দাবি করা হয়। ১৯৪৭ সালের আগে মতুয়াদের বড় অংশ 'নমশূদ্র' নামে পরিচিত ছিল। তারও আগে তাদের পরিচয় ছিল শুধুই 'নমো'। রাজনৈতিকভাবে মতুয়াদের বিভক্তি এবং অসাম্প্রদায়িক ঘরানার রাজনীতি থেকে তাদের একাংশের ফারাক তৈরি হয়েছে। লোকসভা নির্বাচনে মতুয়া ভোটব্যাংকের পরিণতি খানিকটা আগাম বুঝিয়ে দেবে, বিধানসভা নির্বাচনে কারা সরকার গড়তে যাচ্ছে।

ভারতে ভোট শেষ হতে আরও কিছুদিন বাকি। পশ্চিমবঙ্গের বেলায়ও একই হিসাব। তবে কে কাকে ভোট দিচ্ছেন, কোন গোষ্ঠী কোন দিকে হেলে পড়ছে, তার মেঠো ময়নাতদন্ত চলছে এখন। এর মধ্যে বিশেষ মনোযোগে আছে পশ্চিমবঙ্গের 'মতুয়ারা'। ভোটের রাজনীতির কবলে পড়ে ধর্মীয় এই ঘরানার কেন্দ্রে সৃষ্ট কোন্দল ও ভাঙন নিয়েও আলোচনা হচ্ছে বিস্তর। এর মধ্যে এ প্রশ্নও উঠেছে যে ভোট ও রাজনীতির দোলাচলে মতুয়াদের জাতপাতবিরোধী মূল আদর্শে কোনো টান পড়ল কি না?

'মতুয়াদের' আদি কথা

দক্ষিণ এশিয়ার রাজনীতিতে পশ্চিমবঙ্গের মতুয়াদের নিয়ে প্রায়ই আলোচনা ওঠে। দিল্লি থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিগত ভোটের সময় বৃহত্তর ফরিদপুরে এসে ওই আলোচনাকে আন্তর্জাতিক চেহারা দিয়েছিলেন। ঢাকায় তখন সহিংস বিক্ষোভও হয়, যার জেরে কয়েকটি সংঘর্ষে বেশ কিছু নিহতের ঘটনাও ঘটে। পাশাপাশি বিশ্ব জেনেছিল যে মতুয়া দর্শনের অনেক মানুষ আছেন বাংলাদেশেও। কাশিয়ানীর ওড়াকান্দি এই সম্প্রদায়ের আদি ভূমি। কিন্তু দক্ষিণ এশিয়ার বড় রাজনীতিবিদদের যে কারও আগে মোদি-বিজেপি-আরএসএসের কাছে ওড়াকান্দি যে বাড়তি মনোযোগ ও সম্মান পেল, সেই কৃতিত্ব গেরুয়া শিবিরের গবেষকদের দিতেই হয়।

২০২১ সালের মার্চে কাশিয়ানীতে বিজেপি নেতার সফর মতুয়াকেন্দ্রিক ক্ষমতার রাজনীতির গণিতকে এতটাই প্রচার দিয়েছে যে নতুন প্রজন্মের কাছে এখন মতুয়াবাদের পেছনের ইতিহাস বেশ আড়ালেই পড়ে গেছে।

আজ যাঁরা 'মতুয়া', ১৯৪৭ সালের আগে তাঁদের বড় অংশ 'নমশূদ্র' নামেই পরিচিত ছিলেন। তারও আগে তাঁদের পরিচয় ছিল শুধুই 'নমো'। নমোদের মতুয়া চেতনায় জড়ো হওয়ার শুরু হরিচাঁদ ঠাকুরের মাধ্যমে, যদিও সব নমো মতুয়া হয়ে যাননি আজও। 'হরি' নামে 'মত্তরাই' কেবল মতুয়া অভিধা পেলেন। বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের এখনকার প্রায় ৫০ ভাগ হবেন এ রকম মানুষ। তাঁদেরই আদি গুরু হরিচাঁদ চেয়েছিলেন, 'হরি' নামকে কণ্ঠে নিয়ে বাংলায় বল্লাল সেনদের তৈরি করে যাওয়া '৩৬ জাতকে' জোড়া লাগাতে। সেই সূত্রেই জন্ম 'হরিবোলা' সম্প্রদায়ের।

হরিচাঁদ ঠাকুরের ছেলে গুরুচাঁদ এবং গুরুচাঁদের নাতি প্রমথরঞ্জন ঠাকুর (পি আর ঠাকুর নামে অধিক পরিচিত) এই আন্দোলনে শিক্ষা ও রাজনীতির যোগ ঘটান। ইতিমধ্যে 'হরিবোলারা' 'মত্ত' বা 'মাতোয়ারা'থেকে মতুয়া হয়েছেন এবং তাঁদের ধর্মপুস্তকে আদি পরিচয়ে 'মৈথিলী ব্রাহ্মণ' কথাটাও যুক্ত হয়। এই প্রক্রিয়ায় হরিবোলাদের ৩৬ জাতকে এক করার অঙ্গীকার কমে গিয়ে 'মতুয়া' হিসেবে নিজেই একটা জাত হয়ে ওঠার প্রচেষ্টা দেখা দেয়।

ইতিমধ্যে ১৯৪৭ ও বিশেষভাবে ১৯৫০-এর দাঙ্গা এই সমাজকে লন্ডভন্ড করেছে। ওড়াকান্দি ছাড়িয়ে বনগাঁর 'ঠাকুরনগর' মতুয়াদের দ্বিতীয় পবিত্র ভূমি হয়ে উঠেছে।

পি আর ঠাকুরের মৃত্যুর পর ১৯৯০ সাল থেকে ঠাকুরনগরে বসেই এই আন্দোলনের নেতৃত্ব দেন তাঁর স্ত্রী বীণাপানি দেবী তথা 'বড় মা'। ২০১৯ সালে বীণাপানি দেবীর মৃত্যুর পর মতুয়া আন্দোলন তার ভরকেন্দ্রে আর কোনো একক নেতৃত্ব ধরে রাখতে পারেনি। বহুমুখী সাংগঠনিক প্রবণতা তৈরি হলো এই ধর্মীয় সম্প্রদায়ের রাজনৈতিক পছন্দ-অপছন্দে। বিশেষ করে এককালের জাতপাতবিরোধী এই সম্প্রদায়ের মধ্যে বিজেপির প্রভাব বাড়ল।

এটা আবার সহজে নিতে পারল না সম্প্রদায়ের কেউ কেউ। যদিও এবার কিছু ভোট মমতার ঘাসফুল মার্কায় থাকছে, কিন্তু মতুয়া ভোটের বড় হিস্যা আশা করছে বিজেপি। কয়েকটি আসনে মতুয়াদের নিজেদের প্রার্থীও আছেন। ভোটের অঙ্কও তাই বহুমুখী। যে অঙ্কের আড়ালে পড়ে গেছে হরিচাঁদের সমাজচেতনা। সে বিষয়ে কথা বেশ কম।

সমতার রাজনীতিতে 'ঠাকুরবাড়ি'

বাংলাদেশের মতুয়ারা গত পঞ্চাশ বছরে কমবেশি পুরোনো এক রাজনৈতিক পছন্দই আঁকড়ে আছেন। কিন্তু পশ্চিমবঙ্গে থাকা একই জনগোষ্ঠীর অপর অংশের অবস্থান সে রকম নয়। দেশভাগের আগে-পরে স্বল্প সময়ের জন্য তাঁদের প্রথম পছন্দ ছিল কংগ্রেস। ১৯৬২ সালের বিধানসভা নির্বাচনে পি আর ঠাকুর কংগ্রেসের মনোনয়নে প্রথম বিধানসভার সদস্য হন নদীয়ার হাঁসখালী থেকে। স্বল্পকাল পরই তিনি কংগ্রেস ছাড়েন।

তারপর পশ্চিমবঙ্গে শুরু হয় বামফ্রন্টের কাল। মতুয়া জগতেও লাল পতাকার প্রভাব দেখা যায়। এটা অস্বাভাবিক ছিল না। নমো কৃষক সমাজে বামপন্থীদের প্রভাব দেশভাগের বহু আগে থেকে এবং বরিশাল-ফরিদপুরের পুরোনো দিনের কৃষক আন্দোলন তার সাক্ষী। তারও আগে গত শতাব্দীর প্রথমার্ধে দক্ষিণবঙ্গ ও ময়মনসিংহ অঞ্চলে নমোরা ফজলুল হকের কৃষক প্রজা পার্টির সমর্থক ছিলেন।

ঐতিহাসিক সেই সিলসিলা হিসেবে হয়তো ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে জ্যোতি বসুদের উত্থানে তখনকার উদ্বাস্তু এসব মানুষের বড় ধরনের শুভকামনা ছিল। ছিল প্রত্যাশাও। বামরা মতুয়াদের পুনর্বাসনের কথাও বলত। কিন্তু ১৯৭৯ সালের জানুয়ারিতে সুন্দরবন-লাগোয়া মরিচঝাঁপিতে বাংলাভাষী উদ্বাস্তুদের ওপর বাম প্রশাসনের দমন-পীড়ন বামফ্রন্ট-মতুয়া মৈত্রীতে মনস্তাত্ত্বিক ফাটল তৈরি করে। এরপর ২০১১ সাল থেকে এই সম্প্রদায় হেলে পড়তে থাকে তৃণমূলের দিকে। হরিচাঁদ ঠাকুরের জন্মদিনে ছুটি ঘোষণা, হরিচাঁদ-গুরুচাঁদের নামে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাসহ মমতা বন্দ্যোপাধ্যায় এই সম্প্রদায়কে তুষ্ট রাখতে অনেক কিছু করেন। পি আর ঠাকুর ও বীণাপানি দেবীর দ্বিতীয় পুত্র মঞ্জুলকৃষ্ণ ঠাকুরকে গাইঘাটা থেকে বিধানসভার সদস্য করলেন, রাজ্যের মন্ত্রী বানালেন। ২০১৪ সালে মঞ্জুলকৃষ্ণ ঠাকুরের বড় ভাই কপিলকৃষ্ণ ঠাকুর তৃণমূলের মার্কা নিয়ে বনগাঁ থেকে লোকসভার সদস্য হলেন। এভাবে তৃণমূলে ভরে গেল ঠাকুরবাড়ি। কিন্তু এই সবই ছিল ক্ষমতার রাজনীতি ও বামফ্রন্টকে নিয়ে অভিমানের ফল।

তৃণমূল মতুয়াদের কোনো অগ্রসর রাজনীতি দিতে পারেনি। তারই ফল হিসেবে ভরদুপুরে বজ্রপাতের মতো ২০১৯ সালে এসে দেখা গেল, মতুয়া গ্রামগুলোয় গেরুয়া সুনামি শুরু হয়েছে। ২০১৫ থেকেই ধীরলয়ে এ প্রক্রিয়া শুরু। শেষমেশ ২০১৯-এ বনগাঁ থেকে বিজেপির মার্কা নিয়ে লোকসভায় সদস্য হলেন পি আর ঠাকুরের নাতি ও মঞ্জুলকৃষ্ণ ঠাকুরের ছেলে শান্তনু ঠাকুর। রানাঘাট, ব্যারাকপুর–এসব আসনও গেল পদ্মফুলের পক্ষে।

বলা বাহুল্য, ভোটের রাজনীতি শান্তনু ঠাকুর পর্যন্ত আসতে আসতে মতুয়াদের 'ঠাকুরবাড়ি'র ঐক্য ছত্রখান হয়ে গেছে। পি আর ঠাকুরের বড় ছেলের বউ লড়ছেন দেবরের ছেলের সঙ্গে–দৃশ্যটা রাজনীতিতে মানানসই হলেও পারিবারিক সংস্কৃতিতে অস্বস্তিকর। এ রকম ভেদাভেদে নতুন উপাদান যুক্ত করেছে নাগরিকত্ব সংশোধন আইন বা 'সিএএ-১৯'।

বিজেপি যখন নাগরিকত্বের প্রতিশ্রুতি দিল

মতুয়া সমাজ প্রথম দফায় বিপদে পড়ে দেশভাগ-পরবর্তী বছরগুলোয়। তখন কেবল দুটি পরিচয় 'হিন্দু' ও 'মুসলমানের' ভিত্তিতে ভারতবর্ষ ভাগ হয়ে গেল। মতুয়ারাও তখন রাজনীতিতে স্রেফ 'হিন্দু'। কিন্তু সেই পরিচয়ও থাকল না ঠিকমতো। যাঁরা পশ্চিমবঙ্গে গিয়েছিলেন বহু দশকের জন্য, তাঁদের পরিচয় হলো 'উদ্বাস্তু'।

এসব উদ্বাস্তু মানুষের আবারও 'নাগরিক' হয়ে ওঠার আকুতি কংগ্রেস-বামফ্রন্ট-তৃণমূলের চেয়ে বেশি গুরুত্ব দিয়ে বুঝতে পেরেছিল বিজেপি। পশ্চিমবঙ্গের প্রায় অপ্রতিরোধ্য রাজনৈতিক মোজাইক চৌচির করার একটা রাস্তাও তাদের জন্য তৈরি হলো এভাবে। ভারতীয় নাগরিকত্ব আইনের সংশোধন করল তারা। খুবই সাম্প্রদায়িক ধারায় ছিল এই সংশোধন। অমুসলিম উদ্বাস্তু হলে সুবিধা মিলবে, মুসলমান হলে নয়।

কংগ্রেস, বামপন্থীরাসহ বহু দল নীতিগত কারণে এর বিরুদ্ধে দাঁড়াল। বহু মানুষ মরল ভারতজুড়ে। কিন্তু 'উদ্বাস্তু হিন্দু'রা নাগরিকত্ব পাওয়ার সম্ভাবনায় একে খারিজ করলেন না। উদ্বাস্তুদের 'অবৈধ নাগরিক' বলা হবে না–বিজেপির এ ঘোষণা তাঁদের কাছে অনেক স্বস্তিকর হলো। কারণ, ইতিমধ্যে আসামে আরআরসি বা নাগরিকপঞ্জি হয়েছে। এতে প্রচুর বাংলাভাষী হিন্দু নাগরিকত্ব পানি। পশ্চিমবঙ্গেও 'অবৈধ নাগরিক' হওয়ার শঙ্কা একটা ভীতিকর বিষয় হয়ে উঠেছিল। হরিচাঁদের বিভেদবাদ-বিরোধিতা এ সময় আপাতত স্থগিত থাকল মতুয়া সমাজে। বলা বাহুল্য, বামফ্রন্ট ও তৃণমূলের পুরোনো একটা ভোটব্যাংক এভাবেই ভাঙল। একই উদ্যোগে বিজেপি আরও অনেকভাবে সফল হয়। 'সিএএ' বাংলাভাষী হিন্দু-মুসলমানের দূরত্বও বেশ বাড়াল। বামদের জন্য পরিস্থিতি বেশ কঠিনই হয়ে গেল। শ্রেণি রাজনীতি দিয়ে মানুষকে ধর্মীয় পরিচয়ের বাইরে আর আটকে রাখা গেল না। সবচেয়ে বেশি যা হলো, রাজনৈতিকভাবে মতুয়াদের বিভক্তি এবং অসাম্প্রদায়িক ঘরানার রাজনীতি থেকে তাদের একাংশের ফারাক তৈরি হওয়া। কিন্তু এখনো কেউই নিশ্চিত জানেন না যে পশ্চিমবঙ্গের প্রায় এক কোটি মতুয়া ভোট এবার কতটুকু কোন দিকে যাবে! সবটাই বিজেপির দিকে যাবে কি না?

এবারের লোকসভা নির্বাচনে মতুয়া ভোটব্যাংকের পরিণতি খানিকটা আগাম বুঝিয়ে দেবে, পশ্চিমবঙ্গের পরবর্তী বিধানসভা নির্বাচনে কারা সরকার গড়তে যাচ্ছে। এই বিবেচনায় মতুয়া ভোটের হিসাব-নিকাশ বাংলাদেশের জন্যও বিশেষভাবে মনোযোগ পাচ্ছে। কারণ, বিজেপি এখন মতুয়া 'উদ্বাস্তু'দের 'সিএএ' অনুযায়ী নাগরিকত্ব পেতে আবেদন করতে বলছে।

মতুয়া ভোটব্যাংকের চেহারা

লোকসভার ৪২টি আসন পশ্চিমবঙ্গে। তার অন্তত ছয়টিতে মতুয়াদের বড়সড় প্রভাব আছে বলে দাবি করা হয়। ছয়টির মধ্যে বনগাঁ, রানাঘাট, ব্যারাকপুর ও বারাসাতে তাদের প্রভাব মোটা দাগে। লোকসভার হিসাবের সঙ্গে তুলনা করলে বিধানসভায় মতুয়াদের প্রভাবের পরিসর দাঁড়ায় ৪০টির মতো আসন। বলা যায়, দক্ষিণ চব্বিশ পরগনা থেকে নদীয়া পর্যন্ত পুরো এলাকায় মতুয়া ভোটের একটা প্রভাব তৈরি হয়ে আছে ইতিমধ্যে। অনেকটা যেন বাংলাদেশের কোটালীপাড়া, রাজৈর, মুকসুদপুর, নাজিরপুর, চিতলমারীর মতো এলাকাগুলো।

এবারের লোকসভা নির্বাচনে মতুয়া ভোটব্যাংকের পরিণতি খানিকটা আগাম বুঝিয়ে দেবে, পশ্চিমবঙ্গের পরবর্তী বিধানসভা নির্বাচনে কারা সরকার গড়তে যাচ্ছে। এই বিবেচনায় মতুয়া ভোটের হিসাব-নিকাশ বাংলাদেশের জন্যও বিশেষভাবে মনোযোগ পাচ্ছে। কারণ, বিজেপি এখন মতুয়া 'উদ্বাস্তু'দের 'সিএএ' অনুযায়ী নাগরিকত্ব পেতে আবেদন করতে বলছে।

অন্যদিকে তৃণমূল বলছে, যাঁরা এতে আবেদন করবেন, তাঁরা 'বাংলাদেশি' হিসেবে চিহ্নিত হবেন। অর্থাৎ তাঁরা ইতিমধ্যে পশ্চিমবঙ্গ সরকার থেকে চালু সামাজিক বিভিন্ন ভাতা থেকে বঞ্চিত হবেন। ভোট এলেই কোনো না কোনো দল এভাবে বাংলাদেশকে হাজির করে পশ্চিমবঙ্গের মাঠে।

তবে আঞ্চলিক, আন্তর্জাতিক ও রাজ্যভিত্তিক এসব বিবেচনার বাইরে মতুয়া ভোটের রাজনীতি দক্ষিণ এশিয়ার জন্য ভিন্ন এক সাংস্কৃতিক তাৎপর্য নিয়েও হাজির আছে। এই অঞ্চলে ব্রাহ্মণ্যবাদ ও জাতপাতের বিভেদের বিরুদ্ধে দুটি বড় দার্শনিক ধারা হলো–আম্বেদকরপন্থা ও মতুয়াবাদ। শেষোক্তটি ছিন্নভিন্ন হলে আরএসএসের সামনে বাকি থাকলেন কেবল আম্বেদকর।

রাজনৈতিক আদর্শ কি পাল্টাল

মতুয়া আন্দোলনের জন্মপ্রেরণা 'ব্রাহ্মণ্যবাদ মোকাবিলা' হলেও ১৯৫০ সাল থেকে এই ঘরানার মনোযোগের বড় একাংশ হয়ে দাঁড়ায় পশ্চিমবঙ্গে নাগরিকত্ব পাওয়ার প্রচেষ্টা। যার বড় প্রকাশ হিসেবে ২০১০ সালে কলকাতায় বড় এক সমাবেশ করে মতুয়া মহাসংঘ। এই সমাবেশই মতুয়া আন্দোলনকে মতুয়া ভোটব্যাংক আদল দেয়। নজরকাড়া এই সমাবেশের ভেতর দিয়ে পশ্চিমবঙ্গ ও ভারতে জাতপাতের রাজনীতির মধ্যে নতুন এক বর্গ হয়ে ওঠে তারা। একই দাবিতে 'নিখিল ভারত বাঙালী উদ্বাস্তু সমন্বয় সমিতি'সহ আরও কিছু সংগঠনও কাজে নামে।

কিন্তু এ রকম উদ্যোগগুলো কখনো স্বতন্ত্র কোনো 'দল' আকারে নিজেদের প্রকাশ ঘটাতে পারেনি। চায়ওনি হয়তো। বরং ২০১০ সালের সমাবেশশক্তিকে উদ্বাস্তু পরিচয় ঘোচাতে উঁচু জাতের রাজনীতিবিদদের সঙ্গে দর-কষাকষির কাজে লাগানো হয়। পশ্চিমবঙ্গে দলিত তাত্ত্বিকেরাও এ অবস্থায় সাহসী ও স্বতন্ত্র কোনো রাজনৈতিক পথ দেখাতে পারেননি। তা ছাড়া বাস্তব ওই কৌশলের সঙ্গে ক্ষমতার রাজনীতির ছোঁয়াও যুক্ত হয়।

পরিবর্তনবাদী রাজনীতিতে কষ্টকর তৃতীয়-চতুর্থ স্রোত হওয়ার চেয়ে দর-কষাকষির পথেই সহজে এমপি-এমএলএ হওয়ার সম্ভাবনা দেখা গেল। সংগত কারণে মতুয়া অনেক সংগঠনকে 'ব্রাহ্মণ্যবাদ-বিরোধিতা'র অতীত তীব্রতা কমাতে হলো। আরএসএসের জন্য এ-ও উদ্‌যাপনের মতো বড় এক উপলক্ষ বটে। তারা হয়তো একে 'ঘর ওয়াপসি' বলবে। কিন্তু 'উদ্বাস্তু' পরিচয় থেকে মুক্ত হয়ে 'নাগরিক' হওয়া মতুয়ারা আদি নিশান যে আবারও ওঠাতে চাইবেন না, তার নিশ্চয়তা কোথায়? বিশেষ করে যখন খোদ হরিচাঁদ তাঁর 'দ্বাদশ আজ্ঞা'র ষষ্ঠটিতে বলে গেছেন, 'জাতিভেদ করবে না।' লেখক: দক্ষিণ এশিয়ার ইতিহাস বিষয়ে গবেষক





Tax & Consulting Services

for Individual and Businesses

Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. Nayeem Haque

Podiatic Surgeon

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

LAW OFFICE OF ALBERT GHUNNEY

ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com

37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ব ঠঃৎং'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq

এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338

Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com

421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

মা জীবনের প্রথম এবং

(৫ পাতার পর)

অত্যাচারীর বিরুদ্ধে' (আবু দাউদ-১৫৩৮)।

রাসূল (সা.) বলেন, 'মা-বাবাই হলো তোমার জান্নাত এবং জাহান্নাম' (ইবনে মাজাহ-মিশকাত, পৃ. ৪২১)।

অন্য হাদিসে ইরশাদ হয়েছে, 'যখন কোনো অনুগত সন্তান নিজের মা-বাবার দিকে অনুগ্রহের নজরে দেখে, আল্লাহতায়ালা তার প্রতিটি দৃষ্টির বিনিময়ে একটি করে কবুল হজের সাওয়াব দান করেন' (বায়হাকি-মিশকাত, পৃ. ৪২১)।

হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি রাসূলের (সা.) কাছে এসে জিজ্ঞাসা করল, 'হে আল্লাহর রাসূল! কে আমার উত্তম আচরণ পাওয়ার বেশি হকদার? তিনি বললেন, তোমার মা; সে বলল, তারপর কে? তিনি বললেন, তোমার মা; সে আবারও বলল, তারপর কে? তিনি বললেন, তোমার মা। সে পুনরায় বলল, এরপর কে? তিনি বললেন, তোমার পিতা। (বুখারি শরিফ ও মুসলিম শরিফ)।

একদিন হজরত মুয়াবিয়া ইবনে জাহিমা আসসালামি (রা.) রাসূলের (সা.) খেদমতে হাজির হয়ে বললেন, 'ইয়া রাসূলাল্লাহ! আমি জিহাদ করতে ইচ্ছুক। এ ব্যাপারে আপনার পরামর্শ কী? জবাবে রাসূল (সা.) বললেন, তোমার মা আছেন? তিনি বললেন, আছেন। রাসূল (সা.) ইরশাদ করেন, মায়ের সেবায় নিয়োজিত থাক, কেননা তার পায়ের নিচেই জান্নাত।'

উপরোক্ত আয়াতগুলোতে স্পষ্টভাবে বলা হয়েছে, আল্লাহর পরই মা-বাবার অধিকার।

রাসূলের (সা.) জমানায় বিখ্যাত এক আশেকে রাসূল ওয়াইস করনি (রা.) প্রিয় নবিজির কাছে এ মর্মে খবর পাঠালেন, 'ইয়া রাসূলুল্লাহ (সা.), আপনার সঙ্গে আমার দেখা করতে মন চায়; কিন্তু আমার মা অসুস্থ। এখন আমি কী করতে পারি?' নবিজি (সা.) উত্তর পাঠালেন, 'আমার কাছে আসতে হবে না। আমার সাক্ষাতের চেয়ে তোমার মায়ের খেদমত করা বেশি জরুরি ও বেশি ফজিলতের কাজ।'

সন্তানের সবসময় মনে রাখা উচিত, মায়ের ত্যাগের কারণেই সে আজ এই সুন্দর পৃথিবীতে এসেছে। যদি সে মাকে ভুলে যায়, কষ্ট দেয় বা অবহেলা করে-তাহলে সবই মিছে। সন্তানের পর্বতসমান সফলতা তখন মূল্যহীন। কিন্তু অতি দুঃখের সঙ্গে লিখতে হচ্ছে, সেই মহান মায়ের প্রতি অনেক সন্তান আজকাল উদাসীন, অনেকে বেপরোয়া। এমনও শোনা যায়, সন্তান তার মাকে প্রহার করছেন, ঘর থেকে বের করে দিচ্ছেন, জঙ্গলে মাকে ফেলে এসেছেন, নিজে সুন্দর ঘরবাড়িতে বাস করে মাকে রেখেছেন রান্নাঘরে।

এমনও দেখা যায়, পিতামাতাকে সন্তান ঠিকমতো ভরণপোষণ দিচ্ছেন না। তারা বার্ধক্যে উপনীত হলে তাদের বৃদ্ধাশ্রম নামক কারাগারে পাঠিয়ে দিচ্ছেন। অথচ স্ত্রী ও সংসার নিয়ে নিজেরা বেশ আরাম-আয়েশেই থাকছেন। তাদের পরিবারে বাবা-মা যেন বোঝা। যে সন্তানকে আদর-যত্ন দিয়ে মানুষ করলেন, সেই সন্তান কীভাবে তার মায়ের অবদানকে ভুলে যায়? নাড়িছেড়া ধন একজন সন্তানের কাছ থেকে কোনোভাবেই এসব কাম্য নয়। এতে আল্লাহর আরশ কেঁপে ওঠে; জমিন অভিশাপ দেয়। নিশ্চয় কঠিন কেয়ামতের দিন সেই সন্তানকে আল্লাহর কাঠগড়ায় দাঁড়াতে হবে। কী উপায় হবে সেদিন?

মা শ্রদ্ধার আধার, স্নেহের কান্ডারি। সব ধর্মেই মা আশীর্বাদস্বরূপ। তাই সন্তানের সর্বপ্রথম দায়িত্ব হচ্ছে মাকে শ্রদ্ধা করা, অন্তরের শ্রেষ্ঠ আসনে তাকে প্রতিষ্ঠা করা, ভক্তি ও শ্রদ্ধায় মাকে অভিষিক্ত করা। সন্তানের কাছে মা-ই হলেন জগতের শ্রেষ্ঠ ব্যক্তি। তাই মায়ের সঙ্গে সর্বদা সম্মানজনক ও সহযোগিতামূলক ব্যবহার করতে হবে। তার সঙ্গে কখনো কর্কশ ভাষায় কথা বলা উচিত নয়। মায়ের অবাধ্যতা অমার্জনীয় অপরাধ। মায়ের আদেশ পালন করা এবং তার নির্দেশ মেনে চলা সন্তানের পবিত্র কর্তব্য। মায়ের ঋণ কোনোদিন কখনো কোনোভাবেই শোধ করা যাবে না।

পৃথিবীর সবচেয়ে আপন হলো মা। তাই আসুন, আমরা প্রতিজ্ঞাবদ্ধ হই, আমরা আমাদের কোনো আচরণে যেন মাকে কষ্ট না দেই। যাদের মা এখনো বেঁচে আছেন, সেই মায়ের জন্য জীবনের সর্বোচ্চটাই করার চেষ্টা করি। মা-বাবার সেবা-যত্ন করে আল্লাহর সন্তুষ্টি ও জান্নাত অর্জন করি। আল্লাহ আমাদের সবার পিতামাতাকে ভালো রাখুন। তাদের উত্তম সেবা করার তৌফিক দান করুন।

লেখক: ইমেরিটাস অধ্যাপক, প্রধানমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক

দুই পুলিশের বিচার দাবী

(প্রথম পাতার পর)

মানসিকভাবে অসুস্থ। পুলিশ ঠান্ডা মাথায় তাকে হত্যা করেছে। ঘটনাটি গত ২৭ মার্চ বুধবার বেলা দেড়টার দিকে বাসার ভিতরে মা আর ছোট ভাইয়ের সামনেই তাকে গুলি করে হত্যা করা হয়। তাদের দেশের বাড়ী গাজীপুর জেলায়।

নিউইয়র্ক সিটির কুইন্স বরোর ওজনপার্কে পুলিশের গুলিতে নিহত উইন রোজারিও হত্যাকান্ডের বিচারের দাবি এবং অভিযুক্ত ২ পুলিশ অফিসারকে অনতিবিলম্বে সাসপেন্ডের দাবীতে পুলিশী সহিংসতা এবং বর্ণবাদের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার জন্য নিবেদিত তৃণমূল সংগঠন 'জাস্টিস কমিটি' এবং পাবলিক চ্যারিটি সংস্থা ড্রাম এর উদ্যোগে গত ৮ মে বুধবার নিউইয়র্কের সিটি হলের সামনে এক প্রেস কনফারেন্সের আয়োজন করা হয়। এতে নিহত উইন রোজারিওর মা নতান ইভা কস্তা, বাবা ফ্রান্সিস রোজারিও, ছোট ভাই উৎস রোজারি উপস্থিত থেকে বক্তব্য রাখেন। এছাড়াও নিউইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার শাহানা হানিফ, অ্যালেক্সা অ্যাভা ইলস, ক্রিস্টাল হাডসন, লিন কোলান রেস্টলারও উইন রোজারিওর পরিবারের সাথে একত্তা প্রকাশ করেন।

জনাকীর্ণ এই প্রেস কনফারেন্স-এ রোজারিওর বাবা মা দুজনেই দুঃখ ভারাক্রান্ত মনে তাঁদের বড়ো সন্তানের স্মৃতি চারণ করেন। এসময় তারা অভিযোগ করে বলেন, ঘটনার ১ মাস পাড় হয়ে গেলেও মেয়রের কার্যালয় বা এন ওয়াই পি ডি'র পক্ষ থেকে কোনোরকম যোগাযোগ করা হয় নি তাঁদের সাথে। এমনকি ঘটনার ২ দিন পর্যন্ত তাদেরকে নিজেদের বাসায় ঢুকতে দেয়নি এন ওয়াই পি ডি। এছাড়াও ঘটনার পর মা ও ছোট ভাইকে পুলিশ জিজ্ঞাসাবাদ করার জন্য নিয়ে গিয়ে, অপরাধীর মতো আচরণ করেছিল বলেও অভিযোগ করে রোজারিওর পরিবার। রোজারিওর বাবা প্রশ্ন রাখেন, তার সন্তান না হয়ে যদি কোনো শ্বেতাঙ্গ'র সন্তান হতো, তাহলেও পুলিশ এমন আচরণ করতো কি না?

প্রেস কনফারেন্সে বক্তারা নিউইয়র্ক পুলিশ এবং মেয়র এরিক অ্যাডামসের ভূমিকা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন। তারা এটাও জানতে চান অভিযুক্ত পুলিশ অফিসার চিন ফ্রানকো এবং এলন গি-কে কেন এখনো সাসপেন্ড করা হয়নি। বক্তারা অবিলম্বে অভিযুক্ত ২ পুলিশ অফিসেরের শাস্তি দাবি করেন। এছাড়াও এন ওয়াই পি ডি থেকে নিউইয়র্ক মেন্টাল হেলথ ডিপার্টমেন্ট কে আলাদা করার দাবিও জানান তারা। এদিকে সাম্প্রতিক নিউইয়র্কে পুলিশের গুলিতে বেশ কয়েকজন নিহতের ঘটনায় উদ্বেগ ছড়িয়েছে পুরো নিউইয়র্কবাসীদের মাঝে। আর কত প্রাণ ঝড়লে নিউইয়র্করা স্বজন হারানোর আক্ষেপ থেকে মুক্ত হবেন সেটিই এখন নিউইয়র্কারদের মাঝে প্রশ্ন। এক্ষেত্রে পুলিশকে আরো বেশি জবাবদিহিতার আওতায় নিয়ে আসার পরামর্শ দিয়েছেন বিশ্লেষকরা।

ফেডারেল জাজ নুসরাত চৌধুরীর শপথ গ্রহণ

(প্রথম পাতার পর)

দাগনভুইয়ার উপজেলার ৬ নং দাগনভুইয়া সদর ইউনিয়নের দক্ষিণ আলীপুর। তিনি যুক্তরাষ্ট্রের ইয়েল ল স্কুল, প্রিন্সটন ইউনিভার্সিটি এবং কলাম্বিয়া ইউনিভার্সিটিতে পড়াশুনা করেন। তিনি ২০২০ সাল পর্যন্ত ইলিনয় অঙ্গরাজ্যের আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়নের লিগ্যাল ডাইরেক্টর হিসেবে কাজ করেছেন। এছাড়া তিনি ২০০৮ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত নিউইয়র্কে আমেরিকার সিভিল রাইটস ইউনিয়নে বিভিন্ন পদে কাজ করেছেন। সর্বশেষ ২০১৮ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত তিনি রেসিয়াল জাস্টিস প্রোগ্রামের ডেপুটি ডাইরেক্টর ছিলেন। নুসরাত চৌধুরী ২০১৬ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত রেসিয়াল জাস্টিস প্রোগ্রামের সিনিয়র স্টাফ অ্যাটর্নি হিসেবও দায়িত্ব পালন করেন।

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়
PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।
❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

কুইন্স থেকে চৌধুরী হারুন হোসেনের প্রশ্নঃ

আমি আমার স্ত্রীকে নিয়ে ১৯৯৯ সালে ভিজিট ভিসায় এদেশে আসি। এখানে এসে আমি প্রয়োজনের তাগিদে কাজ শুরু করি। ২০০৪ সালে আমার আবেদন প্রত্যাখ্যাত হলেও আমি এদেশে ছেড়ে চলে যাই নাই। আমার সন্তানরা এদেশে জন্মগ্রহণ করেছে। তারা এখানে স্কুল, ভার্সিটিতে পড়াশোনা করছে। আমার রাজনৈতিক কেস নিয়ে যিনি কাজ করলে তিনি আমাকে বলেছেন যে, আমার সন্তানের বয়স ২১ বছর হলে আমি ইউএস সিটিজেন সন্তানের মাধ্যমে গ্রিনকার্ড পেতে পারি। এখন আমার সন্তানের বয়স ২১ বছর। সে পড়াশোনা করছে। এই সব বিষয়ে আমি আমার ইমিগ্রেশন এটর্নিকে কল করেছিলাম। কিন্তু তার সাথে আমার কথা হয় নাই। এ ব্যাপারে আমার কিছু প্রশ্ন আছে। যে প্রশ্নগুলোর উত্তর জানার জন্য আজ আমি আপনার কাছে লিখছি। আশা করছি উত্তর পাব।

প্রশ্ন নং-১ঃ

১০ বছর আগে আমি ডিপোর্টেশনের নির্দেশ পাই। আমি কি এখন গ্রিনকার্ডের জন্য আবেদন করতে পারি?

প্রশ্ন-২ঃ

আমরা ভিজিট ভিসা নিয়ে এদেশে প্রবেশ করলেও রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদনে দেখাই যে ভিসা ছাড়া আমরা এদেশে ঢুকেছি। আমি কি আমার সাক্ষাতকারের সময় আমার ভিসা এবং আই-৯৪ দেখাতে পারি?

প্রশ্ন-৩ঃ

আমার কন্যা কলেজে যাচ্ছে এবং সে পার্টটাইম কাজ করছে। সে কি আমাদের গ্রিনকার্ডের জন্যে আবেদন করতে পারে?

প্রশ্ন-৪ঃ

আমার স্ত্রী আমার সঙ্গেই এসেছে কিন্তু সে রাজনৈতিক আশ্রয়ের জন্যে আবেদন করে নাই। সে কখনো সোস্যাল সিকিউরিটি এবং ওয়ার্ক পারমিট কার্ড পায় নাই। তার জন্যে কোন প্রক্রিয়া আছে কিনা? আমরা কি একসঙ্গে আবেদন জানাতে পারব নাকি পৃথকভাবে আবেদন করতে হবে?

চৌধুরী হারুনের প্রশ্নের উত্তরঃ

আমরা আপনার কিছু প্রশ্নের উত্তর এই সংখ্যায় প্রকাশ করার চেষ্টা করবো। প্রয়োজনে পরবর্তী সংখ্যায় বাদবাকী প্রশ্নের উত্তর প্রকাশ করার ইচ্ছা রইলো। তবে আপনার কেস খুব জটিল সে কারণে প্রয়োজনে আপনাকে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে যোগাযোগ করা উত্তম হবে।



প্রশ্নর নং-১ এর উত্তরঃ

অধিকাংশ রিমুভ্যাল আদেশেই ১০ বছরের নিষেধাজ্ঞা থাকে। নিষেধাজ্ঞার স্থায়িত্ব নির্ভর করে কেসের পরিস্থিতির উপর। এটা ৫ বছর, ১০ বছর, ২০ বছর বা স্থায়ী বহিষ্কার হতে পারে। তবে আপনার কেসের ক্ষেত্রে ১০ বছরের বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না, যেহেতু আপনি এদেশ ত্যাগ করেন নাই। ৫, ১০ অথবা ২০ বছর গণনা শুরু হয় এদেশ ত্যাগ করার পর থেকে। আপনি যদি বহিষ্কারের আদেশ পেয়ে থাকেন তবে বৈধভাবে ফিরে আসার বিকল্প খুব কম থাকে। একটা বিকল্প হতে পারে আপনি বহিষ্কারের পূর্বে আদেশ প্রত্যাহারের জন্য আবেদন জানাতে পারেন। যদি আপনি অনুমতি পান তবে ভিসা অথবা গ্রিনকার্ড নিয়ে পূণরায় এদেশে ঢুকতে পারেন।

প্রশ্ন নং -২ এর উত্তরঃ

ইউএসএ'তে স্ট্যাটাস এডজাস্টমেন্টঃ

বর্তমানে স্ট্যাটাস যাই হোক আপনি যদি ভিসা নিয়ে এদেশে প্রবেশ করে থাকনে এবং ইউএস সিটিজেন হলে অব্যবহিত পারিবারিক সদস্যদের (পিতা-মাতা, ২১ নিম্ন বয়সের অবিবাহিত সন্তান এবং স্বামী-স্ত্রী) এদেশের ভেতেরই স্ট্যাটাস এডজাস্ট হতে পারে। বৈধ ভিসা নিয়ে এদেশের বাইরে না গিয়েও গ্রিনকার্ড পেতে পারেন। আপনি যদি রাজনৈতিক আশ্রয়ের আবেদনের জন্য নাম ব্যবহার করেন এবং যদি তা কখনো প্রকাশ না করেন সেক্ষেত্রে অন্য আরেক ইস্যুর সম্মুখিন হতে হবে। এটা হচ্ছে ইউএস ইমিগ্রেশনকে ধোঁকা দেয়ার অভিযোগ। এক্ষেত্রে পরামর্শ হচ্ছে আপনি একজন বিশেষজ্ঞ এটর্নীর সঙ্গে আবেদনের সব ডকুমেন্ট, সন্তানের জন্ম সনদ, আপনার বিয়ের সনদ ও পাসপোর্টসহ যোগাযোগ করুন।

পরবর্তী সংখ্যায় আপনার বাকি ২টি প্রশ্নের উত্তর প্রকাশ করা হবে।

ইউএস সিটিজেনশীপ লাভের যোগ্যতাঃ

আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে এই উত্তরঃ একজন পারমানেন্ট রেসিডেন্ট হিসেবে আপনি যদি ইউএসএ-তে বসবাস করেন, তবে আপনি ন্যাচারালাইজেশনের জন্য (এন-৪০০) আবেদন করে ইউএসএ'র সিটিজেন হওয়ার প্রক্রিয়া শুরু করতে পারেন। ইউএস ইমিগ্রেশন আইনে সিটিজেন হওয়ার জন্য আপনাকে অবশ্যই নিচের শর্তগুলো পূরণ করতে হবে।

শর্তগুলো হচ্ছেঃ

বয়সঃ আপনার বয়স অবশ্যই ১৮ বছর হতে হবে যখন আপনি আবেদন জানাবেন; রেসিডেন্সিঃ বৈধভাবে ৫ বছরের পার্মানেন্ট রেসিডেন্ট হতে হবে। যদি আপনার স্বামী/স্ত্রী ইউএস সিটিজেন হয়ে থাকেন এবং তার সঙ্গে বসবাস করেন, সেক্ষেত্রে বসবাসের যোগ্যতা ৩ বছর হতে হবে (সশরীরে ইউএসএ'তে উপস্থিতি আইনের চাহিদা। আপনাকে স্থায়ীভাবে ইউএসএ'র থাকতে হবে)।

সিটিজেনশীপের পরীক্ষাঃ ইংরেজি পড়তে, লিখতে এবং ব্যাসিক ইংরেজি বলা জানতে হবে।

ইউএসএ'র ইতিহাস এবং সরকারঃ ইউএসএ'র ইতিহাস এবং সরকার সম্পর্কে জ্ঞান এবং বোঝার দক্ষতা প্রমান করতে হবে।

আইন অনুযায়ী আপনাকে অবশ্যই সৎ চরিত্রের অধিকারী হবে এবং ইউএসএ'র প্রতি আনুগত্য গ্রহণে শপথ নিতে সম্মতি থাকতে হবে।

আপনি ইংরেজি ভাষার পরীক্ষা থেকে মওকুফ পেতে পারেন, তবে সিভিক পরীক্ষা দিতে হবে যদি নিচের শর্হগুলো বর্তমান থাকে।

শর্তগুলো হচ্ছেঃ

সিটিজেনশীপের আবেদন জানানোর সময় বয়স ৫০ বছর বা ততোধিক এবং পার্মানেন্ট রেসিডেন্ট হিসেবে ইউএসএ'র বসবাস ২০ বছর যা ৫৫/২০ বলে পরিচিত-

অথবা ৫৫ বছর বা ততোধিক বয়স সিটিজেনশীপের আবেদন জানানোর সময় এবং ইউএসএ'র পার্মানেন্ট রেসিডেন্ট হিসেবে ১৫ বছর বসবাস (যাকে সাধরণভাবে বলা হয় '৫৫/১৫' ব্যতিক্রম)।

নোটঃ

* '৫০/২০' বা '৫৫/১৫' বিবেচনায় আপনি ইংরেজি ভাষার পরীক্ষা থেকে রেয়াত পেলেও সিভিক টেস্ট অবশ্যই দিতে হবে।

* নিজের ভাষায় সিভিক টেস্ট দেয়ার অনুমতি আবেদন।

* আপনার বয়স যদি ৬৫ বা তার বেশি হয় এবং পার্মানেন্ট রেসিডেন্ট হিসেবে ইউএসএ'তে ২০ বছর বসবাস হয় সেক্ষেত্রে ২০টি প্রশ্ন থেকে ১০ প্রশ্ন করবেন এবং আপনাকে অবশ্যই সেখান থেকে ৬টি প্রশ্নের সঠিক উত্তর দিতে হবে।

শারীরিক অক্ষমতার ভিত্তিতে ব্যতিক্রমঃ

শারীরিক, মানসিক বা গঠনগত কেবল অক্ষমতা বা অসুস্থতা যদি থাকে তবে ইংরেজি এবং সিভিক টেস্ট থেকে রেয়াত পেতে পারেন। এক্ষেত্রে এন-৬৪৮ ফরম পূরণ করতে পারেন। (আনুষ্ঠানিকভাবে একে মেডিকেল সার্টিফিকেশন বলা হয়) এই ফরমটি পূরণ করতে হবে মেডিক্যাল ডাক্তারকে।

উপসংহারঃ মায়ের ক্যাটাগরি যদি হয় '৬৫/২০' ক্যাটাগরি-এর অর্থ হচ্ছে তিনি ইংরেজি টেস্ট থেকে মুক্তি পাবেন। কিন্তু ইউএস ইতিহাস ও গভর্নমেন্ট সম্পর্কে সহজ প্রশ্নের উত্তর দিতে হবে। এই টেস্টে ইংরেজি প্রশ্নের উত্তর নিজ ভাষায় বাংলায় দিতে পারবেন।

আপনার মায়ের ক্যাটাগরি '৬৫/২০' ক্যাটাগরি তিনি ইংরেজি টেস্ট থেকে মাফ পেতে পারেন। তিনি নিজ ভাষা বাংলায় প্রশ্নের উত্তর দিতে পারবেন।

মে ২০২৪ ভিসা বুলেটিনঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) মে ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিচে মে ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা দেয়া হলো। মে ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় অধিকাংশ ফ্যামিলি ভিত্তিক ক্যাটাগরির চলমানতা ভালো।

ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৮ জুলাই, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ জুন ০১, ২০২১।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ২২, ২০১৬।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ জানুয়ারী ২০১০।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ২২ জুলাই, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।









নিহত জাকের হোসেনের হামলাকারীকে

(শেষের পাতার পর

)ইউএসএ ইনক অনুষ্ঠানের আয়োজন করে। খবর ইউএনএ'র।

শেরপুর জেলার সন্তান এবং নিউইয়র্ক সিটির জ্যামাইকাবাসী মোহাম্মদ জাকের হোসেন খসরু হি-লসাইড এভিনিউ ও ১৬৭ স্ট্রীট-এর কর্ণারে মান্নান সুপার মার্কেটের কাছে গত ৫ এপ্রিল শুক্রবার দূর্বৃত্তের হামলার শিকার হন। ঘটনার পর হামলাকারী দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে এবং গুরুত্ব আহত এবং জ্ঞানহীন অবস্থায় খসরুকে কুইন্স হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চার দিন আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় গত ১০ এপ্রিল ঈদুল ফিতরের দিন শেষ নি:শ্বাস ত্যাগ করেন। দুর্বৃত্তের আকস্মিক হামলায় খসরু নিহতের ঘটনাটিকে হত্যা হিসেবে দাবী করে প্রবাসী বাংলাদেশী ঘটনার সাথে দূর্বৃত্তকে চিহ্নিত এবং তাকে বিচারের আওতায় এসে সর্বোচ্চ শাস্তি দাবী করেছেন।

রোববারের প্রতিবাদ সভা ও দোয়া মাহফিলের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মসজিদ মিশন সেন্টারের ইমাম ও ডাইরেক্টর হাফেজ মোহাম্মদ রফিকুল ইসলাম এবং বিশেষ দোয়া পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম ও খতিব মির্জা আবু জাফর বেগ। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্থানীয় পুলিশ প্রিসেক্টের সিও মি. জেং, শেরপুর পৌরসভার মেয়র গোলাম কিবরিয়া লিটন, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি ও সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, শেরপুর জেলা সমিতি ইউএসএ'র প্রতিষ্ঠাতা সভাপতি মোহাম্মদ আনোয়ার হোসেন, বাংলাদেশী-আমেরিকান পুলিশ এসোসিয়েশন (বাপা)-এর সহ সভাপতি মোহাম্মদ আলম প্রিন্স ও সাধারণ সম্পাদক রাশেক মালিক এবং নিহতের স্ত্রী শামীমা আক্তার শিউলী।

সভায় পুলিশ কর্মকর্তা জেং বলেন, মোহাম্মদ জাকের হোসেন খসরু নিহতের ঘটনায় জড়িত দূর্বৃত্তকে ধরতে প্রচেষ্টা চলছে। এজন্য পুলিশের গোয়েন্দা শাখা কাজ করছে। অপরাধী অবশ্যই ধরা পড়বে এবং বিচার হবে বলে তিনি আশ্বস্থ করেন। বিষয়টি যেহেতু তদন্তাধীন তাই এই মহুর্তে বেশী কিছু বলা ঠিক হবে না।

বাফা'র নেতৃবৃন্দ বাংলাদেশী-আমেরিকান পুলিশ হিসেবে খসরু হত্যার ঘটনায় কমিউনিটির সাথে তারাও সমব্যাথী উল্লেখ করে বলেন, অবশ্যই এই হত্যার বিচার হবে এবং আমরা সকল কমিউনিটির বিপদ-আপদে পাশে আছি, পাশে থাকবো।



শামীমা আক্তার শিউলী সহ কমিউনিটি নেতৃবৃন্দ অন-তিবিলম্বে জাকের হোসেন খসরু হত্যার জন্য দায়ী দূর্বৃত্তকে অবিলম্বে গ্রেফতার এবং দ্রুত দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেন।

প্রতিবাদ সভায় জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি, প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ, টাঙ্গাইল সোসাইটি ইউএসএ, ময়মনসিংহ জেলা সমিতি ইউএসএ ও শেরপুর প্রবাসী কল্যাণ সমিতি ইউএসএ'র নেতৃবৃন্দ ছাড়াও কমিউনিটি নেতৃবৃন্দ এবং সর্বস্তরের শতাধিক প্রবাসী বাংলাদেশী যোগ দেন।

চার দশকের মধ্যে প্রথম যুক্তরাষ্ট্র-ইসরায়েল

(প্রথম পাতার পর)

বলে মনে করেন বিবিসির সাংবাদিক টম বেটম্যান। কেন এমন ধারণা- তা নিয়ে লিখেছেন বিস্তারিত।

বিশ্বে কৌশলগতভাবে সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পর্কগুলোর একটি ইসরায়েলের সঙ্গে যুক্তরাষ্ট্রের মৈত্রী। চলতি সপ্তাহে এ সম্পর্ক কিছুটা যেন গুটিয়ে নিলেন প্রেসিডেন্ট জো বাইডেন। বিষয়টি সামনে এসেছে টেলিভিশনে তাঁর এক আলাপচারিতায়। তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল, ইসরায়েল যদি গাজার রাফা এলাকায় স্থল হামলার পরিকল্পনা নিয়ে এগিয়ে যায়, তাহলে যুক্তরাষ্ট্র কী করবে? বাইডেনের সাফ জবাব ছিল, 'আমি আর অস্ত্র দেব না।'

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সম্পর্কের মূল ভিত্তিই হলো ওয়াশিংটনের অস্ত্র সরবরাহ। আর বাইডেন এই অস্ত্র সরবরাহ বন্ধের বিষয়টিই সামনে এনেছেন। আসলে গাজায় ইসরায়েলের হামলায় যে চরম মানবেতর পরিস্থিতি সৃষ্টি হয়েছে, তা ঠেকাতে প্রবল চাপের মধ্যে রয়েছেন বাইডেন। তাঁর সাম্প্রতিক বক্তব্যের মধ্য দিয়ে গত চার দশকের মধ্যে প্রথমবারে মতো দুই দেশের সম্পর্কে ফাটলের আভাস পাওয়া গেল। গত শতকের আশির দশকে প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যান ক্ষমতায় থাকার সময় থেকে এমন কোনো পরিস্থিতি দেখা যায়নি।

এ নিয়ে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাবেক বিশ্লেষক ও মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করা অ্যারন ডেভিড মিলার বলেন, গাজায় সংঘাত শুরুর পর থেকে রাজনৈতিক বিভাজনের মধ্যে পড়েছেন বাইডেন। একদিকে রয়েছে ইসরায়েলের এককাট্টা সমর্থক রিপাবলিকান পার্টি, আরেক দিকে গাজায় ইসরায়েলের হামলা নিয়ে বিভক্ত তাঁর ডেমোক্রেটিক পার্টি। তবে এখন পর্যন্ত বাইডেনকে দেখে মনে হয়েছে, ইসরায়েল-যুক্তরাষ্ট্র সম্পর্ক নষ্ট হয়- এমন কিছু করতে চান না তিনি।

টেলিভিশনে ওই সাক্ষাৎকার গত ৮ মে বুধবার দিয়েছিলেন বাইডেন। এর আগ পর্যন্ত ইসরায়েলে অস্ত্রের একটি চালান স্থগিত করেছে যুক্তরাষ্ট্র। ওই চালানে ২ হাজার পাউন্ড ও ৫০০ পাউন্ড ওজনের দুই ধরনের বোমা ছিল।

যদিও বাইডেনের দৃষ্টিভঙ্গিতে পরিবর্তন এসেছে। তিনি মনে করেন, রাফায় স্থল হামলা চালানোর সিদ্ধান্তের দিকে এগিয়ে যাচ্ছে ইসরায়েল। সোমবার ইসরায়েল কর্তৃপক্ষ জানিয়েছে, রাফার পূর্বাঞ্চল লক্ষ্য করে তৎপরতা শুরু করেছে তাদের স্থল বাহিনী। এই এলাকার জনবসতিগুলোর কাছে ইসরায়েলি ট্যাংকগুলোও জড়ো হচ্ছে। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, তাঁরা একের পর এক গোলাবর্ষণের শব্দ শুনতে পাচ্ছেন। সেখানে কোনোরকমে টিকে থাকা হাসপাতালগুলোতেও আহত মানুষের ভিড় দেখা গেছে।

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বারবার একই কথা বলছেন যে রাফায় পুরো মাত্রায় স্থল হামলা চালানো হবে। সেখানে হামাসকে নির্মূলের জন্য এমন অভিযান প্রয়োজন। যুদ্ধবিরতির চুক্তির বিষয়ে আলোচনা সফল হোক বা না হোক, এ অভিযান হবেই। গাজায় সাত মাস ধরে চলা ইসরায়েলের নির্বিচার হামলার মুখে এই রাফাতেই উপত্যকাটির ১০ লাখের বেশি মানুষ আশ্রয় নিয়েছেন। সেখানে চরম মানবেতরভাবে জীবন কাটাচ্ছেন তাঁরা।

রাফায় পূর্ণ মাত্রায় স্থল হামলা না চালাতে ইসরায়েলকে বহুবার আহ্বান জানিয়েছে ওয়াশিংটন। এলাকাটিতে 'হামাসসংশ্লিষ্ট লক্ষ্যবস্তুগুলোতে সুনির্দিষ্ট অভিযান' চালানোর জন্য চাপও দিচ্ছে। বিশ্লেষক অ্যারন ডেভিড মিলার মনে করেন, বাইডেন এটা ভেবে ভয় পাচ্ছেন যে রাফায় স্থল অভিযান চালানো হলে গাজায় সংঘাত থামানোর বা হামাসের হাতে এখনো জিম্মি থাকা ব্যক্তিদের মুক্তির বিষয়টি ঝুঁকির মুখে পড়বে। আর এ হামলা হলে ডেমোক্রেটিক পার্টির মধ্যেও বিভাজন বাড়বে। এসব ভেবেই অস্ত্র সরবরাহ বন্ধের কথা বলে ইসরায়েলকে একটি ইঙ্গিত দিয়েছেন বাইডেন।

টেলিভিশনে ওই সাক্ষাৎকার বুধবার দিয়েছিলেন বাইডেন। এর আগ পর্যন্ত ইসরায়েলে অস্ত্রের একটি চালান স্থগিত করেছে যুক্তরাষ্ট্র। ওই চালানে ২ হাজার পাউন্ড ও ৫০০ পাউন্ড ওজনের দুই ধরনের বোমা ছিল। বাইডেন প্রশাসনের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা বলেছেন, যুক্তরাষ্ট্রের দেওয়া শক্তিশালী অস্ত্রগুলো ইসরায়েল শেষ পর্যন্ত কোথায় ব্যবহার করবে এবং ঘনব-সতিপূর্ণ শহুরে এলাকায় ওই অস্ত্র দিয়ে হামলা চালালে তার প্রভাব কী হবে, বিষয়গুলো নিয়ে ওয়াশিংটনের উদ্বেগ রয়েছে। বাইডেনের নির্দেশে ১০ মে শুক্রবার একটি প্রতিবেদন প্রকাশ করেছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর। তাতে বলা হয়েছে, গাজা সংঘাতের কিছু কিছু ক্ষেত্রে ইসরায়েল হয়তো যুক্তরাষ্ট্রের সরবরাহ করা অস্ত্রের মাধ্যমে আন্তর্জাতিক মানবাধিকার আইন লঙ্ঘন করেছে। ওই প্রতিবেদনে এটাও বলা হয়েছে যে এই মূল্যায়নের বিষয়ে 'পূর্ণ তথ্য' যুক্তরাষ্ট্রের হাতে নেই। এর অর্থ দাঁড়ায়, ইসরায়েলকে সামরিক সহায়তা অব্যাহত রাখবে তারা। যুক্তরাষ্ট্র ইসরায়েলকে প্রতিবছর ৩৮০ কোটি ডলারের অস্ত্রসহ-ায়তা দিয়ে থাকে। এ ছাড়া সম্প্রতি দেশটিকে আরও ১ হাজার ৭০০ কোটি ডলার অস্ত্র ও প্রতিরক্ষাব্যবস্থা সরবরাহের প্রস্তাব পাস হয়েছে ইউএস কংগ্রেসে। তাই ইসরায়েলের হাতে বর্তমানে যে পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ আছে, তা দিয়েই তারা রাফাকে মাটির সঙ্গে মিশিয়ে দিতে পারবে বলে মনে করেন যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর সাবেক কর্মকর্তা কর্নেল জো বুচিনো।

সাবেক এই কর্মকর্তা বলেন, রাফায় হামলা চালানোর ইসরায়েলী সিদ্ধান্তে যুক্তরাষ্ট্রের অস্ত্রের চালান স্থগিত করাটা তেমন একটা গুরুত্ব পাবে না। আসলে গাজা পরিস্থিতি নিয়ে যুক্তরাষ্ট্রের অনেক মানুষ উদ্বিগ্ন। তাঁদের সামাল দিতে অস্ত্রের চালান স্থগিত করাটা একটি রাজনৈতিক চাল।

এই একটি চালান স্থগিত করাতেই চটেছেন রিপাবলিকান সিনেটররা। যেমন সিনেটর পিট রিকেটসের ভাষ্য, 'আমি মনে করি, অস্ত্রের চালান স্থগিত করাটা জঘন্য কাজ হয়েছে। প্রেসিডেন্টের আসলে এটা করার কোনো দরকারই ছিল না।'

তবে এই একটি চালান স্থগিত করাতেই চটেছেন রিপাবলিকান সিনেটররা। যেমন সিনেটর পিট রিকেটসের ভাষ্য, 'আমি মনে করি, অস্ত্রের চালান স্থগিত করাটা জঘন্য কাজ হয়েছে। প্রেসিডেন্টের আসলে এটা করার কোনো দরকারই ছিল না।' আরেক রিপাবলিকান সিনেটর জন বারাসো বলেছেন, নিজেদের সার্বভৌমত্ব রক্ষায় যেকোনো কিছু করার অধিকার রয়েছে ইসরায়েলের। অস্ত্রের চালান স্থগিত করার যে সিদ্ধান্ত বাইডেন নিয়েছেন, তাতে তাঁর দুর্বলতাই ফুটে উঠেছে।

অপর দিকে অস্ত্রের চালান স্থগিতের সিদ্ধান্তে বাইডেনের নিজের দলের অনেকেই খুশি। যেমন সিনেটর ক্রিস কুনস। তিনি বলেন, রাফায় হামলা থেকে নেতানিয়াহুকে বিরত রাখতে বারবার চেষ্টা করেছেন বাইডেন। এরপরও উত্তেজনা বেড়েছে। কারণ, উগ্র জাতীয়তাবাদীদের রাজনৈতিক সমর্থনের ওপর নির্ভর করেন নেতানিয়াহু। এই জাতীয়তাবাদীরা চায় না, গাজাবাসীরা মানবিক সহায়তা পাক। তাদের উদ্দেশ্য, পশ্চিম তীর থেকে ফিলিস্তিনীদের উচ্ছেদ করা। অস্ত্রের চালান স্থগিত করাটা সেই প্রচেষ্টায় প্রথমবারের মতো বাধা হয়ে দাঁড়াতে পারে।

বাইডেন ও নেতানিয়াহুর সম্পর্ক পাঁচ দশকের। এ সম্পর্কে বলতে গেলে সব সময়ই টানাপোড়েন ছিল। দুজনই যখন তরুণ ছিলেন, তখন একটি ছবিতে নেতানিয়াহুর উদ্দেশে তিনি লিখেছিলেন, 'আমি আপনাকে পছন্দ করি। তবে আপনার কথার সঙ্গে একমত নই।' নেতানিয়াহুও প্রায়ই ইসরায়েলকে সমর্থন দেওয়ার জন্য বাইডেনের প্রশংসা করেন। আবার ফিলিস্তিন-সংক্রান্ত গুরুত্বপূর্ণ অনেক বিষয় নিয়ে একে অপরের বিরুদ্ধেও যান।

গত ৭ অক্টোবর হামাসের হামলার পর ইসরায়েলে ছুটে গিয়েছিলেন বাইডেন। ইসরায়েলের প্রতি অকপট সমর্থন জানিয়েছিলেন। আবার সতর্ক করে এটাও বলেছিলেন, 'নাইন-ইলেভেনের হামলার পর আমরা যেসব ভুল করেছিলাম, সেই ভুলগুলো যেন আপনারা করবেন না।' তিনি আসলে এটাই বোঝাতে চেয়েছিলেন যে 'ফিলিস্তিনের মানুষজনও একইভাবে বড় দুর্দশার মধ্যে রয়েছে। সারা বিশ্বের মতোই নিরাপরাধ ফিলিস্তিনীদের মৃত্যুতে আমাদের সমবেদনা রয়েছে।'

বাইডেন ও নেতানিয়াহুর সম্পর্ক পাঁচ দশকের। এই সম্পর্কে বলতে গেলে সব সময়ই টানাপোড়েন ছিল। দুজনই যখন তরুণ ছিলেন, তখন একটি ছবিতে নেতানিয়াহুর উদ্দেশে তিনি লিখেছিলেন, 'আমি আপনাকে পছন্দ করি। তবে আপনার কথার সঙ্গে একমত নই।'

বাইডেনের ওই সতর্কতার পরও গাজায় হামলা চালিয়ে গেছে ইসরায়েল। এমনকি অস্ত্রের চালান স্থগিতের পর বৃহস্পতিবার তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন নেতানিয়াহু। তিনি বলেছেন, 'আমাদের যদি একাকী লড়াই করতে হয়, একাই লড়ব। আমি বলেছি, প্রয়োজন পড়লে আমরা শেষ সামর্থ্যটুকু দিয়েই লড়াই চালিয়ে যাব।'

নেতানিয়াহুর এমন বক্তব্যের বিষয়ে ডেমোক্রেটিক পার্টির সিনেটর ক্রিস কুনস বলেন, 'তাদের শেষ সামর্থ্য দিয়ে লড়াই করতে হবে না। তারা আধুনিক অস্ত্র দিয়েই লড়াই করবে। এই অস্ত্রগুলো অনেক ক্ষেত্রে আমাদের সঙ্গে যৌথভাবে তারা তৈরি করেছে। অনেক সময় আমরাই অস্ত্রগুলো দিয়েছি। তবে এগুলো তাদের এমনভাবে ব্যবহার করা উচিত হবে যেন বেসামরিক মানুষের প্রাণহানি সর্বনিম্ন পর্যায়ে থাকে।'

পড়শি কাব্যের পঞ্চম আসর ঃ কবিতায় গানে মুখরিত















বিশেষ প্রতিনিধি: প্রবাসে যেসব সংগঠন খুব পরিকল্পিতভাবে প্রবাসেরই শিল্পী সাহিত্যিকদের তুলে ধরছে তাদের অন্যতম হচ্ছে পড়শি কাব্য। ইতোমধ্যেই তারা চার-চারটি আসরের আয়োজন করেছে তার কোনটাতেই এর ব্যত্যয় হয়নি। এরই ধারাবাহিকতায় গত ৪ মে হয়ে গেল তাদের পঞ্চম আসরটি।

বাংলাদেশ রাইটার্স ক্লাব, যুক্তরাষ্ট্র এবং বাংলাদেশ ইনষ্টিটিউট অব পারফর্মিং আর্টস (বিপা)-এর যৌথ আয়োজনে বাচিক শিল্পী জি এইচ আরজু এবং সাবিনা সারমিন নিরু'র সঞ্চালনায় অনুষ্ঠিত আসরে প্রবাসের ২৪ জন কবির কবিতা আবৃত্তি করেন প্রবাসেরই কৃতি ৬ জন আবৃত্তিকার। যেসব কবির কবিতা আবৃত্তি হয় তারা হলেন- (নামের আদ্যাক্ষর অনুযায়ী) আনোয়ার সেলিম, আল ইমরান সিদ্দিকী, আহমেদ ছহুল, ওয়াহিদুজ্জামান বকুল, কাজী আতীক, কুলদা রায়, জান্নাতুল মুরশিদা, তমিজ উদদীন লোদী, দর্পণ কবির, নাসরীন চৌধুরী, বদরুজ্জামান আলমগীর, বেনজির শিকদার, মিশুক সেলিম, মুমু আনসারী, রওশন হাসান, রাজিয়া নাজমী, রিম্মি রুম্মান, রোমেনা লেইস, লুতফা শাহানা, শরিফুজ্জামান পল, শামস আল মমীন, সুমন শামসুদ্দিন, সোনিয়া কাদের ও হোসাইন কবির।

যারা আবৃত্তি করলেন তারা হলেন- আবীর আলমগীর, ন্যাশ নাসরিন, পাপড়ি বড়ুয়া, পারভিন সুলতানা, প্রিয়তা সায়রা ইমাম ও শাহরিয়ার তৈমুর।

সবশেষে ছিল বিশিষ্ট শিল্পী তাহমিনা শহীদের কণ্ঠে একক সঙ্গীতানুষ্ঠান। অনবদ্য এই সঙ্গীতানুষ্ঠানে শিল্পী নানা ধরনের পাঁচটি গান পরিবেশন করেন, যা দর্শক শ্রোতারা পিনপতন নীরবতায় মুগ্ধতার সাথে শ্রবণ করেন। বাঁশীতে ছিলেন সৌগত সরকার হিল্লোল এবং মন্দিরায় আব্দুস শহীদ।

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা, ইন্‌ক

JALALABAD ASSOCIATION OF AMERICA, INC

সাধারণ সভা

তারিখ : **১৯ মে, ২০২৪ রবিবার** সময় : বিকাল **৫টা**

স্থান : **Taj Mahal Party Hall**

148-01 Hillside Ave Jamaica, NY 11435

সম্মানিত জালালাবাদবাসী,

আগামী ১৯ মে, রবিবার জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাধারণ সভার আয়োজন করা হয়েছে। উক্ত সাধারণ সভায় জালালাবাদবাসীর উপস্থিতি একান্তভাবে কাম্য।

আমন্ত্রণক্রমে

বদরুল খান
সভাপতি
৬৪৬-৮২৪-৪৮১৪

রোকন হাকিম
ভারপ্রাপ্ত-সাধারণ সম্পাদক
৯১৭-৩৬২-২৪৪২

মোঃ লোকমান হোসেন (লুকু), *সহ-সভাপতি (সিলেট জেলা)* • **শামীম আহমেদ**, *সহ-সভাপতি (সুনামগঞ্জ জেলা)* • **মোঃ শফিউদ্দিন তালুকদার**, *সহ-সভাপতি (হবিগঞ্জ)* • **বশির খান**, *সহ-সভাপতি (মৌলভীবাজার)* • **মোহাম্মদ আলিম**, *কোষাধ্যক্ষ* • **মোঃ জিল্লুর রহমান খান**, *সাংগঠনিক সম্পাদক* • **ফয়ছল আলম**, *প্রচার ও দপ্তর সম্পাদক* • **হোসেন আহমদ**, *সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক* • **মান্না মুনতাসির**, *ক্রীড়া সম্পাদক* • **বুরহান উদ্দিন**, *আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক* • **জাহিদ আহমেদ খান**, *সমাজ কল্যাণ সম্পাদক* • **সুতিপা চৌধুরী**, *মহিলা বিষয়ক সম্পাদক* • **আব্দুল আজিজ**, *কার্যকরী সদস্য (সিলেট জেলা)* • **হুমায়ুন কবির সোহেল**, *কার্যকরী সদস্য (সুনামগঞ্জ জেলা)* • **দেলোয়ার হোসেন মানিক**, *কার্যকরী সদস্য (হবিগঞ্জ জেলা)* • **মিজানুর রহমান**, *কার্যকরী সদস্য (মৌলভীবাজার জেলা)*

বোর্ড অব ট্রাষ্টি: **কাওছারুজ্জামান কয়েছ • বদরুন নাহার খান মিতা • ছয়দুন নূর • সৈয়দ নাজমুল হাসান কুবাদ**

প্রচারে: **ফয়ছল আলম,** *প্রচার ও দপ্তর সম্পাদক*





সাবেক মন্ত্রীর চার

(প্রথম পাতার পর)

নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত। রোববার অর্থঋণ আদালত চট্টগ্রামের বিচারক মুজাহিদুর রহমান এই আদেশ দেন। দেশত্যাগে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে সাবেক মন্ত্রীর ছেলে মুজিবুর রহমান, জাহিদুল ইসলাম, কামরুল ইসলাম ও ওয়াহিদুল ইসলামের বিরুদ্ধে। মুজিবুর রহমান সাবেক মন্ত্রীর মালিকানাধীন সানোয়ারা ডেইরি ফুডস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক। অন্য তিনজন একই প্রতিষ্ঠানের পরিচালক।

আদালতের বেঞ্চ সহকারী রেজাউল করিম সন্ধ্যায় এসব কথা জানান। তিনি বলেন, ৩০ কোটি টাকা খেলাপি ঋণের মামলায় উত্তরা ব্যাংকের করা আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত সাবেক মন্ত্রীর চার ছেলের দেশত্যাগে নিষেধাজ্ঞা দিয়েছেন। তাঁরা যাতে দেশ ছেড়ে যেতে না পারেন, সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ঢাকার বিশেষ পুলিশ সুপার (অভিবাসন) নির্দেশ দিয়েছেন আদালত।

বেঞ্চ সহকারী আরও বলেন, উত্তরা ব্যাংক থেকে যে ৩০ কোটি টাকা ঋণ নেওয়া হয়েছে, তার বিপরীতে ব্যাংকে কোনো সম্পত্তি বন্ধক নেই। বিবাদীদের ব্যক্তিগত নিশ্চয়তা ও ট্রাস্ট রিসিটের ভিত্তিতে এই ঋণ মঞ্জুর করেছিল ব্যাংক।

আমেরিকা প্রবাসী মিয়া

(প্রথম পাতার পর)

বিচারপতি মো. হাবিবুল গনি ও বিচারপতি আহমেদ সোহেলের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। আদালতে আরেফিনের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট জয়নুল আবেদীন। অপরদিকে রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান মনির। উল্লেখিত মামলার বিবরণ থেকে জানা যায়, ২০২৩ সালের ৩০ অক্টোবর প্রেসিডেন্ট জো বাইডেনের কথিত উপদেষ্টা জাহিদুল ইসলাম ওরফে মিয়া আরেফীকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। আদালত তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

রাজধানী ঢাকার পল্টন থানা সূত্রে জানা গেছে, গত বছরের ২৮ অক্টোবর মহিউদ্দিন শিকদার নামের এক ব্যক্তি বাদী হয়ে আরেফিসহ তিনজনকে আসামি করে মামলা করেন। ওই মামলার বাকি দুই আসামি হলেন অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল চৌধুরী হাসান সারওয়ার্দী ও বিএনপি নেতা মো. ইশরাক হোসেন। অপরের রূপ ধারণ ও মিথ্যা পরিচয় দিয়ে বিশ্বাস ভঙ্গ করার অভিযোগে তাদের বিরুদ্ধে মামলা হয়েছে।

মেরিল্যান্ড ফোবানা সম্মেলন নিয়ে

(শেষের পাতার পর)

জাতীয় প্রেসক্লাব এর জহুর হোসেন চৌধুরী হলে শাহ নেওয়াজ ও কাজী আজম নেতৃত্বাধীন ফোবানা কর্মকর্তারা সাংবাদ সম্মেলন করেছেন। শনিবার (১১ মে) অপরাহ্নে এই সংবাদ সম্মেলন আয়োজন করা হয়।

সাংবাদ সম্মেলনে ৩৮ তম ফোবানা কনভেনর জাহাঙ্গীর কবীর বাবলু, স্টিয়ারিং কমিটির ট্রেজারার ও ২০১৯ সম্মেলন এর মেম্বার সেক্রেটারী ফিরোজ আহমেদ, বাংলাদেশের জনপ্রিয় সঙ্গীত শিল্পী খুরশিদ আলম, অন্তর শোবিজ এর স্বপন চৌধুরী, সাবেক জাতীয় ফুটবলার আব্দুল গাফফার, মডেল আনিকা কবির শখ, কৌতুক অভিনেতা আবু হেনা রনি সহ আরো অনেকে উপস্থিত ছিলেন বলে ঢাকা থেকে প্রাপ্ত খবরে জানা গেছে।

সভায় কনভেনর জাহাঙ্গীর বাবলু ৩৮ তম ফোবানার নানান দিক তুলে ধরে বক্তব্য রাখেন। স্টিয়ারিং ফিরোজ আহমেদ ফোবানা'র কর্মকান্ডের বিস্তারিত তুলে ধরে সাংবাদিকদের লিখনীর মাধ্যমে ফোবানা'র কর্মকান্ড বিশ্বব্যাপী ছড়িয়ে দেয়ার অনুরোধ জানান। এতে উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন জাহাঙ্গীর বাবলু ও ফিরোজ আহমেদ।

এক স্লিপ

(শেষের পাতার পর)

প্রিন্ট পত্রিকাগুলোর মধ্যে রয়েছে সাপ্তাহিক বাংলা পত্রিকা, ঠিকানা, দেশ, বাংলাদেশ, জন্মভূমি, মুক্তচিন্তা, আজকাল, প্রবাস, প্রথম আলো, বাংলাদেশ প্রতিদিন, সাদাকালো, হ্যালো নিউইয়র্ক, বাঙালী। এসব প্রিন্ট মিডিয়ার আবার অনলাইন সংস্করণও রয়েছে। এর বাইরে নিয়মিত অনলাইনে প্রকাশিত হচ্ছে- সাপ্তাহিক পরিচয়, এখন সময়, হককথা, যুগান্তর, নিউইয়র্ক কাগজ প্রভৃতি। এদিকে প্রিন্ট মিডিয়াগুলোর মধ্যে অধিকাংশ পত্রিকা সপ্তাহের প্রতি শুক্রবার প্রকাশিত হচ্ছে। খোঁজ নিয়ে জানা যায়, যেহেতু পত্রিকাগুলো ফ্রি আর তাই শুক্রবার জুম্মার দিন মসজিদগুলোতে মসুল্লী তথা পাঠকদের দৃষ্টি আর মনোযোগ কাড়তেই শুক্রবার পত্রিকাগুলো প্রকাশিত হচ্ছে। নতুন প্রকাশিতব্য পত্রিকাগগুলোরও প্রকাশ দিনের টার্গেট শুক্রবার। মসজিদ ছাড়াও পত্রিকাগুলো বিভিন্ন গ্রোসারী স্টোর সহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে পাওয়া যায়।

জিম্মিদের মুক্তি দিলেই যুদ্ধবিরতি কার্যকর : বাইডেন

বাংলা পত্রিকা ডেস্ক: জিম্মিদের মুক্তি দিলেই ফিলিস্তিনের গাজায় যুদ্ধবিরতি কার্যকর করার কথা জানিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। শনিবার (১১ মে) প্রেসিডেন্ট বলেছেন, হামাস যদি আজ ১২৮ জিম্মিকে মুক্তি দেয় তাহলে আগামীকালই গাজায় যুদ্ধবিরতি কার্যকর করা সম্ভব। এ বিষয়ে ইসরাইলের কর্মকর্তাদের সঙ্গে বাইডেনের কথা হয়েছে বলেও নিশ্চিত করেছেন তিনি। তারা বলেছেন, গাজা যুদ্ধবিরতি এখন পুরোটাই হামাসের ওপর নির্ভর করছে। হামাস জিম্মিদের ছেড়ে দিলেই গাজায় ইসরাইল অভিযানের ইতি টানবে এবং সাথে সাথেই আনুষ্ঠানিক যুদ্ধবিরতি ঘোষণা করা হবে।

গত ৭ অক্টোবর ইসরাইলের ভূখন্ডে প্রবেশ করে হামলা চালায় হামাস। এতে নিহত হন ১ হাজার ২০০ জন ইসরাইলী। সেই সঙ্গে জিম্মি হিসেবে আটক হয় আরও ২৪০ জন। মাঝে সাময়িক যুদ্ধবিরতির চুক্তিতে বেশ কয়েকজন জিম্মিকে ছেড়ে দেয় হামাস। তবে হামাসের হাতে এখনও ১২৮ জন জিম্মি বন্দি রয়েছেন। এদেরকে হামাস মুক্তি দিলেই গাজায় হামলা বন্ধের কথা জানিয়েছে ইসরাইল।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্ম

ফেডারেল ডিজএবিলিটি

(কোন অগ্রিম ফি নেয়া হয় না)

Immigration



Timothy Bompart
Attorney at Law

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.





ডা. হামিদুজ্জামান, ডা. চৌধুরী সারোয়ার ও বেবী নাজনীনের মাতৃবিয়োগ

নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশের উত্তরবঙ্গের তিন কৃতি সন্তান যথাক্রমে নিউইয়র্কের বিশিষ্ট চিকিৎসক, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র ট্রাষ্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান ডা. মোহাম্মদ হামিদুজ্জামানের মাতা ফাজিলাতুন নেসা, ফাউন্ডেশনের সভাপতি ডা. চৌধুরী সারোয়ার হাসান ও উপদেষ্টা ডা. চৌধুরী মঞ্জুর হাসানের রত্নগর্ভা মাতা রওশনারা নূরুন নাহার, বাংলাদেশের জনপ্রিয় কণ্ঠশিল্পী বেবী নাজনীন-এর মাতা আবিদা মনসুর এবং বৃহত্তর রাজশাহী সমিতির সাধারণ সম্পাদক মজিদ আকন্দের মাতা ও মোহাম্মদ শাহাদত হোসেনের ইন্তেকালে নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ ইনক শোক সভা ও দোয়া মাহফিল করেছে। এছাড়া বিগত দিনে সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি হাসানুজ্জামান হাসানের বড় ভাই মোহাম্মদ সেলিম, উত্তরবঙ্গবাসী পানি বিশেষজ্ঞ ড. আবু সুফিয়ান এবং আল মামুন ও শাহ নওয়াজ সহ উত্তরবঙ্গের সকল মৃতব্যক্তিদের জন্য বিশেষ দোয়া করা হয়। গত ৫ মে রোববার সন্ধ্যায় জ্যামাইকার খলিল বিরিয়ানী হাউজ মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। খবর ইউএনএ'র।

ফাউন্ডেশনের সভাপতি ডা. চৌধুরী সারোয়ার হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত দোয়া মাহফিলে বিশেষ দোয়া মুনাজাত পরিচালনা করেন হাফেজ মোহাম্মদ রফিকুল ইসলাম। অনুষ্ঠানে ডা. মোহাম্মদ হামিদুজ্জামা ন ও ডা. চৌধুরী সারোয়ার হাসানের অন্যান্যের মধ্যে বক্তব্য সংগঠনের উপদেষ্টা অধ্যাপিকা হুসনে আরা, ডা. চৌধুরী মঞ্জুর হাসান, মোহাম্মদ দবিরুল হক, মোহাম্মদ মনিরুল ইসলাম, জহিরুল হক টুকু ও মাহাবুবুর রহমান, সাবেক সভাপতি ডা. আব্দুল লতিফ, সিনিয়ার সহ সভাপতি এবিএম মিজানুল হাসান, সহ সভাপতি আবু তাহের, আজিজুল হক মুন্না, ফরহাদ হোসেন রোজেন, জাহাঙ্গীর আলম, তাসকিনুল হক, বৃহত্তর রাজশাহী সমিতির সাবেক সভাপতি ও কার্যনির্বাহী সদস্য মোতাহার হোসেন, ঠাকুরগাঁ জেলা সমিতির সাবেক সভাপতি ফিলিপ, বৃহত্তর রাজশাহী সমিতি ইউএসএ'র সভাপতি মোহাম্মদ মজিব উদ্দিন জেন্টু, রাজশাহী জেলা সমিতির সভাপতি মোহাম্মদ শমসের আলী, চাঁপাইনবাবগঞ্জ জেলা সমিতির সাধারণ সম্পাদক আরিফ হোসেন, নওগাঁ জেলা সমিতির সাধারণ সম্পাদক ফজল হাসানুজ্জামান টিপু, ডা. নার্গিস রহমান, মোহর খান, শফিউল আলম, রাহিমুল হুদা, শাহানা পারভীন রিনা প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক মোজাফফর হোসেন।

সভায় বক্তারা এমন অনুষ্ঠান আয়োজনের প্রশংসা করে বলেন, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন অন্যান্য কর্মকান্ডের পাশাপাশি সব সময় সংগঠনের কর্মকর্তা ও সদস্য এবং উত্তরবঙ্গবাসীদের সুখ-দুখে পাশে থাকবেন এটাই কামনা। বক্তারা বলেন, মা কি জিনিস মা বেঁচে থাকলে তা আমরা বুঝতে পারি না। তাই মায়ের মৃত্যুর আগেই সকল সন্তানের উচিৎ মা বেঁচে থাকতেই যাথায়ত সম্মানের সাথে খেদমত করা।

প্রাকৃতিক দূর্যোগের মধ্যেও ফাউন্ডেশনের উপদেষ্টা পরিষদ, কাযকরী কমিটির কর্মকর্তা ও উত্তরবঙ্গের বিভিন্ন জেলা সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক সহ উল্লেখযোগ্য সংখ্যক প্রবাসী উত্তরবঙ্গবাসী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি আয়োজনে বিশেষ সহযোগিতায় ছিলেন ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সভাপতি ও কার্যনির্বাহী সদস্য হাসানুজ্জামান হাসান ও সাবেক সভাপতি মোহাম্মদ রাকিবুজ্জামান খান তনু।

উল্লেখ্য, কাকতালীয়ভাবে এক সপ্তাহের মধ্যে নিউ-ইয়র্ক প্রবাসী তিন উত্তরবঙ্গবাসীর মাতৃবিয়োগ ঘটে। উত্তরবঙ্গবাসীদের মধ্যে ডা. মোহাম্মদ হামিদুজ্জামান ও কণ্ঠশিল্পী বেবী নাজনীন নীলফামারী জেলার সৈয়দপুরের বাসিন্দা এবং ডা. চৌধুরী সারোয়ারুল হাসান ঠাকুরগাঁও জেলার বাসিন্দা। ডা. মোহাম্মদ হামিদুজ্জামানের মাতা ফজিলাতুন নেসা গত ২০ এপ্রিল নিউইয়র্ক সিটির হলিসে কন্যার বাসায়, কণ্ঠশিল্পী বেবী নাজনীনের মাতা আবিদা মনসুর গত ১৭ এপ্রিল ঢাকার একটি হাসপাতালে এবং ডা. চৌধুরী সারোয়ারুল হাসানের মাতা রওশন আরা নূরুন নাহার গত ২২ এপ্রিল ঠাকুরগায়ে ইন্তেকাল করেন।

DMT GLOBAL দিচ্ছে ভারতে কম খরচে ও স্বল্প সময়ে লিভার ট্রান্সপ্লান্ট, হার্ট ট্রান্সপ্লান্ট, **Lung** ট্রান্সপ্লান্ট, **Hip** ও **Knee** রিপলেসম্যান্ট, **IVF** ও **Cosmetic Surgery** সহ সকল প্রকার চিকিৎসার সুব্যবস্থা ও ভারতে ভ্রমণের জন্য ভিসা, হোটেল/গেস্টহাউস ও ট্রান্সপোর্ট সুবিধা। এছাড়া বিখ্যাত স্পেশালাইজ ডাক্তারদের সাথে দ্রুত সময়ে ভিডিও কলের মাধ্যমে কনসালটেন্সির সুবিধা।



নিউ ইয়র্ক অফিস
72-30, Broadway 2nd Floor,
Jackson Heights, NY-11372
Phone: 646-525-7485
917-403-9905

ডালাস অফিস
800, West Airpor Freeway
Suite 31, 11th Floor
Irving, TX-75062
Phone: 972-935-4750

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, **Autism, Autistic,** শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

সাহিত্য সাময়িকী

দাঁড়াবার জায়গা নেই

রেজাউদ্দিন স্টালিন

দাঁড়াবার জায়গা নেই
প্রত্যেকের পা আকাশের দিকে
আতঙ্কে নক্ষত্রের চোখ বন্ধ
শিশিরের পিংপং বল- থিতু হতে পারছে না ঘাসে
দিগন্তে প্লাবনের অথৈ আক্রোশ
ডাইনিরা কাঁটা দিয়েছে পথে পথে
দশমুখ ভুজঙ্গের ফণা দুলছে বাতাসে
প্রজাপতি আগুনের বদলে
ঝাঁপ দিচ্ছে অশ্রুজলে
অগনিত স্বেচ্ছাসেবক দাহ করছে
বৃক্ষশিশুদের
ক্ষুধা বিবশ করেছে বীরবাহু
তৃষ্ণা তীরন্দাজের আজ্ঞাবহ
কষ্ট ছাড়া পদাবলি নেই
দুঃখ ছাড়া ভাটিয়ালি

নগরের বিপনি বিতানে
গঞ্জের হাটে বানরের আধিপত্য
সাইরেন কণ্যাদের হুঙ্কারে স্তব্ধ
নাবিকের কান
বিজ্ঞান বন্ধ্যা আর দর্শন আত্মকেন্দ্রিক
জ্ঞানরাজ্য দখল নিয়েছে পিপিলিকা
মাৎস্যন্যায়- সংবাদপত্র বলছে রেখে ঢেকে

যিশু ও আকাশ থেকে নামতে পারছে না

অক্সিজেন ফ্যাক্টরি

রফিকুল নাজিম

তোমার অপেক্ষায় বায়ুমন্ডলে তাপমাত্রা বেড়ে যাচ্ছে
তোমার অপেক্ষায় সূর্য ক্রমশঃ তেজস্বী হয়ে ওঠছে
তাপদাহে গলে যাচ্ছে আমাদের পিচঢালা পথ
শুকিয়ে যাচ্ছে মায়ার নদী
নদীর বুকে জেগে ওঠছে ভুবনডাঙার চর
খরখরে হচ্ছে পলল জমিন- চৈতালী মাঠঘাট ।

তুমি লোভের করাত দিয়ে কাটছো আয়ুর ডাল
দেদারসে উজাড় করছো ঈশ্বরের পালিত বনাঞ্চল
ধুপধাপ মাটিতে পতিত হচ্ছে বৃক্ষের খন্ডিত শাখা প্রশাখা
দিনে দিনে ধ্বংস হচ্ছে আমাদের অক্সিজেন ফ্যাক্টরি
আমাদের দিনও ফুরিয়ে আসছে,
শুনেছি- তুমিও নাকি অক্সিজেনের অভাবে হাসফাঁস করছো!

অথচ তুমি থেকে গেলেই পারতে
তুমি থেকে গেলে অর্বাচীনভাবে উজাড় হতো না বৃক্ষের মায়া
তুমি থেকে গেলে বরং আরো কিছু বৃক্ষরোপন করা হতো
বিস্তৃত গাছের নিচে বসতো বৈশাখী মেলা,
তন্দ্রাচ্ছন্ন চোখে শোনা হতো পালাগান ও পুঁথিপাঠ
বৃক্ষের ছায়ায় বসে আমরাও বুনতাম
আগামী শীতের জন্য নকশীকাঁথার কাব্য ।

মাতাল জলের শব্দ

বশির আহমেদ

এখন মধ্যরাত
আমার অক্ষমতাকে ভেতর থেকে জাগিয়ে তুলি
প্রিয় বাতাসে উড়ে যায় পোড়া সিগারেটের ধোঁয়া
ঘুপসির ভেতর থেকে শনশন বাতাসে ভেসে আসে কুচিলা ফুলের গন্ধ ।
ইস যদি এই মুহূর্তে নৌকার গলুইয়ে বসে পার হতে পারতাম রাত্রির খেয়া,
মাতাল জলের শব্দ শুনে শুনে তোমার দুই চঞ্চুতে এঁকে দিতাম গহীন রাত্রির সুখ ।

একটি সাদা কবিতা

আলম মাহবুব

যেটুকু সাদা দেখছ আসলে তা নয়- ভেতরে কাহিনী আছে
সবাইতো রাস্তায় নামতে পারে না- নামেও না ।
আবার কেউ কেউ হৃদপিন্ডটা হাতে করে রাজপথে ঠিক নেমে যায়
কোথাও জ্বলে আগুন, কোথাও বৃষ্টির বর্শা নামে ।

সাদা মানেই সাদা নয়, ছাড়পত্রের খসড়ায় প্রতিরোধ জমে
রক্তধারা মিশে স্বাধিকারের পতাকায় ।

এতোটা সাদা সহজেই হয় না
তীব্র ঝটিকায়ও প্রতিবাদে জ্বলে নিঃসঙ্গ প্রদীপের আলো,
লাল চোখ কখনোই বুঝে না মুক্ত হৃদয়ের গান
তারা জানে লুঠেরা স্বভাবে কেড়ে নিতে শিশুর প্রাণ
বারুদ পোড়ায় ঘর যুদ্ধ যুদ্ধ খেলায় ।

আমি আর সাদা চোখে সাদা দেখি না-
রাত্রির পোস্টারে সাদার ভেতরে আজকাল লুকিয়ে থাকে
অশুভ হাতের কালো ছায়া
দিন রাত্রি হয় কালো মেঘ ঢেকে দিলে সাদার আকাশ ।

অভিজ্ঞানপত্র

আশরাফুল কবীর

শীত ফুরোলেই হয়তো খামবন্দি হবে
হেমন্তের নাজুক গল্পগুলো; হিম-কুয়াশার প্লাবনে
আপ্যায়িত হবে কিছুটা অস্ফুট অগ্রহায়ণ
এটা অনেকটা অবধারিত ।
ডাকবাক্সের সন্ধানে কাঁটাছেড়া চলবে কিনা
তাও এখন অনেকটাই ব্যক্তিগত, কিছুটা প্রশ্নসাপেক্ষও
কারণ পোস্টমাস্টার হারিয়েছে তার অভিজ্ঞানপত্র
তোমার উঠোনজুড়ে এখন অনেক পৌষপার্বণ!
শালবীথিকায় মোড়ানো সে পথে হাজারো লণ্ঠন
ব্যস্ত অর্কনন্দন
ত্রিপদীতে তার উচ্ছল তিথিপালন ।
বসন্তের হাতছানিতে এ কোন পালাবদলের হাসি?
শূন্যতার সারমর্মে যথারীতি 'অর্ফিয়ুস', তীব্র ও সকরুণ
তার বেজে চলা বাঁশি ।

অতল গহ্বর

মাহফুজা আক্তার বৃষ্টি

তুমিতো অন্তিম রহস্যের গন্ধ
জন্মান্তরের খেয়াল ।
ইশ্বর দিয়েছিল আমায় সোনালি ঘোড়ার পা
পিতা দিয়েছিল আবার
ফিরোজা ঘাসের মতোন কোমল
কিন্তু লোহার বুটের ন্যায় উদ্দামতা ।
আমি দৌড়াচ্ছি কখনো উদ্দেশ্যহীন,
কখনো সীমানা প্রাচীর ছুঁই ছুঁই
বিস্তীর্ণ ইউরেশিয়ান অঞ্চল ।
তবুও গন্তব্য বহুদুর ।
ঘামের বিন্দুতে ভিজে যাচ্ছে আস্তিন ।
তবুও ছুটছি নিরুদ্দেশ ।

ক্লান্ত, তৃষ্ণার্ত, ক্ষুধার্থ একজন
সেদিন তুমি হয়েছিলে জলের নহর,
যৌবনা শহর ।
ঠিকানা লেখা সবুজ প্রহর ।
সেদিন থেকে পেয়েছি সেই অতল গহ্বর ।

অদৃশ্যে শূন্যতা

জেবুন্নেছা জোৎস্না

সমুদ্র সুনীল স্বচ্ছ জলে সফেন সাঁতারে
এক লীননদী সহজ স্রোতের দেখা পাই....
শুদ্ধ জলের বহতা নাই! ফেনিল তরঙ্গে
শূন্যতার নোনা স্বাদে ভাবালুতায় গলে যাই!

শূন্যতা, শূন্যতা চারিদিকে- আদতে কোথাও নাই!
অস্তিত্বে বিলীন, তবু সম্পর্ক বন্ধনহীন;
যেমন সিমোন- সার্ত্রে, এক চাদরের নীচে
অন্য আকাশে উড়েও যুগলবন্দী চিরদিন!

সবুজ পাতায় সাপের সংসারে দোলে নির্মল হাওয়া....
রাত কেদারার চোখে নিশিপাখি খেয়ে যায় নিদ....
শূন্যতা আমার একাকীত্বে পরম পাওয়া-
দূর হতে অনুভবে কারো কষ্ট ছোঁয়া
আনমনে অনর্গল তার সাথে কথা বলা
শরীরের দূরত্ব ঘুচিয়ে একাত্মা হরিহরে মেলা!

অভিশপ্ত কেতকীর রূপে, আমি ফিরি প্রথম উজানে
শূন্য কক্ষ পূরণে যেখানে নেই কোন বিনিময় প্রথা!

পাড় ভাঙ্গা ঢেউ

এস এম রাকিব

আগের মত পাড় ভাঙ্গা ঢেউ আর
জাগেনা মাসীমা,
নেই সেই ছলাৎ ছলাৎ মন,
শ্যাম গতরে শ্যামের বাঁশির
সুর বাজেনা আর
অনাদরে খুলে গেছে বিনুনির বুনন ।

চোখের কোনায় প্রেম জাগেনা আর
আগুন জলে শুধু,
মনটাযে চায় পুড়িয়ে দেই
সব করে দেই ধু ধু ।

দেহের বাঁকে ঢেউ ওঠেনা আর
ছন্দ হলো সারা,
তিরিশ বছর আগের আমি
শুধুই পাগলপারা...!

স্মৃতির অসুখ

আশিক আজিজ

আয়নার প্রতিবিম্বে বাস্তবকে কখনও অবাস্তব মনে হয়
ক্ষুধার্ত হাঙ্গর গিলে খায় দিনের আলো
স্মৃতিভ্রমে কানাওয়ালা পথের মুখ বাড়ায়
স্মৃতিগুলো রক্তমেঘ হয়ে উঠোন জুড়ে আসন গাড়ে
গোধূলি সন্ধ্যায় ডুবে যেতে চায় চাঁদ মাখা ভোর
ডাহুক ডাকা নিঃশ্বাসে একাকি পথ বাড়ায়
মাটিকাটা ঘামে স্মৃতির অসুখ বাড়ে ।

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

BD CARGO SERVICES
বি.ডি কার্গো সার্ভিস
আমাদের সেবা সমুহ:
- আমেরিকা টু বাংলাদেশ
- বাংলাদেশ টু আমেরিকা
- যে কোন পরিমানের মালামাল (সর্ব্বোচ ২৩কেজি/ ৫০পাউন্ড)
- দ্রুতসময়ে মালামাল প্রেরন
- স্বল্প খরচে পার্সেল পাঠানো হয়
- ফ্রি প্যাকেজিং
- ডোর টু ডোর সার্ভিস,

City Delivery World Wide Fast Delivery
USA Location :
Office & warehouse
150-43,Shore Avenue,
Jamaica,
NY-11433
+1 516-983-7381
Bangladesh Location :
Contact: MD.Mehedi Hasan
House:08 Road -03
Sector:01, Uttara
Dhaka: 1230
Phone:+88 01738057551
Contact Info +1 347-279-3120 ★ +1 516-983-7370
bdcargocorp@gmail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ন স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps | Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

বিচ্ছেদের পর ছেলেকে যেভাবে মানুষ করছেন মালাইকা

ঢাকা ডেস্ক, ১২ মে : বলিউড অভিনেতা আরবাজ খানের সঙ্গে মালাইকা অরোরার বিবাহবিচ্ছেদের বেশ কয়েক বছর হয়ে গিয়েছে। কিন্তু সৌজন্যের সম্পর্ক এখনো বজায় রেখেছেন তারা। আর অন্যতম কারণ ছেলে আরহান। আরহানের জন্য এখনো দেখসাক্ষাৎ হয় মালাইকা-আরবাজের মধ্যে। জানা যায়, আরহানের সঙ্গে বন্ধুর মতোই মেশেন মালাইকা।



অভিনেত্রী মনে করেন, সন্তানদের সঙ্গে যত খোলামেলা ভাবে মেশা যায়, তারা ততই ভালো থাকে। তাই আরহান যাতে তার কাছে নিরাপদ ও স্বাধীন বোধ করেন, সেই চেষ্টাই চালিয়ে যান মালাইকা। সম্প্রতি আরহানের পডকাস্টে মা-ছেলের কথোপকথন মুগ্ধ করেছে নেটাগরিকদের। সেই কথাবার্তা থেকেই স্পষ্ট মালাইকা-আরহানের মধ্যে সম্পর্ক কতটা বন্ধুত্বপূর্ণ। মালাইকা সেই পডকাস্টে বলছেন, 'মা ও ছেলের সম্পর্ক হল সবচেয়ে দামি। প্রত্যেক সন্তানের সঙ্গে তাদের মায়ের সম্পর্ক ভিন্ন রকমের হয়। কোনো মা হন বন্ধুর মতো, কেউ হন পরামর্শদাতার মতো, আবার কোনো কোনো মা খুব কড়া হন। কিন্তু, আমি আমার ছেলের বন্ধু হয়েই থাকতে চাই। এমন হলে সন্তান মন খুলে সব কথা বলতে পারে।'

অভিনেত্রী আরও বলছেন, 'আমার বন্ধুরাও বাড়িতে এসে আমায় আর আরহানকে একসঙ্গে দেখলে খুব আনন্দ পায়। আমি আর আরহান পরস্পরের সঙ্গে মজা করি, পেছনে লাগি। আমার বন্ধুরা বলে, ওরা টিকিট কেটে বাড়ি এসে এই কমেডি শো দেখবে।'

মালাইকা মনে করেন, বাবা-মায়ের কাছে সন্তানের সমস্ত কিছু নির্ভয়ে বলতে পারা খুব গুরুত্বপূর্ণ বিষয়।

মালাইকার কথায়, 'খোলামেলা কথা বললে বোঝা যায়, সন্তানদের জীবনে ঠিক কী চলছে। এমন একটা পরিসর থাকা দরকার, যেখানে ওরা নির্ভয়ে সব কিছু বলতে পারে। আবার কিছু বলার জন্য ওদের জোর করাও ঠিক নয়। বিশেষ করে আজকের যুগের বাচ্চাদের জীবনে কী চলছে, তা জানা খুব দরকার। আমি নিজেকে অন্ধকারে রাখার থেকে পুরোটা জানতেই পছন্দ করব।'

আরবাজ খানের সঙ্গে বিচ্ছেদের পরে অভিনেতা অর্জুন কাপুরের সঙ্গে সম্পর্কে আছেন মালাইকা। অন্য দিকে কিছু দিন আগেই আরবাজ বিয়ে করেছেন মেকআপশিল্পী সুরা খানকে।

শাকিব খানের 'তুফান' নিয়ে সমালোচনার জবাব দিলেন মিম

ঢাকা ডেস্ক, ১২ মে : ঢাকাই সিনেমার শীর্ষ নায়ক শাকিব খান এবার 'তুফান' নিয়ে আসছেন। 'প্রিয়তমা', 'রাজকুমার' সিনেমায় সাফল্যের পর পর্দায় নতুন সিনেমা নিয়ে হাজির হচ্ছেন বাংলাদেশের 'কিং খান' খ্যাত এ নায়ক। ইতোমধ্যে 'তুফান' সিনেমাটির পোস্টার ও টিজার প্রকাশ পেয়েছে। যেখানে শাকিবকে বিধ্বংসী রূপে দেখা গিয়েছি।

এদিকে টিজারটি প্রকাশ হওয়ার পরই নানা আলোচনা ও সমালোচনা শুরু হয়েছে। বিষয়টি নিয়ে এবার গণমাধ্যমে কথা বলেছেন ঢাকাই সিনেমার নায়িকা ও ছোটপর্দার অভিনেত্রী বিদ্যা সিনহা মিম।

শাকিব সমালোচকদের রীতিমতো একহাত নিয়েছেন মিম। বলেছেন, আমরা অনেক দিন থেকেই অপেক্ষা করছি, যেন শাকিব ভাইকে দেখতে পারি। আমার তো প্রথমে মনেই হয়নি, বাংলাদেশের সিনেমা দেখছি। এটা আমাদের সবার ভালো লাগার বিষয়। কারণ, আমরা অনেক দিন থেকে অপেক্ষা করছিলাম যেন এ ধরনের ভিন্ন লুকে শাকিব ভাইকে দেখতে পাই।


নায়িকা বলেন, যারা সমালোচনা করে তারা আসলে ততটুকুই পারে। ঘরের মধ্যে বসে ফেসবুকে দুই-তিনটা কমেন্টে সবাই লিখতে পারে। কাজ করানোটা মূল বিষয়, আমরা যারাই ইন্ডাস্ট্রিতে কাজ করি যে ভালো কাজ করবে তাকে নিয়েই সমালোচনা হবে এটা স্বাভাবিক। আমি এটাকে ভিন্নভাবে দেখি না।


এ সময় মিম দুটি সিনেমার কাজ শুরু কথা জানিয়ে বলেন, ছবির গল্প নির্ধারণ করা হয়েছে। এ বছরের শেষেই শুটিং শুরু হবে। খুব দ্রুতই নতুন ছবির কাজ শুরু করব।

এদিকে শনিবার সকালে শাকিব খান তার ফেসবুক পেজে 'তুফান' সিনেমার একটা পোস্টার পোস্ট করেন। ক্যাপশনে তিনি লিখেন, 'তুফান' অফিশিয়াল পোস্টার। সঙ্গে সঙ্গে ভক্তদের নানা কমেন্টে ভাসছেন শাকিব খান।

বাংলাদেশ ও ভারতের তিনটি সংস্থার যৌথ প্রযোজনার 'তুফান' সিনেমাটি নির্মিত হয়েছে। সংস্থাগুলোর মধ্যে বাংলাদেশের প্রযোজনা সংস্থা চরকি ও আলফা আই এবং ভারত থেকে যুক্ত রয়েছে এসভিএফ।

শাকিব খান, টালিউড নায়িকা মিমি চক্রবর্তী ছাড়াও সিনেমাটিতে আরও অভিনয় করছেন অভিনেতা চঞ্চল চৌধুরী, অভিনেত্রী নাবিলা, মিশা সওদাগর প্রমুখ। সবকিছু ঠিক থাকলে আসন্ন কুরবানির ঈদে প্রেক্ষাগৃহে মুক্তি পাবে শাকিব খানের 'তুফান'।





এই ভালো লাগা বলে শেষ করতে পারব না: মোনালিসা



(ছবি আছে বিনোদন পিকচার নং-০৫)

ঢাকা ডেস্ক, ১২ মে : ছয় বছর পর গত পরশু দেশে ফিরেছেন অভিনেত্রী মোনালিসা। এক সময়ের জনপ্রিয় মডেল ও অভিনয়শিল্পী আমেরিকায় বসবাস করছেন অনেক বছর ধরে। মাঝে একবার এসেছিলেন। এবার এয়ারপোর্ট থেকে সরাসরি হোটেল ইন্টারকন্টিনেন্টালে একটি অনুষ্ঠানে গিয়েছেন। সেখানে অনেকের সঙ্গে দেখা হয়েছে।

দেশে ফেরার অনুভূতি জানিয়ে মোনালিসা বলেন, ভীষণ ভালো লাগছে এত বছর পর দেশে ফিরে। মায়ের কাছে ফিরেছি, আমার দেশে ফিরেছিএই ভালোলাগার অনুভূতি বলে শেষ করতে পারব না।


ঢাকায় নামার পর মুগ্ধ অভিনেত্রী বলেন, সত্যিই দেশের এত পরিবর্তন দেখে মুগ্ধ হয়েছি। মনটা ভরে গেছে। এত সুন্দর হয়েছে সবকিছু! কত বদলে গেছে। কত উন্নয়ন হয়েছে! কী দেখে গিয়েছিলাম আর কী দেখতে পেলাম! ঢাকা শহরের এত উন্নয়ন আমাকে ভীষণ মুগ্ধ করেছে।

এবার বেশকিছু দিন দেশে থাকবেন তিনি। অভিনয়ও করবেন। ফেরার আগেই পরিচালকরা যোগাযোগ করেছেন।

মোনালিসা বলেন, অবশ্যই অভিনয় করব। দর্শকরা আমাকে যেমন মিস করেন, আমিও তাদের মিস করি। প্রবাসে থাকার কারণে মাকে খুব মিস করেন। মায়ের হাতের রান্না মিস করেন জানিয়ে মোনালিসা বলেন, মায়ের রান্না করা মুরগির মাংস দিয়ে ভাত খেয়েছি প্রথম দিন এসে। সঙ্গে ছিল ডাল ও বিভিন্ন ভর্তা।

বিয়ে কিংবা সংসার জীবন নিয়ে কী ভাবছেন জানতে চাইলে মোনালিসা বলেন, কাজ নিয়ে আছি। তবে যে আমাকে বুঝবে, সম্মান করবে, শিল্পী পরিচয়কে মূল্য দেবে, ম্যাচ করবে আমার সঙ্গে তেমন মানুষ যদি কখনো পাই তবে সংসার জীবন নিয়ে ভাবব।

মোনালিসা জানান, আমেরিকায় অনেক ভালো আছি। তবে দেশকে ভুলিনি।





ধোনির বন্ধুর সঙ্গে সম্পর্কে জড়ালেন কৃতি

ঢাকা ডেস্ক, ১২ মে : মহেন্দ্র সিং ধোনির ঘনিষ্ঠ বন্ধুর সঙ্গে সম্পর্কে জড়িয়েছেন বলিউড অভিনেত্রী কৃতি শ্যানন। এমনটাই কানাঘুষ শোনা যাচ্ছে বলিপাড়ার অন্দরে। লন্ডনের সফল শিল্পপতি কবীর বহিয়া। ঘটনাচক্রে হার্দিক পান্ডিয়ারও ভালো বন্ধু কবীর। সম্প্রতি একটি মাইক্রো ব্লগিং সাইটে কৃতি-কবীরের কয়েকটি ছবি ছড়িয়ে পড়ে। লন্ডনে জমিয়ে দোল উদযাপন করেছিলেন জুটি। জানা গিয়েছে, কবীরের বাবা লন্ডনের প্রথম সারির শিল্পপতি।

সম্প্রতি একটি সাক্ষাৎকারে কৃতি জানিয়েছেন, সঙ্গীর মধ্যে কী কী গুণ চান তিনি। তার কথায়, 'আমার সঙ্গীকে এই রকম হতে হবে, ওই রকম হতে হবে এগুলো কী? দু'জনের সব কিছু একই হতে হবে এমন তো কোনো মানে নেই!'

তিনি আরও বলেন, সঙ্গীকে কী রকম হতে হবে সেটা বলার অর্থ তার ওপর চাপ সৃষ্টি করা। যার সঙ্গে ঘণ্টার পর ঘণ্টা কথা বলা যায়, যার জন্য হাসতে পারা যায় সেই আসল সঙ্গী। আমার কাজের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে তাকে। কোনো রকম ভণিতা ছাড়াই ভেতরের যে আসল মানুষটাকে দেখতে পাব সেই আদর্শ সঙ্গী আমার কাছে।

অনুরাগীদের অনুমান, ধোনির স্ত্রী সাক্ষীর সঙ্গে আত্মীয়তা রয়েছে কবীরের। এর প্রমাণ পাওয়া গেছে ইনস্টাগ্রামের পাতায়। এ মুহূর্তে কৃতির ঝুলিতে দুটি হিট ছবি। 'দো পাত্তি' ছবির মাধ্যমে শিগগিরই প্রযোজক হিসেবে আত্মপ্রকাশ করবেন কৃতি। পেশার সঙ্গে এ বার কি ব্যক্তিগত জীবনও খানিক গুছিয়ে নিচ্ছেন অভিনেত্রী? সম্পর্কের গুঞ্জন নিয়ে অবশ্য এখনো কোনো বিবৃতি মেলেনি অভিনেত্রীর পক্ষ থেকে।

সালমানের সুরক্ষার জন্য প্রার্থনা করছেন সাবেক প্রেমিকা

ঢাকা ডেস্ক, ১২ মে : সব সময়ই কড়া নিরাপত্তার মধ্যে থাকতে হয় বলিউড অভিনেতা সালমান খানকে। প্রায়ই গ্যাংস্টার লরেন্স বিষ্ণোইয়ের তরফ থেকে আসতে থাকে খুনের হুমকি। সম্প্রতি সালমানের বাড়ির বাইরে গুলিও চলেছে। ঘটনায় বেশ চিন্তিত সালমানের শুভাকাঙ্ক্ষী ও অনুরাগীরা। এ বার অভিনেতার নিরাপত্তার জন্য প্রার্থনা করলেন তারই সাবেক প্রেমিকা। খবর আনন্দবাজার অনলাইনের।

এক সময়ে সালমানের সঙ্গে তিক্ত অভিজ্ঞতা। কিন্তু সালমান আজ যে কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছেন, তার জন্য চিন্তিত তার সাবেক প্রেমিকা সোমি আলিও। সোমি প্রায়ই সালমানের সঙ্গে তার তিক্ত অভিজ্ঞতা সামনে এনেছেন। উগরে দিয়েছেন ক্ষোভ। কিন্তু সালমানের কাছে খুনের হুমকি আসায় তিনিও পাশে দাঁড়িয়েছেন। যেভাবে সালমানের কাছে বার বার খুনের হুমকি আসছে, সেই ঘটনার নিন্দাও করেছেন তিনি। জানিয়েছেন, কোনো শত্রুর সঙ্গেও যেন এমন না হয়, সেটাই চান তিনি।

সোমি জানিয়েছেন, সালমানের সঙ্গে তার সম্পর্ক হয়তো কখনোই ঠিক হবে না। কিন্তু সাবেক প্রেমিকের এই অবস্থাও তিনি সমর্থন করেন না। তিনি বলছেন, 'কোনো শত্রুর সঙ্গেও যেন এমন না হয়। এ অবস্থা কারো প্রাপ্য নয়।' অভিনেত্রী সালমানের সুরক্ষার জন্য প্রার্থনা করছেন বলেও জানিয়েছেন।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

চিত্রে কাউন্সিলম্যান শাহীন খালিক'র টাউন হল মিটিং, পেটারসন, নিউজার্সী

























WORLD HUMAN RIGHTS DEVELOPMENT USA INC
WHRDUSA
EST: 1994

GOLDEN AGE HOME CARE
PRESENTS

BANGLADESH SOCIETY, INC.

বাংলাদেশ ডে-প্যারেড নিউইয়র্ক

কুচকাওয়াজ
পতাকা প্রদর্শন
লাইভ ব্যান্ড
গাড়ী ও ট্রাক মিছিল

MEDIA PARTNER

২৬ মে, ২০২৪ রবিবার

সময়: সকাল ১১টা থেকে বিকাল ৩টা

স্থান: ৬৯-৮৭ ষ্ট্রিট, ৩৭ এভিনিউ

জ্যাকসন হাইট্স, নিউইয়র্ক ১১৩৭২

Invited VIP Marshall

Kathy Hochul
Govorner, New York State

Eric Adams
Mayor, New York City

Shekar Krishnan
Council Member, District 25

Shahana Hanif
Council Member, District 39

Md. Najmul Huda
Consulate General of Bangladesh

Nizam Chowdhury
Senate Members, Dhaka Unviersity
Chairman, NRB Global Bank.

Special Guest

Harun Bhuiyan
President, JBBA

CIP Mohammed Abdul Kader

Justice Thomas D. Raffaele

Mohiuddin Dewan
Vice President, Bangladesh Society

Tarik Hasan Khan
Secretary JBBA

Ruhul Amin Siddique
General Secretary, Bangladesh Society

Nargis Ahmed
Past President, Bangladesh Soceity

Mirza M Shamim
Special Guest

শাহ নেওয়াজ আহ্বায়ক | **গিয়াস আহমেদ** প্রধান উপদেষ্টা | **এটর্নী মঈন চৌধুরী** উপদেষ্টা | **আব্দুর রব** উপদেষ্টা | **শাহ জে চৌধুরী** উপদেষ্টা | **ফাহাদ সোলায়মান** প্রধান সমন্বয়কারী | **তরিকুল হোসাইন বাদল** সদস্য সচিব

যুগ্ম আহ্বায়ক
সৈয়দ আকিকুর রহমান
ইফতেখার উজ্জামান রতন
নুরুজ্জামান সর্দার, ইকবাল হোসেন
মোঃ শাহাদাত হোসেন

ডাঃ মাসুদুল হাসান উপদেষ্টা | **নাঈমা খান** উপদেষ্টা | **খলিলুর রহমান** প্রধান পৃষ্টপোষক | **নুরুল আজিম** প্যারেড কো-অডিনেটর | **ফরিদা ইয়াসমিন** সমন্বয়কারী

যুগ্ম সদস্য সচিব
সিরাজুল ইসলাম খান
জাহাঙ্গীর আলম জয়

পাচঁ বরো কমিটি

জ্যামাইকা
প্রধান সমন্বয়কারী: জে মোল্লা সানী
সমন্বয়কারী: আহসান হাবিব

ব্রঙ্কস
প্রধান সমন্বয়কারী: শেখ জামাল হোসাইন
সমন্বয়কারী: সাইদুর রহমান লিংকন
সিরাজ উদ্দিন সোহাগ

ম্যানহাটন
প্রধান সমন্বয়কারী: এম আজিজ হিরু
সমন্বয়কারী: মোঃ রিয়াজুল কাদির লস্কর লিটু

ব্রুকলিন
প্রধান সমন্বয়কারী: আনোয়ার হোসাইন
সমন্বয়কারী: রফিকুল ইসলাম

সংস্কৃতি বিষয়ক উপ কমিটি

প্রধান উপদেষ্টা - সবিতা দাস উপদেষ্টা: আলমগীর খান আলম, ফরিদা ইয়াছমিন, দীনেশ মজুমদার, আলপনা গুহ, অনীক রাজ, আবদুল আলীম
ম্যাগাজিন উপ কমিটি: আখতার হোসেন, মাসুদ সিরাজী
আপ্যায়ন বিষয়ক উপ কমিটি: ইফতেখার উজজামান রতন, মানিক বাবু
আইন শৃঙ্খলা বিষয়ক উপ কমিটি: মোহাম্মদ আলম নমী, শফী উদ্দীন
প্রচারনা বিষয়ক উপ কমিটি: চৌধুরী নূরজাহান মনজুর

সার্বিক সহযোগিতায়: শামসুন নাহার শেখ, নাজমুল আলম শ্যামল, ডাঃ নার্গিস আহমেদ, বাবলী হক, মিয়া মোহাম্মদ দুলাল, শাহ মাহবুব, সাবরিনা শেখ, সিরাজুল ইসলাম খান, ফারুক হোসেন, শেখ সেলিম, আমজাদ হোসেন সেলিম, মাসুদ রানা, হুমায়ুন খান, মুসলিম মোল্লা, ফরিদা ইয়াসমিন

শাহ শহীদুল হক (সাঈদ)
সভাপতি
ওয়ার্ল্ড হিউম্যান রাইট্স ডেভলপমেন্ট ইউএসএ
ফোন: ৩৪৭-৪৭৬-৯৪২৪

ইঞ্জিঃ আব্দুস সোবহান
সাধারণ সম্পাদক
ওয়ার্ল্ড হিউম্যান রাইট্স ডেভলপমেন্ট ইউএসএ
ফোন: ৬৪৬-৩৭১-৩৬১৪

BANGLADESHI AMERICAN POLICE ASSOCIATION (BAPA)
BENGALI AMERICAN BOLDEST ASSOCIATION (BABA)
JAMAICA FRIENDSHIP SOCIETY
BRONX BUSINESS ASSOCIATION
NURUL AZIM 516-451-3748 Eastern Investment

www.bddayparade.com

মা যেভাবে সবচেয়ে ভালো বন্ধু

(শেষের পাতার পর)

কারও নেই ।

প্রসবের আগ মুহূর্ত পর্যন্ত মায়ের ভেতরে বেড়ে উঠতে থাকা শিশুর সঙ্গে মা সবটা জুড়ে থাকেন । একজন মা কখনোই নিজেকে একা ভাবেন না । মায়ের যত মনের কথা আছে, তা আর কাউকে না বলতে পারলেও তিনি কিন্তু ঠিক তার ভেতরে লালন করতে থাকা শিশুর সঙ্গে বলেন নিশ্চিন্তে । তার সঙ্গেই সুখ, দুঃখের মুহূর্তগুলো ভাগ করেন । কারণ তিনি অনুভব করেন তার সন্তানই সবচেয়ে বড় বন্ধু হয়ে উঠছে । এই কঠিন পৃথিবীতে তিনি যেমন তার সন্তানকে বুঝবেন, সন্তানও তাকে তার মতো করেই বুঝবে । আর জন্মের পর লিঙ্গভেদে তো ছেলে সন্তান, মেয়ে সন্তানের বিষয়টি চলে আসেই । সে-ক্ষেত্রে মায়ের সঙ্গে সন্তানের বন্ধুত্বের জায়গা একই থাকলেও প্রেক্ষাপট অনুযায়ী একজন মা-ছেলের এবং মা-মেয়ের বন্ধুত্বের বন্ধনে ভিন্নতা থাকে ।

সত্যিকার অর্থে প্রকৃতিগতভাবে ও সামাজিকভাবেই মায়ের সঙ্গে মেয়ের সম্পর্কের দৃঢ়তা একটু অন্যরকম । সব কথা বলা, কাছাকাছি থাকা আর একে অন্যের অনুভূতি বোঝার ক্ষমতার কারণেই মা-মেয়ের সম্পর্কটি বন্ধুত্বের হয়ে থাকে । মেয়েদের কাছে মা একসঙ্গে যেমন অভিভাবক ও শিক্ষক, তেমনি মা-ই তার সবচেয়ে বড় বন্ধু ।

মা-মেয়ের মধ্যে গড়ে ওঠা বন্ধুত্বের বন্ধন নিঃসন্দেহে সম্পর্কে যোগ হয় নতুন এক মাত্রা । সে সম্পর্কে খুঁজে পাওয়া যায় ভিন্ন এক আমেজ । মানুষের এই ছোট্ট জীবনে চলতে-ফিরতে ছোট কিংবা বড় নানা রকম অনাকাঙ্ক্ষিত ঘটনার মুখোমুখি হতে হয় । পড়তে হয় বিভিন্ন রকম বিব্রতকর পরিস্থিতিতে । আর এ ধরনের ঘটনা মুহূর্তেই জীবনকে ওলট-পালট করে দিতে পারে ।

আর সে সময় মা যদি শুধুই অভিভাবক না হয়ে বন্ধুর মতো তার নিজের মেয়েটির পাশে থাকেন, তার সঙ্গে সমস্যা নিয়ে আলোচনা করেন, তখন মেয়েটি পূর্ণ ভরসা কিংবা নির্ভরতার জায়গাটুকু খুঁজে পায় । সে আত্মবিশ্বাসের সঙ্গে সমস্যার মোকাবিলা করতে পারে ।

মা তো সেই মানুষ, যিনি নিঃস্বার্থভাবে সন্তানকে শিশু কাল থেকে বড় হওয়া পর্যন্ত জীবনের প্রতিটি ভালো-মন্দ পদক্ষেপ চিনিয়ে দিতে পারেন । আর সেক্ষেত্রে মেয়ে সন্তানের পাশে তো মা তারই প্রতিবিম্ব ।

সমাজ বাস্তবতায় একজন মেয়েকে শিশু থেকে একজন নারী হয়ে উঠতে গেলে শারীরিক ও মানসিকভাবে যে দেয়াল পার হতে হয়, সেক্ষেত্রে মাকে বন্ধু হিসেবে পাওয়াটা জরুরি । আর তেমনি এটাও ভুলে গেলে চলবে না, মেয়ে যেমন মাকে সবক্ষেত্রে একজন আস্থাশীল বন্ধু ভাবতে চায়, তেমনি মেয়েকেও মা তার নিশ্চিত জীবনের বন্ধু হিসেবে পাশে চায় ।

একজন মা তার মেয়ের শিশু বয়স থেকে বয়ঃসন্ধিকালের আগ পর্যন্ত যেভাবে যত্নের সঙ্গে পাশে থাকেন, তার থেকেও বেশি যত্ন এবং বন্ধুর মন নিয়ে বয়ঃসন্ধিকালের সময় ও তার পরের সময়গুলোতে পাশে থাকা জরুরি । হয়তো অনেকেই থাকেন আবার তা অনেকে বুঝতেই পারেন না কিংবা খেয়ালই করেন না ।

মেয়েটি বড় হতে হতে যে পর্যায়গুলোর মুখোমুখি হয়, সেগুলো সম্পর্কে যদি তার মা সহজভাবে ভালো-মন্দের বিভেদটা বুঝিয়ে দিতে পারে, তাহলে মেয়েটি আত্মবিশ্বাসী হয়ে উঠবে সহজেই । কারণ যা কিছু হোক সে জানে, তার মা তার বন্ধু । আর এই সুন্দর ভাবনাটাই তাকে অপ্রতিরোধ্য করে গড়ে উঠতে সাহায্য করবে ।


আর যদি এই প্রতিবন্ধকতার সমাজে তার আস্থাশীল জায়গায় মাকেও না পায় তাহলে আসলে সুন্দরভাবে বিকশিত হওয়াটা তার জন্য খুব সহজ হবে না । এটাই স্বাভাবিক । একজন মেয়ে শিশুর যখন শারীরিক পরিবর্তন শুরু হয় সেটি কিন্তু সবার আগে তার মায়েরই চোখে ধরা পড়ে । আর এসময় শিশুটি নিজের পরিবর্তনে অস্বাভাবিক ভাবনায় পরতে থাকে, যখন সে খেয়াল করে তার প্রতি ভিন্ন দৃষ্টি দিচ্ছে তারই পরিচিত গন্ডি । আর তখন সে খুঁজতে থাকে আস্থাশীল বন্ধুত্ব ।

ঘর থেকে বারান্দা, স্কুল থেকে খেলার মাঠ যে-কোনো স্থানের কথা মেয়েটি নির্ভয়ে বলতে চায় তার সবচেয়ে আপনজনকেই । অনেক মা হয়তো বুঝতেও চান না তার মেয়ের ভেতরে কোনো গল্প আছে কিনা, খুব স্বাভাবিক নিয়মে খাওয়া, পড়া, পোশাক, শাসন, আদর দিয়ে হয়তো বড় করছেন আর দশজনের মতই কিন্তু মেয়ের চোখে নিজেকে আস্থাশীল বন্ধুটি হয়ে উঠার কথা খেয়ালই করেননি অগোচরে । এতে যে কতটা সর্বনাশ ডাকছেন ওই মেয়ে সন্তানের ভবিষ্যতের জন্য তা হয়তো বুঝতে বুঝতে অনেকটাই দেরি হয়ে যায় ।

অনেক সময় স্কুল কলেজে পড়ুয়া মেয়ে শিক্ষার্থীদের আত্মহত্যার মত অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটতে দেখা যায় । এই ঘটনার পেছনে বাহ্যিক কারন যাই থাকুক তাদের সবচেয়ে আপনজন মা যদি বন্ধুত্বের জায়গায় থাকতেন তাহলে হয়তো সন্তানটি তার আত্মহত্যা করার আগে মায়ের সঙ্গে একবার কষ্ট কিংবা সমস্যার কথাগুলো বলতে পারতো । মায়ের প্রতি অভিমান করে, মা কে ভুল বুঝে কোনো মেয়ে যখন আত্মহত্যা করে তখন মায়ের দোষ না হলেও কিন্তু দোষারোপ চলেই আসে । কারণ বোঝাই যায় সেখানে বন্ধুত্বের কোনো বন্ধন তৈরি হয়নি কেবল মা সন্তানের সম্পর্ক ছাড়া ।

মেয়ের বড় হওয়ার পর জীবনে স্বামী, সন্তান, সংসার, শশুর বাড়ি, কর্মজীবন যাই আসুক না কেন তার মনের গভীরে মায়ের সঙ্গে তার অভিজ্ঞতার ও ভাবনার মিলটা ভাগ করে নিতে চায় । আর তখনো যদি মা-কে বন্ধু হিসেবে পাশে না পায়, তাহলে সে হতাশই হয় । তেমনি মাও কিন্তু মেয়ের সঙ্গে তার ভাবনার মিলন দেখতে চাইলে মেয়েকেও মায়ের প্রতি বন্ধুর হাত বাড়ানো উচিত ।

আমাদের সমাজেই যেহেতু মেয়েদের জীবনের প্রত্যেক ক্ষেত্রে পরীক্ষা, প্রস্তুতি, লড়াই, নানা তর্ক-বিতর্কের মধ্যেই মেয়ে থেকে নারী হয়ে উঠতে হয় তাই নারীর জন্য নারীর বন্ধুত্বই সবচেয়ে বড় শক্তি । আর সেটির ভিত্তি হতে পারে মা ও মেয়ের বন্ধুত্বের মাধ্যমেই ।









স্বাগত পবিত্র

(শেষের পাতার পর)

প্রতিষ্ঠার সুদৃঢ় প্রত্যয় নিয়ে অবতরণ হয়েছে এ ধর্ম। ইসলামের প্রতিটি বিধান মানবতার উজ্জ্বল প্রতীক। সুখ-শান্তির নির্মল পাথেয়। ইসলামের স্তম্ভ পাঁচটি। হজ হলো ইসলামের অন্যতম একটি স্তম্ভ। হজ পালন করা মহান আল্লাহর ইবাদত। এতে রয়েছে ইহ ও পরকালের চিরকল্যাণ। রয়েছে সামাজিক রীতিনীতি ও সুখ স্বাচ্ছন্দ্যে জীবনযাপনের পরম আদর্শ। ঐক্য সম্প্রীতি ও সৌহার্দ্যপূর্ণ স্বর্গীয় সমাজ প্রতিষ্ঠার শ্রেষ্ঠ উদাহরণ। মহান আল্লাহ কোরআনে কারিমে বলেন, 'যে লোক হজের প্রতি পূর্ণ নিয়ত করবে, তার জন্য স্ত্রী সহবাস ও আনুষঙ্গিক কিছু জায়েজ নেই। যাবতীয় অশোভন কাজকর্ম এবং ঝগড়া বিবাদ করাও হজ পালনকালে নিষিদ্ধ। (বাকারা : ১৯৭) মহানবী (সা.) বলেন, যে ব্যক্তি আল্লাহর জন্য হজ করে, আর সে হজ পালনকালে সে নারী আসক্তি ও যাবতীয় অশুভ কাজকর্ম থেকে বিরত থাকবে ওই ব্যক্তি মায়ের গর্ভ থেকে নিষ্পাপ ভূমিষ্ঠ হওয়ার ন্যায় গুনাহমুক্তভাবে ফিরে আসবে (সহিহ বুখারি, সহিহ মুসলিম)।

বর্তমান বিশ্বে হজের চিত্র হলো লাখ লাখ মানুষের বিশাল সমাবেশ। নারী-পুরুষের অপরিমিত ভিড়, অবর্ণনীয় যানজট সেখানে সার্বক্ষণিক বিষয়। আরাফার ময়দানে অবস্থান, মিনায় পাথর নিক্ষেপ এবং কাবা ঘরে তাওয়াফ ও সাফা মারওয়ায় সাইয়ি মানুষের প্রচন্ড ভিড় ঠেলেই সম্পন্ন করতে হয়। কিন্তু এ পরিস্থিতিতে কী অনাবিল শান্তির পরিবেশ। ঝগড়া নেই, বিবাদ নেই, ঠেলাঠেলি ধাক্কাধাক্কি নেই। নেই অন্যায় উগ্রতা। অবাধ সেই নারী-পুরুষের বিশাল সমাবেশে নারী কেলেঙ্কারি নেই। নেই ইভ টিজিংয়ের মতো সামাজিক কোনো মহামারি। হজের মাধ্যমে মুমিনগণ আল্লাহ ও রসুল (সা.)-এর নির্দেশিত ধর্মীয় চেতনায় উদ্দীপ্ত হয়। বিশ্বের সব অঞ্চলের মুসলমানের অংশগ্রহণে একত্রে ইবাদত বন্দেগির সুযোগ সৃষ্টি হয়। যা বিশ্ব ভ্রাতৃত্ব স্থাপনে এক অনন্য দৃষ্টান্ত। হজ মুসলিম উম্মাহর বর্ণগত, ভাষাগত ও সব ধরনের বৈষম্য দূর করে সৌহার্দ্যপূর্ণ আচরণ শিক্ষা দেয়। হজ পালনকালে পারস্পরিক খোঁজখবর আদানপ্রদানের সুযোগ হয়। হজের শান্তিপূর্ণ আদর্শ এবং সৌহার্দ্যপূর্ণ শিক্ষা থেকে আমাদের সমাজ আজ দূরে, বহু দূরে। অত্যাচার, মারামারি, হানাহানি, খুন-সন্ত্রাস, হিংসা-বিদ্বেষ আজকের সমাজের অঙ্গ হয়ে দাঁড়িয়েছে। ধৈর্য, সহনশীলতা ও সম্প্রীতিপূর্ণ একটি আদর্শ সমাজ বিনির্মাণের জন্য আমরা হজ পালনের বিধান থেকে শিক্ষা গ্রহণ করতে পারি। ঐক্য, সোহাগ ও সৌহার্দ্যপূর্ণ স্বর্গীয় সমাজ প্রতিষ্ঠার স্বপ্ন যারা বুকে ধারণ ও লালন করেন, হজের দৃশ্য তাদের জন্য প্রেরণা ও অনুপ্রেরণার উৎসাহ দেয়। শ্রেণিহীন, বৈষম্যহীন, বিবাদমুক্ত সুখ-শান্তিময় পরিবেশ গড়ার পাথেয় হবে।

লেখক: গবেষক, ইসলামিক রিসার্চ সেন্টার, বসুন্ধরা, ঢাকা

নিউইয়র্কে ঘৃণামূলক

(শেষের পাতার পর)

৪৬ শতাংশ। গত মাসে নিউইয়র্ক পুলিশ বিভাগ ৩২টি ইহুদি বিরোধী ঘটনা শনাক্ত করে, যা গত বছরের এপ্রিলে ১৬টি। তবে ফিলিস্তিনিপন্থীদের আন্দোলনে শহরের পরিবেশ কিছুটা অস্থিতিশীল থাকলেও এপ্রিলে সিটির বড় অপরাধের সংখ্যা অনেকটা কমেছে। তবে বেড়েছে ঘৃণামূলক অপরাধের মাত্রা। নিউইয়র্ক পুলিশের প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, নিউইয়র্ক সিটিতে এপ্রিল মাসে বেশিরভাগ বড় অপরাধের সংখ্যা কমেছে। কিন্তু ঘৃণামূলক অপরাধ ৩৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। শহরের সামগ্রিক অপরাধ সূচক গত মাসে ২০২৩ সালের এপ্রিলের তুলনায় ৪.৯ শতাংশ কমেছে। এসব অপরাধের মধ্যে রয়েছে খুন, চুরি, অটো চুরি এবং গ্র্যান্ড লুর্সিনি।

যুক্তরাষ্ট্রের আশ্রয়প্রার্থী

(শেষের পাতার পর)

তবে এই প্রস্তাবে আশ্রয়প্রার্থীদের একটি ছোট দলকে প্রভাবিত করবে বলে জানান কর্মকর্তারা।

গত ৯ মে বৃহস্পতিবার এক বিবৃতিতে হোমল্যান্ড সিকিউরিটি অফিস এই ঘোষণা দেন। নতুন প্রস্তাবিত আইন অনুসারে কোনো অভিবাসী যদি জাতীয় নিরাপত্তার হুমকি হিসেবে বিবেচিত হয় তাকে যুক্তরাষ্ট্র থেকে বের করে দেওয়ার ক্ষমতা অভিবাসন অফিসারদের দেওয়া হয়েছে। এছাড়া যারা অবৈধভাবে আমেরিকা মেক্সিকো সীমান্ত দিয়ে দেশে ঢুকেছে তাদেরও এই প্রস্তাবিত আইনের অধীনে আনা হবে বলে জানা গেছে। কর্মকর্তারা জানান, চলমান একাধিক কারনের উপর ভিত্তি করে অভিবাসন প্রক্রিয়ায় এই সংস্করণ আনা হয়েছে। হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি বলেন, প্রস্তাবিত নিয়মটি আমেরিকান জনসাধারনের নিরাপত্তা নিশ্চিত করার একটি ধাপ। তবে, প্রস্তাবটি অবিলম্বে কার্যকর হবে না বলেও জানান তিনি। এর আগে এই আইনটিকে একটি সার্বজনীন মন্তব্য এবং পর্যালোচনার মধ্য দিয়ে যেতে হবে। সংশ্লিষ্ট এক কর্মকর্তা জানান, প্রস্তাবিত আইনটি শুধুমাত্র অভিবাসীদের একটি ছোট গ্রুপকে প্রভাবিত করবে। যেসকল অভিবাসী গুরুতর অপরাধমূলক কর্মকান্ড বা সন্ত্রাসী কার্যকলাপে জড়িত ছিলো এবং আছে তাদের এই আইনের আওতায় আনা হবে। জাতীয় নিরাপত্তা এবং জননিরাপত্তা উদ্বেগের জন্য দ্রুত প্রক্রিয়াটি চলতি বছরের শেষ নাগাদ শুরু হবে বলে জানা গেছে।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।
ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।
Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund
প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ ট্রেশন
দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা ॥ শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

SHEIKH SALIM
Attorney at Law
Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice
এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ
• কন্সট্রাকশন দুর্ঘটনা • ভুল চিকিৎসা • ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
• স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা • মটর গাড়ি দুর্ঘটনা • অ্যাসবেস্টস থেকে ক্ষতি
• লেড বিষ সম্বন্ধীয় • কাজের সময় দুর্ঘটনা • মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
• বার্থ রিলেটেড ইনজুরি • পিছলে পড়া, হোঁচট খাওয়া • যে কোন ধরনের ইমিগ্রেশন কেস
এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি
Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC
SERVICES
আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?
• Represent Taxpayers for I.R.S./ State Audit
• Tax Preparation:
Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
• Accounting:
Payroll, Sales Tax, etc.
• Business Licenses
• ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।
ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন
Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক
Member : naea MYSSEA e-file
প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ/ নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD AIRWAYS

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SECI

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&i, MI DIFS, GA DB&F AND MD OCFR

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

নিউইয়র্কে বছরের

(শেষের পাতার পর)

শেষ হবে সন্ধ্যা ৭টায়। মেলার সকল প্রস্তুতি এগিয়ে চলছে। উল্লেখ্য, বিএএফএস ও ৬৬ প্রিসিংক্ট কমিউনিটি কাউন্সিলের যৌথ উদ্যোগে আয়োজিত এবারের মেলা হবে নবমতম মেলা। খবর ইউএনএ'র।

'ব্রুকলীন মেলা' শীর্ষক পথমেলাটি উপলক্ষ্যে গত ৬ মে সোমবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের শেফ মহল রেষ্টুরেন্টে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে স্বাগত বক্তব্য বাংলাদেশী আমেরিকান ফ্রেন্ডশিপ সোসাইটির সাধারণ সম্পাদক এস এম ফেরদৌস। লিখিত বক্তব্য পাঠ করেন মেলার কনভেনর ও সাপ্তাহিক আজকাল সম্পাদক লায়ন শাহ নেওয়াজ। বিএএফএস'র সভাপতি কাজী আজম মেলার ধারাবাহিকতা ও সফলতার বিভিন্ন দিক তুলে ধরেন। সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কুইন্স ডেমোক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ এটর্নী মঈন চৌধুরী ও সন্দ্বীপ সোসাইটি ইউএসএ'র সভাপতি ফিরোজ আহমেদ।

সংবাদ সম্মেলনে জানানো হয় যে, মেলায় মূলধারার নির্বাচিত প্রতিনিধিরা অমন্ত্রিত থাকবেন। এবারের মেলায় প্রধান অতিথি থাকবেন বীর মুক্তিযোদ্ধা স্যার ড. আবু জাফর মাহমুদ। গেষ্ট অব অনার হিসেবে থাকবেন ডা. মোহাম্মদ হামিদুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে থাকবেন জেবিবিএ'র সভাপতি গিয়াস আহমেদ, কমিউনিটি অ্যাক্টিভিস্ট মোহাম্মদ হানিফ ও এটর্নি মঈন চৌধুরী।

পথমেলাকে সফল করতে একটি কমিটিও গঠন করা হয়েছে। এই কমিটির আহবায়ক শাহ নেওয়াজ, চেয়ারম্যান সৈয়দ এম রেজা, প্রধান উপদেষ্টা এটর্নি মঈন চৌধুরী, চীফ কোর্ডিনেটর নুরুল আজিম, আহসান হাবিব, কো-চ্যায়ারম্যান জাহাঙ্গীর আলম, ইকবাল হায়দার, সাংস্কৃতিক চেয়ারম্যান মোস্তফা অনিক রাজ এবং সদস্য সচিব ফিরোজ আহমেদ।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, অতীতের মতো এবারের মেলাও হবে নিউইয়র্কের সর্ববৃহৎ ও সুসংগঠিত পথমেলা। মেলায় বাংলাদেশের সংস্কৃতিকে তুলে ধরার লক্ষ্যে বিভিন্ন ইভেন্টের আয়োজন থাকবে। মেলায় কোভিড-১৯ সম্মাননায় ভূষিত করা হবে কমিউনিটির বিশিষ্টজনদের। প্রাতিষ্ঠানিকভাবেও দেয়া হবে সম্মাননা। বিনোদনের জন্য থাকবে প্রবাসী ও দেশের জনপ্রিয় শিল্পীদের সঙ্গীত পরিবেশন। আরো থাকবে নানান ধরণের শতাধিক স্টল।

আয়োজকদের প্রত্যাশা অতীতের মতো এবারের মেলাও প্রবাসীদের চমৎকার মিলন মেলায় পরিণত হবে এবং দেশীয় সংস্কৃতি চর্চার এক অনন্য আয়োজন হিসেবে সবাইকে আন্দোলিত করবে। মেলার সফল করার জন্য তারা কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, পৃষ্ঠপোষক, ব্যবসায়ী, দর্শনার্থীসহ মিডিয়ারও সহযোগিতা কামনা করেন।

রাষ্ট্রধর্ম নিয়ে চিল্লাচিল্লির

(শেষের পাতার পর)

এটি পছন্দ।প্রায়ত সুরঞ্জিত সেনগুপ্ত এমন একটি কথা আগেই বলেছিলেন। কেউ হয়তো বলতে পারেন, বাহাত্তরে বঙ্গবন্ধু'র বাংলাদেশের সাথে এ রায় সাংঘর্ষিক, কিন্তু এখন ২০২৪, এটি ১৯৭২ নয়। বাহাত্তর আর ফিরে আসবে না। সরকারের দিকে অঙ্গুলী হেলনে লাভ নেই, দায় সবার, কেউ দায়িত্ব পালন করেনি। ফল যা হবার তাই হয়েছে। আরো হবে? মুক্তিযুদ্ধের চেতনা, ধর্মনিরপেক্ষতা, রাষ্ট্রীয় চার স্তম্ভ সবই ধরাশায়ী হবে? শুধু চলমান থাকবে 'উন্নয়ন'।

আপনি কেমন রায় আশা করেছিলেন? আপনি জানেন না যে, ডিপিএল-এ নারী আম্পায়ারের অধীনে খেলতে আপত্তি জানিয়েছেন ক্রিকেটাররা? আপনি দেখেননি যে, লালনের গান, 'সুন্নত দিলে হয় মুসলমান, নারীর তবে কি হয় বিধান' ফেইসবুকে পোষ্ট দিয়ে এক হিন্দু শিক্ষক ইসলাম অবমাননার দায়ে গ্রেফতার হয়েছেন? আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন যে, মা-মুনুল হক-র মুক্তির পর বিশাল জনতা তাঁকে অভিনন্দন জানিয়েছে। কোন রাজনীতিকের পেছনে এত মানুষ আছে? আগে নেতা হেটে গেলে মানুষ পিছে হাঁটতো, এখন ভয়ে দূরে সরে যায়! এটিই আজকের বাংলাদেশ। দেশ রূপান্তর ক'দিন আগে খবর দিয়েছে যে, দেশ গরু-ছাগলে স্বয়ংসম্পূর্ণ।

হেফাজত আরবী ভাষা বাধ্যতামূলক করার দাবি জানিয়েছে। অন্যরাও দাবি করতে পারেন উর্দু, হিন্দী, সংস্কৃত, পালি, ফ্রেঞ্চ ও স্প্যানিশ বাধ্যতামূলক করা হোক। এতে মানুষ কিছু ভাষা শিখবে। দেশে রবীন্দ্র বিরোধিতা বাড়ছে, শিগগিরই জাতীয় সঙ্গীত পরিবর্তনের দাবি উঠবে। 'কাজীর বিচার' প্রতিষ্ঠার দাবি উঠাও সম্ভব। কার জানি একটি লেখা পড়লাম, যিনি বর্তমান সাম্প্রদায়িক পরিস্থিতির জন্যে বিএনপি-জাতীয় পার্টিকে দায়ী করে তার দায়িত্ব শেষ করেছেন। দেশে-প্রবাসে তথাকথিত প্রগতিশীল বুদ্ধিজীবীরা তাই করে থাকেন। এবং এদের জন্যেই আজকে বাংলাদেশের চেহারাটি মৌলবাদী। এঁরা ভুলে থাকতে পছন্দ করেন যে, বাহাত্তরের সংবিধান প্রতিষ্ঠা করার সুযোগ আমরা পেয়েছিলাম, করিনি।

দেশ এখন শান্ত, চলছে সুন্দরভাবে। অযথা রাষ্ট্রধর্ম নিয়ে চিল্লা-চিল্লির দরকার কি? রাষ্ট্রধর্ম থাকুক, যাতে মরণের পর রাষ্ট্রটি 'বেহেস্তে' যেতে পারে। এশিয়ার ৩শ' বিশ্ববিদ্যালয়ের মধ্যে বাংলাদেশের কোন একটি'র স্থান হয়নি। আমি যেই বিশ্ববিদ্যালয়ে পড়েছি, সেই ঢাকা ভার্সিটি নাকি এখন দেশের সবচেয়ে বড় মাদ্রাসা। দেশে আরো বড়বড় মাদ্রাসা গড়ে উঠুক। দু'দিনের এ দুনিয়ায় একটু কষ্ট হলেও পরকালে ভাল থাকার ব্যবস্থাটা পাকা হোক। ইসলামের বিজয় কেতন উড়াতে বাংলাদেশ এখন বিশ্বব্যাপী পাকিস্তানের চেয়েও সক্রিয়। দেশে এবার অনেক গরম পড়েছে, দেশটা সৌদি আরবের দিকে ধাইছে, রাষ্ট্র ব্যবস্থা সৌদি'র মতই হবে, সেটাই তো স্বাভাবিক!

নিউইয়র্ক। ১০ মে ২০২৪

E-mail: guhasb@gmail.com

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center



Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

সুবিধা বঞ্চিত নারী ও শিশুদের আর্থিক সাহায্যার্থে ক্যালগেরির মুক্তবিহঙ্গের নাটক

লায়লা নুসরাত, কানাডা থেকে: বাংলাদেশের সুবিধা বঞ্চিত নারী ও শিশুদের আর্থিক সহায়তা প্রদানের জন্য কানাডার ক্যালগেরিতে আগামী ১৮ মে মঞ্চস্থ হবে মুক্তবিহঙ্গের নাটক 'লাইফ ইন মোশন'। ব্রুককফিল্ডের ওয়াইএমসিএ এর ইভান হাজেল থিয়েটারে বিকেল সাড়ে ৫টায় অনুষ্ঠিত হতে যাচ্ছে ক্যালগেরির মুক্তবিহঙ্গ নাট্য সংগঠনের ষষ্ঠ প্রযোজনা'র এই নাটক। নাটকটির রচনা ও নির্দেশনায় রয়েছেন জাহিদ হক। নাটকটির ভাবনার সাথে সামঞ্জস্য রেখে গান নির্বাচনে রয়েছে শুভাশিস এবং মৌ।

রঙ্গিন, সাদা কালো বা সুখ দুঃখে ভরা আমাদের ক্ষণিকের এই পার্থিব জীবন। জীবনের প্রতিটি মুহূর্তই যেন এক শঙ্কা, এক প্রতিযোগিতা। শারীরিক বা মানসিক, পারিবারিক বা সামাজিক, অর্থনৈতিক বা জাগতিক যাই বলি না কেন নিজেকে নিয়ে ব্যস্ত সবাই। অথচ দিনশেষে আমরা একে অপরের ছাড়া গতিহীন। পারস্পরিক ভালোবাসার মধ্যেই নিহিত জাগতিক সুখ। ভালবাসার এই অপার শক্তি শুধু দুঃখ কষ্ট নয়, অম্লান করতে পারে পৃথিবীর সবকিছুই-যা নির্দেশক স্পষ্টভাবে নাটকে ফুটিয়ে তুলেছেন।



'মুক্তবিহঙ্গ' এর সভাপতি ও নির্দেশক জাহিদ হক গণমাধ্যমকে বলেন, ব্যক্তিগত জীবনে আমাদের সামাজিক অসংগতির শেষ নেই। জীবনের বাস্তবতা গুলোকে মুক্তবিহঙ্গ এই প্রথমবারের মতো নাটকের সাথে আবৃত্তি, নৃত্য, গান এবং শব্দ সঙ্গীতের মধ্যে দিয়ে এক ভিন্ন আঙ্গিকে পরিবেশন করবে যা ক্যালগারির সংস্কৃতি অনুরাগী দর্শকদের ভালো লাগবে।

নাটকটির সঞ্চালক ও মিডিয়া কো-অর্ডিনেটর মৌ ইসলাম গণমাধ্যমকে বলেন, ২০১৬ সালে প্রতিষ্ঠার পর মুক্তবিহঙ্গ এ বছর আট বছরে পদার্পন করলো, বরাবরের মতো এবারও আমরা অনুষ্ঠানের টিকিট বিক্রি থেকে প্রাপ্ত সকল অর্থ বাংলাদেশে সুবিধা বঞ্চিত নারী ও শিশুদের মাঝে দান করবো।

নাটকটির মিডিয়া পার্টনার আলবার্টার প্রথম বাংলা অন-লাইন পোর্টাল 'প্রবাস বাংলা ভয়েস' এবং চ্যানেল আই। নাটকটিতে আবৃত্তি ও অভিনয়ে থাকছে জাহিদ হক ও রিফাত। সংগীত পরিবেশনায়, শুভাশিশ, কেকা, অভিজিৎ, তুষার ও ইজা। গিটারে অনিক ও তুষার। নৃত্য পরিবেশনায় থাকছেন সানন্দা, শুভজিৎ, শিল্পী, আলতা, জ্যোতি, তৃণা, ও লিডিয়া। আলোক নিয়ন্ত্রণে থাকছে সানভি। নাটকটির গ্র্যান্ড স্পন্সর ইকবাল রহমান।

শুধু বিনোদনই নয়, বাংলাদেশের পথশিশুদের গত আট বছর ধরে নিয়মিত আর্থিক সহযোগিতা দিয়ে আসছে মুক্তবিহঙ্গ। সমাজের অসঙ্গতিগুলোকে দূর করে সচেতনতার মাধ্যমে মানব সেবার প্রত্যয় নিয়ে ক্যালগেরির একদল উদ্যমী তরুণ 'মুক্তবিহঙ্গ' নামে থিয়েটারের মাধ্যমে প্রতিবছর নিয়ে আসছে তাদের নতুন নতুন প্রযোজনা। এ প্রযোজনা থেকে যে অর্থ সংগৃহীত হচ্ছে তার সবই চলে যায় বাংলাদেশে অবস্থিত সুবিধা বঞ্চিত নারী ও শিশুদের আশ্রয় কেন্দ্রে। বিগত বছরগুলোতে তারা পথ শিশুদের কম্পিউটার প্রশিক্ষণ এবং সাংস্কৃতিক কর্মকান্ডের জন্য প্রায় পাঁচ লাখ টাকা সহায়তা করেছেন।

কানাডার সিটি অফ ক্যালগারি দশ বছরের জন্য মুক্তবিহঙ্গ 'বেঙ্গলি থিয়েটার'- নামটি ক্যালগেরির ডাউন-টাউন এ অবস্থিত পাবলিক লাইব্রেরিতে খোদাই করে লেখা থাকবে।





মৌলভীবাজার ডিষ্ট্রিক এসোসিয়েশনের যৌথ সভা অনুষ্ঠিত হয়

নিউইয়র্ক: মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক'র কার্যনির্বাহী কমিটি, বোর্ড অব ট্রাষ্টি ও উপদেষ্টা এবং নির্বাচন কমিশনের সমন্বয়ে এক যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। গত ৫ মে রোববার, এস্টোরিয়াস্থ জালালাবাদ ভবনে এই সভা অনুষ্ঠিত হয়। এসোসিয়েশনের সভাপতি ফজলুর রহমানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মিজানুর রহমানের পরিচালনায় অনুষ্ঠিত সভায় দোয়ার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়।

সভার শুরুতেই সংগঠনের সম্পাদিকা রুবিয়া বখত ও সহ সাধারন সম্পাদক জুয়েল খাঁনের বাবাসহ তাদের দ্রুত সুস্থতার জন্য দোয়া করা হয়। এছাড়াও মনজুর চৌধুরী জগলুলর ভগ্নীপতি ও জাবেদ উদ্দিনের মাতা এবং কমিউনিটি ও কমিটির ব্যক্তিবর্গের মৃত্যুতে, রুহের আত্মার মাগফেরাত কামনা করে দোয়ার করা হয়। সভায় কয়েকটি গুরুত্বপুর্ন সিদ্ধান্ত নেয়া হয়। তন্মধ্যে এসোসিয়েশনের আসন্ন নির্বাচনের তারিখ, ভোটার তালিকা, সাধারণ সভার তারিখ, বনভোজনের তারিখ নির্ধারন করা হয়।

সভায় এসোসিয়েশনের বোর্ড অব ট্রাষ্টির চেয়ারম্যান সৈয়দ শওকত আলী, উপদেষ্টা পরিষদের সদস্য শাহ রকিব আলী, মওলানা সাইফুল আলম সিদ্দিকী, সোফিয়ান চৌধুরী মজির উদ্দিন চৌধুরী, মদব্বির হোসেন, নির্বাচন কমিশনের সদস্য মজাহেদ হোসেন দুলাল, সিনিয়র সহ সভাপতি মাসুক মিয়া, কোষাধক্ষ কামরুল হোসেন, সাংগঠনিক সম্পাদক মইনুর রহমান সোয়েব, মোহাম্মদ এ খায়ের, মুক্তাদির হোসেন মঈনুল ইসলাম, আজম চৌধুরী সায়ের, হেলালুর রহমান খান, খলিলুর রহমান, বাবু বকুল পাল প্রমুখ উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।

বোস্টনে নিজ বাড়ি থেকে মরদেহ উদ্ধার

প্রধানমন্ত্রী শেখ হাসিনার বান্ধবী নাসিম পারভীনের দাফন সম্পন্ন

বাংলা পত্রিকা ডেস্ক: প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘনিষ্ঠ বান্ধবী ও নিউ ইংল্যান্ড মহিলা আওয়ামী লীগের সভাপতি এবং সাবেক পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সাবেক স্ত্রী নাসিম পারভীনের (৬৬) নামাজে জানাজা শেষে তার মরদেহ বস্টনের কবর স্থানে শনিবার (১১ মে) দাফন করা হয়েছে। এর আগে নাসিম পারভীনের মরদেহ তাঁর বোস্টনের নিজ বাড়ি থেকে উদ্ধার করে পুলিশ। গত ৭ মে মঙ্গলবার বিকেলে যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের বোস্টনের নিকটস্থ শহর ওয়েষ্ট রক্সবুরির নিজ বাড়ির দরজা ভেঙ্গে পুলিশ তার মরদেহ উদ্ধার করে। দীর্ঘদিন ধরে তিনি ওই বাড়িতে একাই বসবাস করতেন।



বোস্টন থেকে প্রাপ্ত খবরে জানা গেছে, ময়না তদন্ত শেষে গত ৯ মে বৃহস্পতিবার রাতে ওয়েস্ট রক্সবুরির পুলিশ তার মরদেহ হস্তান্তর করলেও মৃত্যুর সঠিক কারণ এখনো জানা যায়নি। তবে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধের ফলে তাঁর মৃত্যু হয়েছে বলে অনেকেই ধারণা করছেন।

নাসিম পারভীনের একমাত্র ছেলে রাজীব মোমেন মিডিয়াকে জানান, তার প্রয়াত মা নাসিম পারভীনের নামাজে জানাজা শনিবার (১১ মে) সকালে স্থানীয় শ্যারন মসজিদে অনুষ্ঠিত হয়। জানাজা শেষে বোস্টনের নলউড মেমোরিয়াল পার্কে দাফন করা হয়।

বোস্টনের আওয়ামী লীগ নেতা ওসমান গণি জানান, নাসিম পারভীনের ১ ছেলে ও ১ মেয়ে ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের অন্যান্য শহরে থাকেন। উভয়ের ব্যস্ততার কারণে মাঝে মধ্যে মায়ের সাথে দেখা হতো। সর্বশেষ মায়ের সাথে তাদের ফোনে কথা হয় ২ মে বৃহস্পতিবার। এরপর অনেক চেষ্টা করেও তারা আর মাকে ফোনে পাননি। এতে তাদের সন্দেহ হলে গত ৭ মে মঙ্গলবার বিকেলে ওয়েষ্ট রক্সবুরির বাসায় গিয়ে কলিং বেল টিপে এবং দরজায় ধাক্কা দিয়ে সাড়া না দিলে পুলিশে খবর দেন তাঁর ছেলে। পুলিশ এসে দরজা ভেঙ্গে নাসিম পারভীনের মরদেহ উদ্ধার করে স্থানীয় হাসপাতালের মর্গে পাঠায়।

ওসমান গণি জানান, নাসিম পারভীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘনিষ্ঠ বান্ধবী ছিলেন। বেশ কয়েক বছর আগে জাতিসংঘের অধিবেশনের জন্য প্রধানমন্ত্রী নিউইয়র্কে এলে নাসিম পারভীনের সাথে দেখা হয়। উভয়ে আলিঙ্গন করে কুশল বিনিময় করেন। নাসিম পারভীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘনিষ্ঠ বান্ধবী হলেও তাদের দেখা হয়েছিল ৩০ বছর পর।

বোস্টন প্রবাসী নাসিম পারভীন সাবেক পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সাবেক স্ত্রী। তাঁদের বিবাহ বিচ্ছেদের পর নাসিম পারভীন ১ ছেলে ও ১ মেয়ে নিয়ে ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের (বোস্টনের নিকটস্থ) ওয়েষ্ট রক্সবুরির বাড়িতে দীর্ঘদিন ধরে বসবাস করতেন। পরে ছেলে-মেয়েরা চাকুরির জন্য অন্যান্য শহরে বসবাস শুরু করলে তিনি ওই বাড়িতে একাই থাকতেন।

নাসিম পারভীন নিউ ইংল্যান্ড (বোস্টন) মহিলা আওয়ামী লীগের সভাপতির আগে স্থানীয় আওয়ামী লীগের সহ সভাপতি ছিলেন। নাসিম পারভীনের মৃত্যুর খবরে বোস্টনের প্রবাসী বাংলাদেশীদের মাঝে শোকের ছায়া নেমে এসেছে।

উল্লেখ্য, নাসিম পারভীনের দেশের বাড়ি পাবনা জেলায়। তাঁর বয়স হয়েছিল ৬৬ বছর। তিনি ১৯৫৮ সালে বাংলাদেশের ঢাকায় জন্মগ্রহনকারী তার বাবার নাম আতিয়ার রহমান বিশ্বাস আর মায়ের নাম শাহারা বেগম। দেশে তাঁর তিন ভাই রয়েছে। তারা হলেন শাহরিয়ার রহমান, নেশাত রেজা এবং মুস্তাক রুমি। তিনি ছিলেন তাদের একমাত্র বোন। তিনি দুই সন্তান রাজীব মোমেন ও লামিয়া-কে নিয়ে সান ম্যাসাচুসেটসে বসবাস করছিলেন।

